The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 899 | 05 December 2025 | শুক্রবার ২০ অগ্রহায়ণ ১৪৩২



MRI shows Trump in 'excellent' cardiovascular health: physician
→ Page 19

ICE protesters clash with cops at China Town: Bangladeshi Business
→ Page 18



One New York resident moves from the state every 2 minutes
→ Page 18

When American dream turns into a nightmare
→ Page 19


# খালেদা জিয়ার গন্তব্য লন্ডনে

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*



অসুস্থতায় জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। দেশী-বিদেশী চিকিৎসক দলের চেষ্টায় তাঁর অবস্থার তেমন কোনও উন্নতি হয়নি। মেডিকেল বোর্ড খালেদা জিয়াকে বিদেশে নেবার অনুমতি দিলে তোড়জোড় শুরু হয়। কাতারের আমিরের পাঠানো বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সটি কারিগরি ত্রুটির কারণে পৌঁছাতে বিলম্ব হয়েছে। এই রিপোর্ট যখন 'আজকাল' পাঠকগণ পড়বেন; তখন খালেদা জিয়াকে বহনকারী বিমানটি লন্ডনের পথে আকাশে থাকার কথা। লন্ডনে তার পুত্র তারেক রহমান মাকে বরণ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষমান। এর আগে তারেক রহমান মায়ের জন্যে জন হপকিনস বিশ্ববিদ্যালয় থেকে বিশেষজ্ঞ চিকিৎসক দল পাঠিয়েছেন। খালেদা জিয়ার সংকটজনক অবস্থার মধ্যেও তার ছেলে তারেক রহমান পাশে নেই কেন- এটা নিয়ে বিতর্ক হয়েছে। তারেক রহমান আসলে আবেগের চেয়ে দায়িত্বকে প্রাধান্য দিয়েছেন। তিনি বাংলাদেশে এলে হাজার হাজার মানুষ বাঁধভাঙা জোয়ারের মতো ছুটে এসে তারেক রহমানকে শুভেচ্ছা জানাতো। সকল দৃষ্টি তখন তারেকের দিকে পড়লে তিনি চিকিৎসা সহায়তার প্রতি মনযোগ দিতে পারতেন না। তাই আবেগকে সংবরণ করে তিনি নিজেকে দেশে আসা থেকে বিরত থেকে বিদেশী চিকিৎসকদের পাঠানোর প্রতি মনযোগ দিলেন। লন্ডনে হাসপাতাল ঠিক করার কাজও তিনি নিজেই করেছেন।

খালেদা জিয়া গত ২৩ নভেম্বর হঠাৎ অসুস্থ হয়ে বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত এভারকেয়ার হাসপাতালে ভর্তি হন। তার অবস্থার ক্রমেই অবণতি ঘটে। তখন থেকে গোটা দেশে দুশ্চিন্তার কালো মেঘ ছেয়ে যায়। খালেদা জিয়াকে সবাই আপোষহীন নেত্রী হিসাবে শ্রদ্ধা করেন। নব্বইয়ের দশকে স্বৈরাচারবিরোধী আন্দোলনে তিনি কখনই আপোষ করেননি। তিনি তার ↘ এরপর ৪৫ পৃষ্ঠায়

মন্তব্য কলাম

## তারেকের দেশপ্রেম, মাতৃভক্তি ও বিদেশি নাগরিকত্ব!



**আনোয়ার হোসেইন মঞ্জু**

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ার-পারসন তারেক রহমান যুক্তরাজ্যে যাওয়ার পর রাজনৈতিক আশ্রয় পেয়েছিলেন বলে জানা গেলেও বর্তমানে তিনি কোন স্ট্যাটাসে সেখানে আছেন, তা তার পরিবারের বাইরে তেমন কেউ জানেন বলে মনে হয় না। তিনি যুক্তরাজ্যের নাগরিকত্ব গ্রহণ করে ওই দেশের পাসপোর্ট গ্রহণ করেছেন কিনা, সে সম্পর্কেও বিএনপি অথবা ভারপ্রাপ্ত চেয়ারপারসনের কোনো ব্যাখ্যা পাওয়া যায়নি। তারেক রহমানের মা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থা সংকটজনক। তিনি জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে আছে, এমনও বলা ↘ এরপর ৪৫ পৃষ্ঠায়

## মামদানির প্রশাসনে কাজে আগ্রহী ৭০ হাজার আবেদন

### এডামস প্রশাসনের ১৮০ কর্মচারির বিদায়



**আজকাল রিপোর্ট**

১ জানুয়ারির আগেই বিদায়ী মেয়র এরিক এডামস প্রশাসনের ১৮০ জন কর্মচারিকে বিদায় নিতে হচ্ছে। ইতোমধ্যেই ↘ এরপর ৪৭ পৃষ্ঠায়

## ওয়ার্ক পারমিট মেয়াদ ৫ বছরের স্থলে ১৮ মাস

**আজকাল রিপোর্ট**

ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) ওয়ার্ক পারমিটের বৈধতার সময়কাল ৫ বছর থেকে কমিয়ে ১৮ মাস করার জন্য ম্যানুয়াল আপডেট করেছে। এই পরিবর্তন ↘ এরপর ৪৭ পৃষ্ঠায়

## আশ্রয়প্রার্থী অনেক বাংলাদেশি ফিরে যাচ্ছেন

যুক্তরাষ্ট্রে এসাইলাম আবেদন স্থগিত : ৩০ দেশের নাগরিকদের ভিসা নয় : বেনিফিট বাতিল : ইমিগ্রেশন কোর্টে গেলেই গ্রেফতার

**আজকাল রিপোর্ট**



এসাইলাম আবেদন গ্রহন স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। পেন্ডিআবেদন ফাইলে চিরুণী বাছাই হচ্ছে। ফাইলের প্রতিটি ঘটনা ও তথ্য খুঁটিয়ে খুঁটিয়ে দেখা হচ্ছে। রাজনৈতিক বিবেচনায় এসাইলাম আবেদনগুলো নাকচ হচ্ছে দ্রুতগতিতে। ইমিগ্রেশন কোর্টে হেয়ারিং এর জন্য গেলেও আবেদনকারীদের ইমিগ্রেশন পুলিশ (আইস পুলিশ) গ্রেফতার করছে। ভয়ে অনেকে কোর্টে যাচ্ছেন না। ইতোমধ্যেই এসাইলাম আবেদনকারী অনেক বাংলাদেশি স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ত্যাগ করেছেন। গত ৩ ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়



































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# যুক্তরাষ্ট্রে ১৯ দেশের অভিবাসন কার্যক্রম স্থগিত

আজকাল রিপোর্ট




যুক্তরাষ্ট্র সরকার ১৯ দেশের অভিবাসন সংক্রান্ত সব ধরনের কার্যক্রম বন্ধ করে দিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত মঙ্গলবার (২ ডিসেম্বর) এমন তথ্য জানান। এরফলে ওইসব দেশের নাগরিকরা আর যুক্তরাষ্ট্রের গ্রিণ কার্ড ও নাগরিকত্ব পাবেন না। এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে ১৯ দেশের নাগরিকদের ওপর, যারা এরই মধ্যে আংশিক ভ্রমণ নিষেধাজ্ঞার আওতায় ছিলেন। গত বুধবার প্রকাশিত এক স্মারকে যে ১৯টি দেশের নাম প্রকাশিত হয়েছে, সেই দেশগুলো হচ্ছে আফগানিস্তান, মিয়ানমার, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, ইকুয়াটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান এবং ইয়েমেনদের ওপর জুনে সবচেয়ে কঠোর বিধিনিষেধ, এমনকি প্রায় সম্পূর্ণ প্রবেশ নিষেধাজ্ঞা পর্যন্ত আরোপ করা হয়েছিল।

বাকি দেশগুলোর মধ্যে রয়েছে বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান এবং ভেনেজুয়েলা। যারা জুনে আংশিক ভ্রমণ নিষেধাজ্ঞার আওতায় পড়েছিল। নতুন নীতিতে এসব দেশের নাগরিকদের সব আবেদন স্থগিত করা হয়েছে এবং নির্দেশ দেওয়া হয়েছে যে প্রতিটি আবেদনকারীর ওপর সম্পূর্ণ পুনঃপর্যালোচনা চালাতে হবে। প্রয়োজনে সাক্ষাৎকার বা পুনঃসাক্ষাৎকারও হতে পারে, যাতে জাতীয় নিরাপত্তা ও জননিরাপত্তা ঝুঁকি মূল্যায়ন করা যায়।

স্মারকে আরও বলা হয়েছে, সাম্প্রতিক সময়ে অভিবাসীদের দ্বারা সংঘটিত কয়েকটি অপরাধের ঘটনাও এই সিদ্ধান্তে ভূমিকা রেখেছে। গত সপ্তাহে ওয়াশিংটন ডিসিতে ন্যাশনাল গার্ডের দুই সদস্যকে লক্ষ্য করে গুলি এরপর ২৪ পৃষ্ঠায়



# মেরী জোবাইদাকে সিনেটর জন ল্যুর এনড্রোর্সমেন্ট

আজকাল রিপোর্ট

সিটি মেয়র মামদানির ছেড়ে আসা নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৯-এর আগামী নির্বাচনে প্রার্থী মেরী জোবাইদাকে এনড্রোর্স করেছেন স্টেট সিনেটর জন সি ল্যু। গত ২৮ নভেম্বর এস্টোরিয়ার ৩৫ এভিনিউস্থ আলাদীন রেস্টুরেন্টের সামনে আয়োজিত এক নির্বাচনী সমাবেশে জন ল্যু মেরী জোবায়দাকে এনড্রোর্স করেন। এসময় বিপুল করতালির মাধ্যমে স্থানীয় বাসিন্দারা উভয়কে স্বাগত জানান।

সমাবেশে জন ল্যু মেরী জোবাইদাকে একজন ভালো মা ও শিক্ষক এবং অনেক গুণ সম্পন্ন একজন মানুষ হিসেবে আখ্যা এরপর ১৫ পৃষ্ঠায়

# খালেদা জিয়ার জন্য দোয়া চেয়েছে যুক্তরাষ্ট্র বিএনপির নেতারা

আজকাল রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রী ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনায় যুক্তরাষ্ট্রসহ সকল প্রবাসী ও দেশবাসীর প্রতি দোয়ার আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্র বিএনপির শীর্ষ নেতৃত্ব।

গত ২ ডিসেম্বর গণমাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া দেশের মানুষের অধিকার ও গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে সারাজীবন কাজ করে গেছেন। আজ তিনি গুরুতর অসুস্থ। তাঁর সুস্থতা শুধু বিএনপির নয়, গোটা জাতির প্রত্যাশা। আমরা যুক্তরাষ্ট্র সহ সকল প্রবাসী বাংলাদেশীদের ও দেশবাসীর কাছে বিনীতভাবে অনুরোধ করছি। আপনারা তাঁর জন্য দোয়া করুন, যেন মহান আল্লাহ তাঁকে দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু দান করেন।

এ বিবৃতি দিয়েছেন বিএনপি কেন্দ্রীয় বিএনপির নির্বাহী সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান এরপর ১৫ পৃষ্ঠায়

# উনবাঙালে মাসিক একক সঙ্গীতের আয়োজন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে নিবন্ধিত শিল্প-সাহিত্যের সংগঠন উনবাঙাল এর ৬৩ তম সভায় গত ২২ নভেম্বর যুক্ত হয় একক সঙ্গীতানুষ্ঠান। এই আয়োজনের প্রথম শিল্পী হিসেবে আমন্ত্রণ পান শিল্পী মিতা হোসেন। মিতা হোসেন উনবাঙালের একজন নিয়মিত সদস্য, তিনি সঙ্গীত বিভাগের উপপ্রধান হিসেবে গত এক বছর ধরে দায়িত্ব পালন করছেন। 'শুদ্ধ শিল্পের নিবিড় চর্চা' এই স্লোগানকে সামনে রেখে গত এক যুগ ধরে নিউইয়র্কে বাংলা শিল্প ও সাহিত্যের চর্চা করছে উনবাঙাল। এরই ধারাবাহিকতায় একটি নতুন কার্যক্রম মাসিক একক সঙ্গীত সন্ধ্যা শুরু হলো। মিতা হোসেন সোনালী যুগের বেশ কিছু গান পরিবেশন করে দর্শকদের মুগ্ধ করে রাখেন। আগামী ১৩ ডিসেম্বর বাংলাদেশের এরপর ১৪ পৃষ্ঠায়




# নরসিংদী সরকারী কলেজ এলামনাই নতুন কমিটি

আজকাল রিপোর্ট

নরসিংদী সরকারী কলেজ এলামনাই এসোসিয়েশনের (২০২৬-২০২৭) নতুন কমিটি গঠন করা হয়েছে। নির্বাচন অনুষ্ঠানের পুর্বে নরসিংদী সরকারি কলেজ এলামনাই এসোসিয়েশন ইনক এর বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সংগঠনের সভাপতি ইকবাল এ ভুঁইয়া সভাপতিত্ব করেন ও সাংগঠনিক সম্পাদক খন্দকার সুমন সাধারণ সভা পরিচালনা ও গত কমিটির আর্থিক হিসাব প্রদান করেন। ফিরোজ আহমেদ সভাপতি, খন্দকার সুমন সাধারণ সম্পাদক, বি এম মাসুদ সিনিয়র সহসভাপতি সহ ২৫ সদস্য বিশিষ্ট কমিটি এরপর ১৪ পৃষ্ঠায়

# নিউইয়র্ক মহানগর আ. লীগের কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক মহানগর আওয়ামীলীগের কার্যকরী কমিটির সভা গত ৩০ নভেম্বর রবিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ইউজি রেস্টুরেন্ট মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহানগর আওয়ামীলীগের সভাপতি মো. রফিকুর রহমান। সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরীর সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, উপদেষ্টা জয়নাল আবেদীন, উপদেষ্টা নুরুল আফসার সেন্টু।

সভার মুল আলোচ্য বিষয় ছিল আগামী ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন ও সাংগঠনিক কার্যক্রম জোড়ালো করণ। মুল বিষয়ের উপর বক্তব্য রাখেন সহসভাপতি এন আমিন, এরপর ১৫ পৃষ্ঠায়




# কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের থ্যাঙ্কসগিভিং ডে উদযাপন

আজকাল রিপোর্ট

উৎসমুখর পরিবেশে কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা থ্যাঙ্কসগিভিং ডে উদযাপন করেছে। এ উপলক্ষ্যে গত ২৭ নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় এস্টোরিয়ার হ্যালো বাংলাদেশ রেষ্টুরেন্টে শুভেচ্ছা বক্তব্য, সঙ্গীত ও টার্কি ভোজের আয়োজন করে। বিপুল সংখ্যক প্রবাসী কিশোরগঞ্জবাসী সপরিবারে অংশ নেয়ায় অনুষ্ঠানটি মিলনমেলায় পরিণত হয়। এছাড়াও বিভিন্ন জেলার বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এসোসিয়েশনের চেয়ারম্যান মোহাম্মদ এবাদুল হকের এরপর ১৪ পৃষ্ঠায়

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE
GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

Naresh Gehi, Esq.
ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।
• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?
আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.
আমরা ৭ দিন খোলা
We are open 7 days
Call: 718-263-5999

Suryia Rahman, Esq
• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# জাতীয় সংসদ নির্বাচন ও বাংলাদেশের জনগণ

রাজনীতি কোন পথে যাত্রা করেছে, তা কি সাধারণ মানুষ বুঝতে পারছে? যে রাজনৈতিক দলগুলো রাজনীতির মাঠে সক্রিয়, তারা নির্বাচনের জন্য কতটা তৈরি হয়ে আছে, তা নিয়ে সংশয় এখনো কাটছে না। বলা হচ্ছে, ১০ ডিসেম্বরে নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। রমজানের আগেই ৮ ডিসেম্বর নির্বাচন সুসম্পন্ন হবে বলে অনেকেই আশা প্রকাশ করছেন। সবকিছু স্বাভাবিক থাকলে দেশের মানুষ ভোটকেন্দ্রে হাজির হয়ে নিজের পছন্দমতো ভোট দেবেন।

রাজনীতি নিয়ে দেশের জনগণ বেশ দ্বিধাগ্রস্ত হয়ে রয়েছে। একই দিনে সংসদ নির্বাচন এবং গণভোটের কারণে কিছুটা সমস্যা দেখা দিতে পারে। সাধারণ মানুষকে দুই রকম ভোট একই সঙ্গে দেওয়ার বিষয়টি ঠিকঠাকভাবে বোঝানো যাবে কি না, তা নিয়েও প্রশ্ন রয়েছে। বিগত সময়ে নির্বাচন নিয়ে নানা ধরনের দুঃখজনক ঘটনা ঘটেছে, তাই এবার যেন ভোটার নিজের ভোটটি ইচ্ছেমতো দিতে পারেন, সে রকম একটি পরিবেশ সৃষ্টি করে দেওয়া প্রয়োজন। গণভোটের প্রসঙ্গ নিয়েও অনেক ধরনের তর্কবিতর্ক হচ্ছে। গণভোটে চারটি প্রশ্ন থাকায় কেউ যদি তিনটির পক্ষে থাকে এবং একটির বিপক্ষে থাকে, কিংবা দুটির পক্ষে থাকে এবং দুটির বিপক্ষে থাকে, তাহলে ভোটার 'হ্যাঁ' নাকি 'না' ভোট দেবেন, তা নিয়েও অনিশ্চয়তা সৃষ্টি হতে পারে। নির্বাচন কমিশন নিশ্চয়ই এ বিষয়টির দিকে খেয়াল রাখবে।

> অনেক ব্যবসায়ী ও অর্থনীতিবিদের মতে, রাজনৈতিক অস্থিরতা, নীতি-অস্পষ্টতা এবং ব্যাংকিং বা মনিটারি সমস্যার কারণে বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস কমেছে। সেই আত্মবিশ্বাস পুনরুদ্ধার করা একান্ত জরুরি। দেশের অর্থনৈতিক স্বাস্থ্য যেন পূর্ণ নিরাময়ের গ্যারান্টি পায়, তা নিশ্চিত করা দরকার। তবে এ কথাও ঠিক, রপ্তানি, রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক পরিবর্তন ঘটেছে, যা দেশের অর্থনীতিকে কিছুটা সুসংবাদ দেয়। সাধারণ খেটে খাওয়া মানুষ দুর্নীতি করে না। তারা দুবেলা দুমুঠো খেতে পেলেই শান্তি পায়। নির্বাচনের মাধ্যমে সে শান্তির পরিবেশ সৃষ্টি করতে পারলে রাজনৈতিক বিজয় অর্জিত হবে

নির্বাচনী তফসিল ঘোষণার আগেই বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে হানাহানি বেড়ে গেছে। কোনো কোনো দলের কোনো কোনো নেতা যে ভাষায় কথা বলছেন, তাকে কোনোভাবেই গণতান্ত্রিক প্রকাশভঙ্গি বলা যাবে না। এলাকায় আধিপত্য বিস্তারের নানা ধরনের চেষ্টা দেখা যাচ্ছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ অবস্থায় ঠিক কাজটি করতে পারছে কি না, তা নিয়ে রয়েছে প্রশ্ন। এলাকার রাজনৈতিক দলগুলো পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ হারিয়ে ফেললে নির্বাচনে তার প্রভাব পড়তে পারে।

দেশের সাধারণ জনগণ নিজের ইচ্ছায় নিরাপদে নিজের ভোটটি দিতে চাইছে। জনগণের মনে সত্যিকার সাহস জোগানোর কাজটি এখন খুবই জরুরি কাজে পরিণত হয়েছে। নির্বাচন উৎসবমুখর পরিবেশে করা যাবে কি না, তা নির্ভর করছে এ সময়টিতে সেভাবে নির্বাচনের জন্য প্রস্তুত হওয়া যাচ্ছে কি না, তার ওপর। প্রস্তুতিতে সমস্যা যেন না থাকে, তার দায়িত্ব নিতে হবে নির্বাচন কমিশনকে।

নির্বাচিত সরকার ক্ষমতায় এলে বিনিয়োগ, বিশেষ করে বিদেশি বিনিয়োগ নিয়ে যে অস্থিরতা রয়েছে, তা কেটে যাবে বলে মনে করে অভিজ্ঞ মহল। অনেক ব্যবসায়ী ও অর্থনীতিবিদের মতে, রাজনৈতিক অস্থিরতা, নীতি-অস্পষ্টতা এবং ব্যাংকিং বা মনিটারি সমস্যার কারণে বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস কমেছে। সেই আত্মবিশ্বাস পুনরুদ্ধার করা একান্ত জরুরি। দেশের অর্থনৈতিক স্বাস্থ্য যেন পূর্ণ নিরাময়ের গ্যারান্টি পায়, তা নিশ্চিত করা দরকার। তবে এ কথাও ঠিক, রপ্তানি, রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক পরিবর্তন ঘটেছে, যা দেশের অর্থনীতিকে কিছুটা সুসংবাদ দেয়।

সাধারণ খেটে খাওয়া মানুষ দুর্নীতি করে না। তারা দুবেলা দুমুঠো খেতে পেলেই শান্তি পায়। নির্বাচনের মাধ্যমে সে শান্তির পরিবেশ সৃষ্টি করতে পারলে রাজনৈতিক বিজয় অর্জিত হবে।

# জাতীয় নির্বাচন ঘিরে এখনও কেন শঙ্কা

মাহবুব আজীজ



চব্বিশের গণঅভ্যুত্থানের পর দেশের রাজনীতিতে সবচেয়ে কাঙ্ক্ষিত ও উচ্চারিত দুটি বিষয়- সংস্কার ও জাতীয় নির্বাচন। জাতীয় ঐকমত্য কমিশন ৩০টি রাজনৈতিক দলের সঙ্গে ৯ মাসেরও বেশি সময়জুড়ে আলোচনার পর সংস্কার প্রস্তাব পেশ করে। সেই অনুসারে গণভোট ও সংসদ নির্বাচন একই দিন হবে বলে সরকার সিদ্ধান্ত জানিয়েছে। বিএনপি, জামায়াতসহ অন্যান্য রাজনৈতিক দল নিজেদের প্রার্থী মনোনয়ন দিতে শুরু করেছে। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে তপশিল ঘোষিত হবে বলে ইসি সূত্রে জানা গেছে। প্রধান উপদেষ্টা থেকে সরকারের বিভিন্ন ব্যক্তি নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধে হবে বলে বারংবার ঘোষণা দিয়ে এমনও বলেছেন, 'পৃথিবীর ইতিহাসে সবচেয়ে সুন্দর নির্বাচন হতে যাচ্ছে।' কিন্তু নির্বাচনের ঘোষিত সময়ের দুই মাস দূরত্বেও নির্বাচন ঘিরে শঙ্কা ও প্রশ্ন কমছে না।

এর মধ্যে রোববার সকালে খুলনার আদালতপাড়ায় প্রকাশ্যে হেঁটে এসে মাথায় পিস্তল ঠেকিয়ে গুলি ও কুপিয়ে হত্যা করা হয়েছে দুই যুবককে। খুলনায় ১৬ মাসে ৪৮ খুন হয়েছে; নভেম্বরেই ৭। আইনশৃঙ্খলার এই বিপর্যস্ত পরিস্থিতি কেবল খুলনাতে নয়, দেশের নানা প্রান্তে দেখা যাচ্ছে। বিরোধী রাজনৈতিক দলগুলোর দ্বন্দ্বে যেমন, তেমনি দলীয় অন্তর্দ্বন্দ্বেও নেতাকর্মী খুন-জখম হচ্ছেন। প্রশাসন ও পুলিশের তৎপরতা নিয়ে অভিযোগেরও সুরাহা হচ্ছে না। সর্বশেষ মানিকগঞ্জে বাউল আবুল সরকারের গ্রেপ্তারের ঘটনায় প্রতিবাদী বাউলদের ওপর উগ্রবাদীদের হামলাসহ নানা স্থানে মব সন্ত্রাসে পুলিশের নির্বিকার ভূমিকা নতুন নতুন প্রশ্ন সামনে এনেছে।

> দেশে জগদ্দল পাথরের মতো চেপে থাকা স্বৈরাচার পতনের পর থেকে সকলের আকুল অপেক্ষা মুক্ত গণতন্ত্রের জন্য। এ লক্ষ্যে নির্বাচন ঘনিয়ে আসার কালে আনন্দমুখর কলকাকলিতে মেতে ওঠার কথা সারাদেশ। তার বদলে বহু শঙ্কা ও সংশয় কালো মেঘের মতো জাতির আকাশে ঘনায়মান। এই মেঘ সরিয়ে সূর্য্যের দেখা পাবার জন্য জাতির যূথবদ্ধ চেষ্টায় নেতৃত্ব দিতে হবে অন্তর্বর্তী সরকারকে। মেঘ সরানোর প্রধান পদক্ষেপও সরকারকে নিতে হবে। সরকার কি সেই পথে এগোবে? জাতি তা দেখবার জন্য অধীর অপেক্ষায়

আওয়ামী লীগ সরকারের আমলে ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে পরপর তিনটি ছলচাতুরীর নির্বাচনের প্রধান শক্তি ছিল দলীয় প্রশাসন ও পুলিশ। অন্তর্বর্তী সরকারের সময় তাদের শনাক্ত করে শাস্তির উদ্যোগ নেই। যথার্থ বটে, সরকারের নির্দেশ প্রশাসন ও পুলিশ মানতে বাধ্য; কাজেই শাস্তি হতে হবে সরকারের নীতিনির্ধারকদের। তাহলে বর্তমানে নানা ক্ষেত্রে পুলিশের নির্বিকারত্বও কি সরকারের সিদ্ধান্ত? পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে হলে পুলিশের কার্যক্রম আরও সক্রিয় ও সুনির্দিষ্ট করতে উদ্যোগী হতে হবে সরকারকে। লটারিতে এসপি পদায়ন ও বদলিই কেবল সমাধান নয়, নির্বাচনের আগে ও নির্বাচনকালে আইনশৃঙ্খলা রক্ষায় প্রশাসন ও পুলিশের সর্বাত্মক সক্ষমতা ব্যবহারে কার্যকর উপায় খুঁজে বের করতে হবে। প্রয়োজন অনুযায়ী পুরস্কার ও তিরস্কারের ব্যবস্থা করে পুলিশ ও প্রশাসনকে চাঙ্গা রাখার দায়িত্ব সরকারকে দ্রুত নিতে হবে।

নির্বাচন কমিশন নিয়েও প্রশ্ন কম নেই। সামগ্রিক নির্বাচনী বন্দোবস্ত- সহিংসতা ও বিভিন্ন চ্যালেঞ্জ প্রতিরোধের জন্য যে লোকবল, প্রযুক্তিগত সহায়তা, আইনগত সক্ষমতা ও প্রাতিষ্ঠানিক দৃঢ়তা প্রয়োজন; এর কোনো কিছুই নির্বাচন কমিশনে দেখা যায় না। বরং বিগত দিনে সরকারের অনুগত কণ্ঠস্বর হিসেবেই নির্বাচন কমিশনকে দেখা গিয়েছে। বর্তমান কমিশন এখনও তাদের স্বাতন্ত্র্য প্রমাণ করতে পারেনি। কিছুদিনের মধ্যেই তাদের অগ্নিপরীক্ষার মুখোমুখি হতে হবে: তপশিল ঘোষণা এবং সব দলের জন্য সমতল মাঠ প্রস্তুত করতে হবে। কেন্দ্রে গোলযোগ হলে তাৎক্ষণিক ভোট বাতিলসহ প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হবে। বিগত নির্বাচনগুলোয় প্রার্থীরা মনোনয়নপত্র বা হলফনামায় মিথ্যা বা জাল তথ্য উপস্থাপন করলেও কমিশনের কার্যকর ভূমিকার দেখা মেলেনি। এ বিষয়ে এবারের কমিশনের প্রস্তুতিবার্তা এখনও মেলেনি। প্রার্থীদের অসত্য তথ্যসহ আচরণবিধি ও শৃঙ্খলা ভঙ্গের ক্ষেত্রে কমিশন কী পদক্ষেপ নিতে সক্ষম, তার ওপর নির্বাচনের সাফল্য অনেকখানি নির্ভর করছে। আইনশৃঙ্খলার নাজুক পরিস্থিতি আমলে নিয়ে দেশের ৩০০ আসনে এক দিনে নির্বাচনের বদলে আট বিভাগে আট দিনে নির্বাচনের চিন্তা করা যেতে পারে। এতে বিশৃঙ্খলা রুখে দেওয়া সহজ হতে পারে। অবশ্য কমিশন কি আদৌ আইনশৃঙ্খলার নাজুক পরিস্থিতির এরপর ২৪ পৃষ্ঠায়

# অমোঘ নিয়তির মুখোমুখি বাতিঘর

ইলিয়াস হোসেন

মানুষ মাত্রই মরণশীল। রাজাধিরাজ থেকে পথের ভিখিরি কেউই মৃত্যুকে উপেক্ষা করতে পারেন না। জীবনকে মহিমান্বিত করে গড়ে তুলে মৃত্যুর জন্য অপেক্ষা করতে হয়। 'জন্মিলে মরিতে হবে, অমর কোথা কে কবে, চিরস্থির কবে নীর, হায় রে জীবন-নদে'- কবি মাইকেল মধুসূদন দত্তের কালজয়ী কবিতার এ পঙ্‌ক্তিতে সেই আর্তনাদই প্রকাশ পেয়েছে। এই অমোঘ সত্য জেনেও মানুষ বাঁচতে চায়। সুন্দর পৃথিবীর আলো-বাতাস উপভোগ করতে চায় শেষ মুহূর্ত পর্যন্ত। কোটি কোটি বছরের পুরোনো পৃথিবীতে প্রতিটি মানুষের মৃত্যুই আলাদা আলাদা নতুন অনুভূতি তৈরি করে। মানবজীবনের এ অনিবার্যতা মেনে নিয়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছেন, 'মরণ রে তুহুঁ মম শ্যাম সমান'। এর মাধ্যমে কবি মৃত্যুকে জীবনেরই একটি অংশ হিসেবে দেখেছেন। তিনি মৃত্যুকে সরাসরি আলিঙ্গন করতে চেয়েছেন। কবি মনে করেন, মৃত্যুর মধ্য দিয়ে জীবনকে সম্পূর্ণভাবে জানা যায়। কবির এ অনুভূতির সঙ্গে সাধারণ মানুষের হয়তো দ্বিমত নেই। কিন্তু, বেঁচে থাকার জন্য মানুষ লড়াই করে মৃত্যু পর্যন্ত। প্রিয়জন সহজে মেনে নিতে পারে না স্বজন বিয়োগ। তাইতো জাতীয় কবি কাজী নজরুল ইসলাম সান্ত্বনা দিয়ে লিখেছেন, 'এমন জীবন তুমি করিও গঠন, মরিলে হাসিবে তুমি, কাঁদিবে ভুবন'। এরকম এক জীবন নিয়েই মৃত্যুর সঙ্গে বর্তমানে লড়ছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। দলীয় নেত্রী থেকে তিনি এখন সার্বজনীন ব্যক্তিত্বে পরিণত হয়েছেন। দল-মত-জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই সাবেক এ প্রধানমন্ত্রীর রোগমুক্তি চেয়ে প্রার্থনা করছেন।

রাজনীতির মত-দ্বিমত-সংকীর্ণতা ভুলে সবাই খালেদা জিয়াকে সুস্থ দেখতে চায়। রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা থেকে শুরু করে রাজনৈতিক ব্যক্তি, পেশাজীবী, সাধারণ মানুষ কায়মনোবাক্যে দোয়া করছেন সবাই। এ এক অনির্বচনীয়, অবিশ্বাস্য পরিস্থিতি। বাংলাদেশে এর আগে কখনো একজন রাজনীতিবিদের জন্য এরকম গণউৎকণ্ঠা দেখা যায়নি। দেশের সীমা ছাড়িয়ে উদ্বেগ ছড়িয়ে পড়েছে বিশ্বের বিভিন্ন প্রান্তে। আজীবন সংগ্রামী জাতীয়তাবাদী এ নেত্রীকে অনেক আগেই ভালোবেসে মানুষ-দেশনেত্রী, গণতন্ত্র ও মানবতার মা, সার্বভৌমত্বের অতন্দ্র প্রহরী বিশেষণে সম্বোধন করে আসছে। স্বৈরাচারবিরোধী আন্দোলনে সাহসী ও ত্যাগী ভূমিকার জন্য আপসহীন নেত্রী উপাধি পেয়েছেন। প্রধানমন্ত্রী ও বিরোধীদলীয় নেত্রী সব পরিচয়েই আলো ছড়িয়েছেন তিনি। স্বল্পবাক, মিষ্টভাষী খালেদা জিয়া অভিজাত ব্যক্তিত্ব দিয়ে বছরের পর বছর দেশবাসীকে মুগ্ধ করে রেখেছেন। তাকে অনেকেই সৌভাগ্যবতী মনে করেন। কিন্তু তার এ অর্জন শুধু ভাগ্যজোরে নয়। ভাগ্যের সাহসী ও পরিশ্রমী ব্যবহারে নিজেকে অনন্য উচ্চতায় তুলে ধরেছেন। রাজনীতির কণ্টকিত পথে তিনি এক স্মিত গোলাপ। তার সুবাস ও সুভাষে ঝানু রাজনীতিবিদরা তাকে সম্মান জানাতে বাধ্য হয়েছেন।



৫৪ বছরের বাংলাদেশের রাজনীতির ৪৩ বছর তার দখলে। টানা চার দশকের বেশি সময় ধরে রাজনীতিতে মনোযোগের কেন্দ্রবিন্দুতে অবস্থান করছেন তিনি। এই দীর্ঘ যাত্রাপথ মোটেও কুসুমাস্তীর্ণ ছিল না তার জন্য। নির্ভীক, সৎ সেনা কর্মকর্তার স্ত্রী হিসেবে সাংসারিক জীবন শুরু করেন কৈশোরে। নিজের বিবাহিত জীবনের সোনালি সময়ে শুরু হয় রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ। স্বাধীনতা অর্জনের তীব্র বাসনায় পরিবার ফেলে যুদ্ধের ঘোষণা দেন মেজর জিয়া। অরক্ষিত বেগম জিয়া শিশু তারেক রহমানসহ পাকিস্তানি বাহিনীর হাতে বন্দি হন। যুদ্ধের পর স্বাধীন দেশেও হয়রানির শিকার হয় জিয়া পরিবার। পদোন্নতিবঞ্চিত, উদ্দেশ্যমূলক বদলি ও বৈষম্যের শিকার হন জেনারেল জিয়া। ক্যু-পাল্টা ক্যু'র টালমাটাল সেনাজীবনে বারবার ঝুঁকিতে পড়েন জিয়াউর রহমান। অশান্ত সে সময়ে দুটি শিশুসন্তান নিয়ে ভুক্তভোগী নিরীহ গৃহবধূ খালেদা জিয়া। সেনাপ্রধান ও পরে রাষ্ট্রপতির স্ত্রী হয়েও মধ্যবিত্ত জীবনে অভ্যস্ত ছিলেন তিনি। জিয়ার রাজনীতি ও রাষ্ট্র পরিচালনা থেকে তিনি ছিলেন যোজন যোজন দূরে। দুই ছেলে নিয়ে শান্ত গৃহবধূর জীবন ছিল তার। কাজপাগল জিয়াউর রহমানের সান্নিধ্য ছিল পারিবারিক উৎসব ও রাষ্ট্রীয় অনুষ্ঠানে সীমাবদ্ধ। সেই শান্ত জীবনে আকাশ ভেঙে পড়ে জিয়া হত্যাকাণ্ডের ঘটনায়। সারা দেশের মানুষ স্তব্ধ হয়ে যায় ক্ষণজন্মা জিয়াকে হারিয়ে। শোক সাগরে ভাসতে থাকেন খালেদা জিয়া। ছেলেদের ও নিজের অনিশ্চিত ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তার সুযোগও পান না দেশ-জাতির আহ্বানে। স্বামীর গড়া দল বিএনপির হাল ধরতে হয় তাকে। জিয়াউর রহমান তার জীবদ্দশায় দল ও সরকারে পরিবারের কাউকে উৎসাহিত করতেন না। অথচ, তার অবর্তমানে রাজনীতিতে সবচেয়ে অনভিজ্ঞ মানুষটিকেই যুক্ত হতে হয়। কী আশ্চর্য সুপ্ত প্রতিভার অধিকারী খালেদা জিয়া! কালক্রমে বাংলাদেশের রাজনীতিতে প্রতিষ্ঠিত হলেন তিনি।

পরীক্ষা দিয়ে দিয়ে পর্যায়ক্রমে দলের প্রধান হন খালেদা জিয়া। ঝানু রাজনীতিবিদ ও দেশি-বিদেশি ষড়যন্ত্র মোকাবিলা করেই নিজের অবস্থান দৃঢ় করেন। রাজনৈতিক সহকর্মীদের কাছ থেকে দলের একক কর্তৃত্ব পেয়েও তুমুল জনপ্রিয়তা ধরে রেখেছেন বছরের পর বছর। প্রাতিষ্ঠানিকভাবে কম শিক্ষিত বলে এরপর ২৪ পৃষ্ঠায়

> তবে, এখন জরুরি খালেদা জিয়ার সুচিকিৎসা। তারেক রহমান কেন আসছেন না? সে বিতর্কও জরুরি নয়। গুরুত্বপূর্ণ হলো খালেদা জিয়ার সারা জীবনের আরাধ্য সেই 'গণতন্ত্র' ফিরছে কি না! সেজন্য বিএনপি তথা গণতন্ত্রকামী প্রতিটি মানুষের উচিত খালেদা জিয়ার আদর্শকে ধারণ এবং লালন করা। একটি সুখী, সমৃদ্ধ, বৈষম্যহীন, স্বনির্ভর, গণতান্ত্রিক বাংলাদেশের জন্য লড়ছেন খালেদা জিয়া। তার সুস্থতা ও স্থিতিশীল দেশের জন্য প্রার্থনা

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# জাতির আত্মগৌরবের এক অনিবার্য প্রতীক

নুরুল ইসলাম মনি

গণতন্ত্রের আপসহীন নেত্রী, সাবেক তিনবারের প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাষ্ট্রচিন্তা, গণতান্ত্রিক সংস্কৃতি এবং মানুষের অন্তর্নিহিত অধিকার রক্ষার সংগ্রামে এক অবিচল ও ঐতিহাসিক নাম। দুঃশাসন, প্রতিহিংসা ও মিথ্যা মামলার নিপীড়নের মধ্যেও তিনি যে দৃঢ়তা ও নৈতিক সাহস দেখিয়েছেন, তা এ দেশের জনগণের ভোটাধিকার ও স্বাধীনতার প্রতি গভীর দায়বোধ থেকেই উৎসারিত।

দেশনেত্রী বেগম খালেদা জিয়া প্রিয়জনদের হারিয়েও তিনি কখনো দমে যাননি, বরং দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠায় সবার সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন। তার ভাবনা, তার লড়াই এবং তার ত্যাগ আজও জাতির বিবেককে নাড়িয়ে দেয়। তিনি সেই নেত্রী, যিনি ক্ষমতাকে কখনো বিশেষাধিকার হিসেবে নয় বরং জনগণের আমানত হিসেবে দেখেছেন।

তার জীবনগাথা শুধুই রাজনৈতিক উত্থানের ইতিহাস নয়, এটি এক নারীর অনলস যাত্রা। গৃহিণীর সীমাবদ্ধ পরিসর থেকে রাষ্ট্র নেতৃত্বের বিশাল প্রান্তরে পদচিহ্ন রাখার ইতিহাস। তিনি দেখিয়েছেন, একজন নারীর ক্ষমতার শক্তি কোনো প্রাতিষ্ঠানিক আদেশে আসে না; তা আসে চরিত্র, দৃঢ়তা, নৈতিকতা এবং মানুষের প্রতি অনুরাগ থেকে।

বেগম খালেদা জিয়া বাংলাদেশের গণতন্ত্রের সেই মেরুদণ্ড, যার ওপর দাঁড়িয়ে আজও আমাদের ন্যায়, অধিকার ও মুক্ত ভবিষ্যতের আশা দৃঢ় থাকে। তার জীবনের প্রতিটি অধ্যায় আমাদের মনে করিয়ে দেয়-একজন সত্যিকারের নেত্রী শুধু দেশ পরিচালনা করেন না; তিনি জাতিকে ধৈর্য, সাহস ও নৈতিকতার পথে এগিয়ে যাওয়ার শক্তি দেন। দেশবাসীর পক্ষ থেকে এই মহান নেত্রীর প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই।

বাংলাদেশের রাজনীতির এক মহীয়সী প্রতিমা-

স্বাধীনতার মহান ঘোষক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অকাল শাহাদাত তার জীবনের মোহময় শান্তিকে ভেঙে দিয়ে দেশের রাজনৈতিক নিয়তির মুখোমুখি দাঁড় করায়। একদিকে ব্যক্তিগত শোক, অন্যদিকে জাতির ভবিষ্যৎ-এই দুই চরম বাস্তবতার সংঘর্ষ থেকে উঠে আসেন তিনি।

একটি নারীসত্তা-যে পরম মমতায় সংসার সামলাতেন হঠাৎ হয়ে ওঠেন গণতন্ত্রের রক্ষক, দলীয় নেতৃত্বের প্রতীক এবং কোটি কোটি মানুষের আশ্রয়স্থল।

এই রূপান্তর ছিল সময়, দায়িত্ব ও ইতিহাসের ডাকে সাড়া দেওয়ার সৎ সাহস। সেই সাহসই তাকে পরিণত করেছে বাংলাদেশের প্রথম নারী জাতীয় নেতায়। যিনি শুধু নেতৃত্ব দেননি, একটি জাতিকে সত্য ও ন্যায়ের পথ দেখিয়েছেন।

মহান নেত্রী: শক্তি, সহনশীলতা ও মানবিকতার মিশ্রণ-

বাংলাদেশের রাজনীতিতে নারীদের পথচলা ছিল দীর্ঘকাল অনগ্রসর। সেই সামাজিক বাস্তবতার মাঝেও খালেদা জিয়া নিজেকে প্রতিষ্ঠা করেছেন এমন এক উচ্চতায়, যা জাতির ইতিহাসে এক অনন্য অধ্যায় হয়ে থাকবে।

তিনি রাজনীতিতে শক্তির প্রতীক হলেও নিপীড়নের মুহূর্তে ছিলেন ধৈর্যের অদম্য উদাহরণ। তিনি প্রতিহিংসার মুখে দাঁড়িয়ে ছিলেন নীরব মর্যাদায়, আর অন্যায়ের বিরুদ্ধে লড়াইয়ে ছিলেন দৃঢ় লৌহকঠিন মনোবলে।



একজন নারী, যিনি একই সঙ্গে মা, স্ত্রী, নেত্রী এবং রাষ্ট্রনায়ক-তিনি দেখিয়েছেন, রাজনীতি কখনো শুধুই কৌশল নয়; এটি হৃদয়ের ভেতরের মানবিকতার উৎসমূল দিয়ে পরিচালিত হয়।

মমতাময়ী মা থেকে গণতান্ত্রিক আন্দোলনের প্রধান প্রতীক-

প্রিয় তারেক রহমান ও আরাফাত রহমান কোকোর প্রতি তার মমতা ছিল পৃথিবীর প্রতিটি মায়ের মতোই গভীর, নির্মল ও কোমল; কিন্তু যখন বাংলাদেশ ও দেশের মানুষের প্রশ্ন সামনে এসেছে, তখন তিনি ব্যক্তিজীবনের মমতা অতিক্রম করে জাতির মায়ের ভূমিকায় নিজেকে প্রতিষ্ঠা করেছেন। তার সন্তানদের ওপর অমানবিক অত্যাচার, তারেক রহমানের নির্বাসন, আরাফাত রহমান কোকোর অকাল মৃত্যু, তার পরিবারের ওপর গভীর ষড়যন্ত্র এবং তার নিজের ওপর অব্যাহত দমন-এসবকিছুর মাঝেও তিনি মানুষের অধিকার রক্ষার লড়াই থামাননি।

একজন মা তার সন্তানের জন্য যেমন সহ্য করেন অন্ধকার, ঠিক তেমনি তিনি দেশমাতৃকার জন্য সহ্য করেছেন অমানবিকতার নিষ্ঠুরতম রূপ। সেই সহনশীলতা তাকে পরিণত করেছে বাংলাদেশের গণতান্ত্রিক সংগ্রামের এক অবিনাশী প্রতীকে।

নেতৃত্বে তার ভূমিকা ছিল দায়বদ্ধতার এক স্বচ্ছ নির্মাণশৈলী-

আমাদের দেশের রাজনৈতিক বাস্তবতায় নেতৃত্বের প্রশ্নটি খুব সহজ নয়। ক্ষমতা, প্রভাব, স্বার্থ-এই তিনটি উপাদান একজন নেতাকে কখনো কখনো নিজের স্বরূপ থেকে দূরে সরিয়ে নিয়ে যায়; কিন্তু বেগম খালেদা জিয়া এই ত্রিমাত্রিক প্রলোভনের বিপরীতে দাঁড়িয়েছেন এবং প্রতিষ্ঠা করেছেন দুটি মৌলিক দর্শন: গণতন্ত্রের প্রতি তার অটল বিশ্বাস এবং জনগণের প্রতি তার অঙ্গীকার।

বেগম খালেদা জিয়া তার শাসনামলে বাংলাদেশকে দিয়েছেন রাজনৈতিক স্থিতি, অর্থনৈতিক গতি এবং আন্তর্জাতিক গ্রহণযোগ্যতার পরিচ্ছন্ন কাঠামো। তিনি বুঝতেন-রাষ্ট্র পরিচালনা মানে বাহ্যিক আধুনিকতার প্রদর্শনী নয়, বরং প্রাতিষ্ঠানিক স্থিতি ও মানুষের অর্থনৈতিক মুক্তি এবং জীবনমান উন্নয়নের ধারাবাহিকতা।

তিনি সিদ্ধান্তে দৃঢ় ছিলেন; কিন্তু এরপর ২৮ পৃষ্ঠায়



"কিংবা আইনের স্বচ্ছতার জন্য বিষয়টি আরও স্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে। একটি সুষ্ঠু, শান্তিপূর্ণ, অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য বর্তমান সরকার ও নির্বাচন কমিশন নিশ্চয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। তবে, এক্ষেত্রে যাবতীয় কার্যক্রম পরিচালিত হওয়া দরকার অত্যন্ত সুচিন্তিত সিদ্ধান্ত ও পদক্ষেপের ভিত্তিতে। কারণ, নির্বাচন খুবই নাজুক ও স্পর্শকাতর একটি ইস্যু। এতে সেনাবাহিনীর ভূমিকা ও দায়িত্ব পালনের বিষয়টি সকল প্রকার বিতর্ক, বিতণ্ডা, সন্দেহ বা ভুল বোঝাবুঝির ঊর্ধে রেখে সম্পন্ন করতে হবে। এতে রাজনৈতিক দলগুলো ও জনগণের পক্ষ থেকে ইতিবাচক মনোভাব দেখানো হলে এবং সরকারের পক্ষ থেকে গণতান্ত্রিক রূপান্তর ও জাতীয় স্বার্থের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে স্বচ্ছভাবে উপস্থাপন করা হলে অহেতুক বিতর্ক ও ভুল বোঝাবুঝির অবকাশ থাকবে না"

# দক্ষিণ এশিয়ায় ভারত যেভাবে ভারতবিরোধী মনোভাব বাড়াচ্ছে

উমর বিন জামাল

ভারত দক্ষিণ এশিয়ার 'নিরাপত্তার রক্ষাকর্তা' হিসেবে পরিচিত হতে চায়। দেশটি ধীরে ধীরে একটি স্থিতিশীল ও সমৃদ্ধ প্রতিবেশী অঞ্চলের স্বাভাবিক নেতা হয়ে উঠতে চায়। কিন্তু বঙ্গোপসাগর থেকে শুরু করে হিমালয় পর্যন্ত ভারতের হস্তক্ষেপ ও নীতির কারণে বিভিন্ন দেশে ক্ষোভ তৈরি হচ্ছে।



পাকিস্তানের সঙ্গে সিন্ধু পানিচুক্তি একতরফাভাবে স্থগিত করা, নেপালের ওপর অর্থনৈতিক অবরোধ চাপানো এবং বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপের মতো কঠোর চাপ সৃষ্টির কৌশল ছোট দেশগুলোর মধ্যে ভারতবিরোধী মনোভাব বাড়াচ্ছে।

ভারতের আধিপত্যবাদ এবং তার বিপরীতে যে প্রতিক্রিয়া তৈরি হচ্ছে, তার সবচেয়ে পরিষ্কার উদাহরণ দেখা যাচ্ছে বাংলাদেশে।

জটিল সম্পর্ক

দশকের পর দশক ধরে বাংলাদেশ ও ভারতকে দক্ষিণ এশিয়ার সবচেয়ে ঘনিষ্ঠ অংশীদার হিসেবে তুলে ধরত নয়াদিল্লি। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধের সময় ভারত সহযোগিতা করে। জনপ্রিয় আওয়ামী লীগকে তারা রাজনৈতিকভাবে সমর্থন দেয়। বাংলাদেশের নিরাপত্তা ও অর্থনৈতিক নীতিনির্ধারণেও ভারতের বড় প্রভাব ছিল। কিন্তু ২০২৪ সালে সেই 'কৌশলগত সম্পর্ক' ভেঙে পড়ে। তখনকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা (যাঁকে এই অঞ্চলে ভারতের সবচেয়ে নির্ভরযোগ্য মিত্র হিসেবে দেখা হতো) একটি ছাত্র নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হন। সেই আন্দোলন ছিল দুর্নীতিগ্রস্ত ও দমনমূলক রাজনৈতিক ব্যবস্থার বিরুদ্ধে আন্দোলন।

বাংলাদেশের জনগণের পাশে দাঁড়ানোর বদলে নয়াদিল্লি বাংলাদেশিদের ভিসা স্থগিত করে, কূটনৈতিক তৎপরতা কমিয়ে দেয় এবং শেখ হাসিনাকে আশ্রয় দেয়। আন্দোলনের সময় মানুষ হত্যার দায়ে শেখ হাসিনাকে পরে মৃত্যুদণ্ড দেওয়া হয়।

কেন্টাকি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানী ড. নাজমুস সাকিব এ বিষয়ে স্পষ্টভাবে বলেন, 'বাংলাদেশ, শ্রীলঙ্কা ও মালদ্বীপে প্রকাশ্য স্বৈরতন্ত্র টিকিয়ে রাখতে ভারতই ভূমিকা রেখেছে।'



নরেন্দ্র মোদি ও অমিত শাহফাইল ছবি: রয়টার্স

তাঁর মতে, এর ফলে বাংলাদেশে ভারতের বিরুদ্ধে জনমত আরও শক্ত হয়েছে।

সাকিব আরও বলেন, 'মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত একজন পলাতককে আশ্রয় দিয়ে রাখায় ভারতের ওপর দ্বিপক্ষীয় প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী তাঁকে ফেরত দেওয়ার বাধ্যবাধকতা রয়েছে।'

বাংলাদেশের অন্তর্বর্তী সরকার ইতিমধ্যেই শেখ হাসিনাকে ফেরত দেওয়ার জন্য ভারতের কাছে আবেদন জানিয়েছে। জাতিসংঘের হিসাবে, ২০২৪ সালের সেই অভ্যুত্থান দমনে ১ হাজার ৪০০ জনের বেশি মানুষ নিহত হন।

অতীতে বাংলাদেশ ভারতের কিছু স্পর্শকাতর অনুরোধ মেনে নিয়েছে। এর মধ্যে অন্যতম ছিল-ইউনাইটেড লিবারেশন ফ্রন্ট অব আসাম (উলফা)-এর অন্যতম প্রতিষ্ঠাতা নেতা অনুপ চেটিয়াকে ২০১৫ সালে ভারতে হস্তান্তর করা। তখন এটিকে দুই দেশের মধ্যে একটি বড় 'সদিচ্ছার নিদর্শন' হিসেবে দেখা হয়েছিল।

কিন্তু সাকিব মনে করেন, ভারত এখন শেখ হাসিনাকে ফেরত দেওয়ার ক্ষেত্রে একই রকম সদিচ্ছা দেখাবে, এমন সম্ভাবনা খুবই কম। তিনি বলেন, 'ভারত যদি এই চুক্তির শর্ত মানতে ব্যর্থ হয়, তাহলে সেটি প্রমাণ করবে যে ভারত একটি অবিশ্বাসযোগ্য মিত্র।'

এর ফলে ভারতের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে বলেও তিনি মনে করেন। সাকিব বলেন, 'বর্তমান এবং ভবিষ্যৎ অংশীদার দেশগুলো ভারতের এই আচরণ দেখবে এবং সেই অনুযায়ী তাদের অবস্থান ঠিক করবে।'

পশ্চিম সীমান্তেও পরিস্থিতি ভালো নয়

ভারত ও পাকিস্তান ১৯৪৭ সালে ব্রিটিশ শাসন থেকে স্বাধীন হওয়ার পর থেকেই পরস্পরের প্রধান প্রতিদ্বন্দ্বী। এই দুই পরমাণু শক্তিধর দেশ কাশ্মীরকে কেন্দ্র করে এখন পর্যন্ত তিনটি বড় যুদ্ধ করেছে।

বিশ্লেষকদের মতে, যদিও ভারত-পাকিস্তান সম্পর্ক অনেক আগে থেকেই উত্তপ্ত ও অচল, তবে বর্তমানে পরিস্থিতি আগের যেকোনো সময়ের চেয়ে বেশি অবনতি হয়েছে।

২০২৫ সালে নয়াদিল্লি সিন্ধু পানিবণ্টন চুক্তি স্থগিত করে। এই চুক্তিটি ১৯৬০ সালে বিশ্বব্যাংকের মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল। এর মধ্যে তিনটি যুদ্ধ হলেও এই চুক্তি কখনো ভাঙা হয়নি। তাই এটি স্থগিত হওয়ার সিদ্ধান্ত দুই দেশের বিশেষজ্ঞদেরই চমকে দেয়।

ভারতের দিক থেকে সিদ্ধান্তটি নেওয়া হয় কাশ্মীরের পেহেলগামে একটি ভয়াবহ সন্ত্রাসী হামলার পর। ভারতের অভিযোগ, এই হামলার পেছনে পাকিস্তানের হাত রয়েছে। এরপর ভারত সীমান্ত পেরিয়ে পাকিস্তানের ভেতরে একাধিক স্থানে হামলা চালায়। ভারত দাবি করে, তারা সেখানকার জঙ্গি ঘাঁটি টার্গেট করেছে।

পাকিস্তান অবশ্য এসব অভিযোগ অস্বীকার করে আসছে। তারা ভারতের এই হামলার নিন্দা জানায় এবং পাল্টা হামলা চালায়। পাকিস্তান কয়েকটি ভারতীয় যুদ্ধবিমান গুলি করে ভূপাতিত করে। এর মধ্যে একটি ছিল রাফাল। পাকিস্তানের দাবি ছিল-এটি তারা আত্মরক্ষার স্বার্থেই করেছে।

উভয় পক্ষের এই পাল্টাপাল্টি এরপর ৩৮ পৃষ্ঠায়

"এই প্রতিক্রিয়া আসছে এমন একসময়, যখন ভারত বিশ্বমঞ্চে নিজের প্রভাব বাড়াতে চাচ্ছে। ভারত নিজেকে বেইজিংয়ের (চীনের) বিপরীতে একটি শক্তি হিসেবে তুলে ধরতে চাইছে। সেই সঙ্গে জি-২০, জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বড় ভূমিকা নিতে চায়। ভারত বিদেশে মানবিক সহায়তা, সমুদ্র টহল এবং শান্তিরক্ষা কার্যক্রমের কথা তুলে ধরে। কিন্তু দেশটির ভেতরের সমালোচকেরা বলেন, নিজের প্রতিবেশীদের ক্ষেত্রে ভারত একটি দাদাগিরিমূলক শক্তির মতো আচরণ করে। তারা ছোট দেশগুলোর রাজনীতি, প্রতিরক্ষা এবং বাণিজ্যিক সিদ্ধান্তে প্রভাব বিস্তার করতে চায়। ড. সাকিব বলেন, 'সাম্প্রতিক বছরগুলোতে প্রতিবেশী অঞ্চলে ভারতের পররাষ্ট্রনীতি পুরোপুরি একটি "ট্রেন রেক" বা রেল দুর্ঘটনার মতো হয়ে গেছে'"

# আত্মবিনাশী পথেই উল্টোযাত্রা বেগবান

আজাদুর রহমান চন্দন

> পাকিস্তানে ইসলাম ধর্মেরই বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিভেদ এমন পর্যায়ে যে তারা এক ছাদের নিচে বাস করা তো দূরের কথা, এক মসজিদে নামাজও আদায় করতে পারেন না। প্রায়ই খবরে দেখা যায়, জুমার জামাতে সশস্ত্র হামলা চালাচ্ছে স্বধর্মীয় ভিন্ন কোনো গোষ্ঠী। পাকিস্তানের সশস্ত্র বাহিনী একসময় মাদ্রাসাশিক্ষার্থীদের 'সামরিক প্রশিক্ষণ' দিয়ে 'তালেবান' বানিয়েছিল আফগানিস্তানে সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে লড়াই করার জন্য। সেই তালেবান এখন দ্বিতীয়বারের মতো আফগানিস্তানে ক্ষমতায়। আফগান তালেবানের ঘনিষ্ঠ তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) এখন পাকিস্তান সরকার ও সামরিক বাহিনীর গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। এসব দেখেও আমরা শিখব না কিছুই!



চব্বিশের গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে দেশে মুক্তিযুদ্ধের বিভিন্ন স্মারক ছাড়াও মাজার, সাধু-সন্ন্যাসী, বাউল-ফকিরসহ সংখ্যালঘু ও ভিন্ন মতাদর্শের মানুষের ওপর হামলা যেন থামছেই না। বেশির ভাগ ক্ষেত্রেই এসব হামলায় ধর্মতন্ত্রী একটি গোষ্ঠীকে নেতৃত্ব দিতে দেখা যাচ্ছে। হামলাকারীরা নিজেদের 'তৌহিদি জনতা' হিসেবে পরিচয় দিচ্ছে। এসব হামলা বন্ধ করতে সরকারকেও তেমন তৎপর হতে দেখা যায়নি।

সবশেষ ঘটনায়ও সরকারের আন্তরিকতা নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকেই। শেষ ঘটনাটির সূত্রপাত গত ৪ নভেম্বর মানিকগঞ্জের ঘিওরে একটি পালাগানের আসরে আবুল সরকার মহারাজের পরিবেশনা ঘিরে। সেদিন জীব ও পরম-এই দুই পক্ষে লড়াই করছিলেন আবুল সরকার মহারাজ, প্রতিপক্ষের নামও ছিল আবুল সরকার, যিনি ফরিদপুর থেকে এসেছিলেন। মানিকগঞ্জের আবুল সরকার মহারাজ ছিলেন জীবের পক্ষে, পরমের বিপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন করেন তিনি। সেদিন দুই বাউলের দার্শনিক বাহাস চলে চার ঘণ্টা ধরে। সেই চার ঘণ্টা থেকে কয়েক সেকেন্ডের ভিডিও কেটে অনলাইনে ছড়িয়ে দেওয়া হয় এবং ধর্মের বিরুদ্ধে কটূক্তি হিসেবে প্রচার করা হয়। পরে মামলা করা হলে আবুল সরকার মহারাজকে দ্রুত গ্রেপ্তার করে কারাগারেও পাঠানো হয়েছে। এর পর থেকেই এই বাউলশিল্পীর নিঃশর্ত মুক্তির দাবি জানিয়ে আসছেন তাঁর ভক্ত-অনুরাগীরা। দেশের অনেক বিশিষ্টজন, বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক, বাংলাদেশ মহিলা পরিষদসহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন নিন্দা ও উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছে। এরই মধ্যে ২৩ নভেম্বর মানিকগঞ্জে বাউলশিল্পী আবুল সরকার মহারাজের ভক্ত-অনুরাগীদের ওপর প্রথমে হামলা হয়। ২৬ নভেম্বর হামলা হয়েছে ঠাকুরগাঁও ও খুলনায়।

সমালোচনার মুখ বন্ধ করতেই হোক আর যে কারণেই হোক, শেষ পর্যন্ত সরকারের পক্ষ থেকে হামলাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়। কিন্তু বাউল আবুল সরকারের মুক্তি এখনো মেলেনি। এ ছাড়া কোনো কোনো উপদেষ্টার বক্তব্য জনসমালোচনাকে আরও উসকে দেয়। এ অবস্থার মধ্যেই সারা দেশে বাউলদের ওপর হামলা ও কারাবন্দী বাউল আবুল সরকারের মুক্তির দাবিতে ২৮ নভেম্বর বিকেলে রাজধানীর শাহবাগে আয়োজন করা হয় প্রতিবাদী গানের অনুষ্ঠানের।



জাতীয় জাদুঘরের সামনে 'গানের আর্তনাদ' নামের ওই কর্মসূচির আয়োজন করে নাগরিক প্ল্যাটফর্ম 'সম্প্রীতি যাত্রা'। মূলত বামপন্থীদের একটি অংশ ছিল এই আয়োজনের পুরোভাগে। সেই অনুষ্ঠানেও হামলা করা হয় 'জুলাই মঞ্চ' ব্যানারে। বিকেল সাড়ে ৪টার দিকে অনুষ্ঠানস্থলে গিয়ে বাধা দেওয়ার চেষ্টা করে জুলাই মঞ্চের একদল কর্মী। পরে উভয় পক্ষ মুখোমুখি হলে সেখানে উত্তেজনা ছড়িয়ে পড়ে। 'গানের আর্তনাদ' কর্মসূচির আয়োজকদের অভিযোগ, কর্মসূচি চলা অবস্থায় হঠাৎ করে জুলাই মঞ্চের ২০-২৫ জন সেখানে গিয়ে অতর্কিত হামলা করে। হামলাকারীরা মঞ্চ ভাঙচুর করে এবং নারীসহ কয়েকজনের গায়ে হাত তোলে। তারা মাইকে বলতে থাকে যে বাউল আবুল সরকারের মুক্তি দাবি করা যাবে না। প্রতিরোধের মুখে হামলাকারীরা চলে গেলে অনুষ্ঠান আবার শুরু হয়। পরে করা হয়েছে প্রতিবাদী মশাল মিছিল।

সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বৈষম্যের প্রাচীর ভাঙার জুলাই আন্দোলন গণ-অভ্যুত্থানে রূপ নিলে এবং কর্তৃত্ববাদী শাসনের অবসান ঘটলে সংস্কারের এক প্রবল আবহ ছড়িয়ে পড়ে। সমাজবিপ্লবের লক্ষ্য সত্ত্বেও দেশের বেশ কিছু বামপন্থী দল বছরের পর বছর নির্বাচনী ব্যবস্থাসহ রাষ্ট্রের নানা ক্ষেত্রে আমূল সংস্কারের দাবি জানিয়ে আসছে। ওসব দলের অনেক নেতা-কর্মীও মনে করলেন, এবার বুঝি তাঁদের কাঙ্ক্ষিত সেই সংস্কার হবে! কিন্তু ২০২৪ সালের ৫ আগস্ট থেকেই একটি বিশেষ মহল ভাস্কর্য-জাদুঘরসহ শিল্প-সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের সব স্মারক ধ্বংস করতে মরিয়া হয়ে ওঠে। জুলাই আন্দোলনের কিছুদিন আগেও ছাত্রলীগের হেলমেটে মাথা-মুখ আড়াল করে রাখা এমনকি সংগঠনটির বিভিন্ন পদপদবি নিয়ে সুবিধা ভোগ করা কেউ কেউ হঠাৎ হিরো সেজে সংস্কারের নামে কখনো জাতীয় সংগীত, কখনো সংবিধানসহ রাষ্ট্রের মৌল চেতনায় আঘাত হানতে শুরু করায় বামপন্থীদের কারও কারও মোহ কাটলেও অনেকে এখনো মুক্তিযুদ্ধবিরোধী প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর সঙ্গে মিলে রাষ্ট্রের নতুন বন্দোবস্ত বাস্তবায়নের স্বপ্নে বিভোর।

ধর্মকে শিখণ্ডি করেও এবার যে জুলাই মঞ্চ তেমন একটা সুবিধা করতে পারল না, এর প্রধান কারণ, বাম ও সেক্যুলারপন্থীদের সম্মিলিত প্রতিরোধ। কিন্তু মুক্তিযুদ্ধের বিভিন্ন স্মারকের ওপর দেড় বছর ধরে চলা হামলাগুলো সফল হওয়ার পেছনে একটি কারণ ছিল বামপন্থীদের একাংশের মৌন সমর্থন। শুধু তা-ই নয়, বামপন্থীদের যে অংশটি জাতীয় সংগীত ও মুক্তিযুদ্ধের পক্ষে কথা বলেছে, তাদের 'মুজিববাদী বাম' বলতেও দ্বিধা করেনি মৌলবাদী ও স্বাধীনতাবিরোধীদের নিয়ে ইনক্লুসিভ বন্দোবস্ত বাস্তবায়নকামী অপর বামেরা। জুলাই মঞ্চ যে বামপন্থীদের আয়োজনে হামলা করেছে, গত বছরের জুলাইয়ে তারাও কিন্তু কারফিউ অমান্য করে ঢোল-করতাল নিয়ে রাজপথে নেমেছিল। জুলাইয়ে তাদের দুটি গুরুত্বপূর্ণ কর্মসূচির নাম ছিল 'কারফিউ ব্রেক' ও 'গানের মিছিল'। এ ছাড়া চব্বিশের ২ আগস্টের 'দ্রোহযাত্রা' কর্মসূচি ছিল বাম-প্রগতিশীল রাজনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলোর সবচেয়ে বড় ও তাৎপর্যপূর্ণ মিছিল-সমাবেশ। এরপর ২৮ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স

## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।




AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# এক বাংলাভাষা ও সন-তারিখ প্রচলন বাঙালির মিলনের দিগদর্শন

জাতিসংঘে দাপ্তরিক ভাষা হিসেবে 'বাংলা'কে গ্রহন করার জন্য ভাষা আন্দোলন স্মৃতিরক্ষা পরিষদ চেষ্টা চালিয়ে যাচ্ছিল। এবিষয়ে সংস্থাটির মহাসচিবের সাথে পত্রালাপে এই দাবীর সাথে অনেকেই সামিল হন পরে সরকারি ভূমিকা বিষয়টিকে সাফল্যের দিকে নিয়ে যায় এবং জাতিসংঘ নীতিগতভাবে এই দাবি মেনে নেয়, কিন্তু অর্থনৈতিক জটিলতার জন্য এর বাস্তবায়ন থমকে আছে। তবে তাদের সম্মতি দানের মাধ্যমে এটা প্রতিষ্ঠিত হয়েছে যে বাংলাদেশের রাষ্ট্রভাষাকেই বিশ্বদরবার তাদের দাপ্তরিক ভাষা হিসেবে স্বিকৃতি দিয়েছে। পরিস্থিতিগত ও বাস্তবতার নিরিখে বিশ্ববাংলায় এক বাংলা (ভাষা ও সন-তারিখ) আজ সময়ের দাবি হিসেবে গ্রহনীয় হয়ে উঠতে যাচ্ছে। তাই আমাদের সকল বাঙালিকে খোলা মন নিয়ে এই কর্মপ্রচেষ্টায় আত্মনিয়োগ করতে হবে

ড. মোমতাজ উদ্দিন আহাম্মদ



রাষ্ট্রভাষা হিসেবে কাগজে-কলমে বাংলা ভাষাকে সেই পাকিস্তানী আমলেই ১৯৫৬ সনে রাষ্ট্র কর্তৃক স্বীকার করে নেয়া হয়।বাংলা একাডেমি ও কেন্দ্রীয় শহিদ মিনারের প্রতিষ্ঠাও হয় একই সময় । কিন্তু এই দীর্ঘ ৬৫ বছরেও আমরা সর্বস্তরে বাংলাকে চালু করতে ব্যার্থ হয়েছি। স্বাধীন হয়েছি তাও হল ৫০ বছর! আজও আমাদের বাংলাভাষা ও বাংলা সন-তারিখকে সর্বস্তরে প্রতিষ্ঠার জন্য আন্দোলন করতে হয়। ভাষা আন্দোলন স্মৃতি রক্ষা পরিষদ ও অন্যান্য সচেতন মহলের নিরবিচ্ছিন্ন দাবী ও সংগ্রাম এবং জনসংযোগের ফলে সরকারকে ধীরে হলেও উদ্যোগ নিতে হচ্ছে বলে বেশ কিছু ক্ষেত্রে বাংলাভাষার ব্যবহার ও প্রচলন এবং বাংলা সন-তারিখের ইতিবাচক ব্যবহার শুরু হয়েছে। আশা করা যায় এই প্রক্রিয়া চলতে থাকলে বাংলা ভাষা ও সন- তারিখ তার স্বমহিমায় প্রতিষ্ঠিত হবে অচিরেই।

বাংলা ভাষা ও তার ব্যবহারকারীরা শুধুমাত্র এই 'বাংলাদেশ' ভূখণ্ডেই সীমাবদ্ধ নয়,বাংলা এবং বাঙালি আজ সারাবিশ্বব্যাপী বিস্তার লাভ করেছে। ৩০ কোটির বেশি মানুষ বাংলায় কথা বলে। পৃথিবীতে ৬০৬০ টির মতো ভাষা আছে, এর মধ্যে বাংলা চর্চার দিক দিয়ে ৫ম স্থান দখল করে আছে। বাংলার মত মিষ্টি ভাষা পৃথিবীতে দ্বিতীয়টি নেই। ইউনেস্কোর অধীনে পরিচালিত জরিপে বাংলা ভাষা 'Sweetest Language of the world' নির্বাচিত হয়েছে। পৃথিবীর একমাত্র ভাষা বাংলা যা বলার-লেখার অধিকার আদায়ের সংগ্রামে বাঙালিরা জীবন দিয়ে এই ভাষার সম্মান রক্ষা করেছে এবং তাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করেতে পেরেছে। যার সূত্র ধরে জাতিসংঘ ২১ শে ফেব্রুয়ারীকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দিয়েছে যা আজ বিশ্বে ১৯৩ টি দেশে পালিত হচ্ছে। উত্তর আমেরিকা ও ইংল্যান্ডে লাখ লাখ বাঙালির বসবাস আবার এটাও ঠিক যে ইংল্যান্ডের দ্বিতীয় বৃহত্তম ভাষা হল বাংলা। জাপান,অস্ট্রেলিয়া,কানাডা, ইংল্যান্ড ও আরবের কোন কোন দেশে বাংলা স্কুল আছে। আজকাল বিভিন্ন দেশে ভোটের ব্যালেট পেপারেও বাংলা নির্দেশিকা দেখা যায়। বলতে গেলে বিদেশে বাঙালিরা তাদের ভাষার যোগ্য সম্মান আদায় করতে পেরেছে। উচ্চশিক্ষার প্রয়োজনে, প্রবাসে উন্নত জীবন-যাপন করতে গিয়ে বা প্রবাসী কর্মজীবিরা যে যে দেশে গেছেন সেখানেই তারা সুন্দর সামাজিক পরিবেশে একটি একক বাঙালি জাতীয়তাবোধের চেতনায় নানা রকম ঐক্যের বন্ধন গড়ে তুলেতে চেষ্টা করেছেন। কিন্তু বাংলা ভাষা চর্চার ক্ষেত্রে এবং বাংলা সন- তারিখের ব্যবহার যেমন পহেলা বৈশাখ, রবিন্দ্র- নজরুল জন্ম মৃত্যু জয়ন্তী ইত্যাদি পালনের ক্ষেত্রে তারা বিভক্ত হয়ে যান। এই বিভক্তিকে পরিহার করে একটি সমন্বিত ভাষা চর্চার রীতি-নীতি গ্রহন করতে হবে ও বাংলা সংকৃতি এবং ঐতিহ্যের দিবসগুলিকে বাংলা সন-তারিখ অনুযায়ী যা বর্তমানে বাংলা একাডেমি প্রবর্তিত ও ইংরেজি তারিখের সাথে সমন্বয়কৃত এবং সেই অনুযায়ী বাংলা তারিখের অনুষ্ঠান কর্মসূচী পালন করতে হবে।




প্রসঙ্গক্রমে আমি নোবেল পুরস্কারে ভূষিত অর্থনীতিবিদ অমর্ত্য সেনের স্মৃতিকথামূলক 'হোম ইন দ্যা ওয়ার্ল্ড : আ মেমোয়ার' বইটির 'বাংলা ও বাংলাদেশের ধারণা' শীর্ষক অধ্যায় থেকে কিছু কথা উদৃত্ত করতে চাই 'কিসের ভিত্তিতে বাংলাদেশের বাঙালিরা ঐক্যবদ্ধ হয়েছিলেন? অভিন্ন অর্থনৈতিক ও রাজনৈতিক ইতিহাসই কি তাদের এক করেছিল? এটা বড় ভূমিকা রেখেছিল। তবে গুরুত্বপূর্ণ ছিল বাঙালির ভাষা এবং এর সমৃদ্ধি ও উৎকর্ষের গর্ব। বাংলাদেশে ও ভারতের রাজনৈতিক সীমানার উভয় পাশের বাসিন্দাদের বাঙালি পরিচিতির ক্ষেত্রে এই ভাষার একটি আশ্চার্য প্রভাব ছিল'। তিনি আরও বলেন, 'ছাত্র থাকাকালে আমি বিশেষ ভাবে অভিভূত হয়েছিলাম বাংলার বহুসংকৃতির মিলনে। এই ইতিহাস এখন বিস্মৃতপ্রায়।তবে প্রকৃতপক্ষে 'সন' নামে বাংলার বর্ষপঞ্জির ইতিহাস স্মরণ করার মতো। এটাই ভারতীয় উপমহাদেশে একমাত্র টিকে থাকা পঞ্জিকা। সম্রাট আকবর একটি সর্বভারতীয় এবং কোনো একক ধর্মের নয়,এমন একটি পঞ্জিকা 'তারিখ -ই- এলাহি' প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলা বর্ষপঞ্জি কাটাছেঁড়া করেন। ১৬ শতকের শেষভাগে যখন চন্দ্রনির্ভর মুসলিম হিজরি পঞ্জিকায় প্রথম সহস্রাব্দ শেষের দিকে এগিয়ে আসছিল, সে সময় আকবর ভারতের জন্য হিন্দু জৈন বা পারস্য পঞ্জিকার মতো একটি সৌরবর্ষনির্ভর বহু সংকৃতির পঞ্জিকা প্রচলন করতে চেয়েছিলেন। তবে তাতে মুসলিম হিজরি পঞ্জিকার গুরুত্বপূর্ণ কিছু বিষয় সমন্বয়ের লক্ষ্য ছিল তাঁর। আকবরের সিংহাসন আরোহনের বছর ১৫৫৬ সালে তাঁর ঐ বর্ষপঞ্জি গননা শুরু হয়। হিন্দু শক পঞ্জিকার ১৪৭৮ এবং হিজরি ৯৬৩ সাল ছিল এটা।

আকবরের উচ্চাশা সত্ত্বেও তাঁর তারিখ-ই-এলাহি পঞ্জিকা কখনো দিল্লি ও আগ্রার মানুষ গ্রহন করেনি। যদিও আকবরের আদালতকক্ষে এটা ব্যবহার করা হতো। তবে তা ভালোভাবে গৃহীত হয়েছিল আকবরের সাম্রাজ্যে পরে যোগ হওয়া বাংলায়। আকবরের তারিখ-ই-এলাহির প্রভাবে সংস্কার হওয়া পুরোনো বাংলা বর্ষপঞ্জি আজও বহুল গুরুত্বের সঙ্গে অনুসৃত হয়। যখন আমি এই লাইনগুলি লিখছি, তখন বাংলা ১৪২৭ সন'।

'তাই ধর্মীয় বিভাজন ও সংস্কৃতিক বিচ্ছিন্নকরণ নয়,বাংলার ইতিহাস হলো মিলনের ইতিহাস। এটাই সেই দর্শন ও বোঝাপড়া,যা একটি ঐক্যবদ্ধ ও ধর্মনিরপেক্ষ বাংলাদেশের ধারণাকে বাস্তব করেছে। এ এরপর ২৭ পৃষ্ঠায়

# অসহযোগিতার দায়ে ইতিহাসে আমাদের নামও থাকবে

রাজু আহমেদ

ইতিহাস কোনোদিন যদি ড. মুহাম্মদ ইউনূসের শাসনকাল মূল্যায়ন করে, তবে সেখানে আমাদের অসহযোগিতার চিত্রও উঠে আসবে। যৌক্তিক-অযৌক্তিক কত-শত কারণে সরকারের প্রত্যেকটি দিন বিষিয়ে তোলা হলো। ক্যালেন্ডারের পাতায় সরকারের জন্য নির্বিঘ্ন কয়টি দিনের সন্ধান পাবেন? রাজনৈতিক দলগুলোর মতানৈক্য, নাগরিকদের অনৈক্য এবং কতিপয় কর্মকর্তা-কর্মচারীদের স্বার্থ-সবকিছু মিলিয়ে গত ১৫ মাসকে শান্তির সময় বলার সুযোগ নাই। চারদিকেই ছন্দপতন। খুঁজে দেখুন-এই অপ্রাপ্তির খুঁটিতে খুঁটিতে আপনার ও আমার নাম লেখা। একটুও ছাড় না দিয়ে কেবল পেতে চেয়েছি। গড়তে দেইনি বরং নিজেরাই ভেঙেছি।

ন্যায়-অন্যায় বিবেচনা করিনি বরং স্বার্থকে সবার আগে রেখেছি। রাস্তা অবরোধ করে, হুমকি-ধামকি দিয়ে, আন্দোলন-অনশন করে কিংবা অবরোধ-বিশৃঙ্খলার পাল তুলে যতভাবে সরকারের পথচলা আটকে রাখা যায়, সেটা ছিল। কোথাও কোথাও ষড়যন্ত্রও ছিল। ইউনূস সরকার সফল হোক-এটা অনেকেই চায়নি, চায় না এবং চাইবেও না। বরং পূর্বেকার যে-ই সেই স্বপ্নে বিভোর মানুষগুলোর কাছে জুলাইয়ের সহস্র লাশ, ত্যাগ ও বেদনার করুণ ইতিহাসের কোনোই মূল্য নাই। বরং স্বেচ্ছাচারিতায় অতীতকে ছাপিয়ে যাওয়ার আয়োজন ও আশঙ্কা দেখি।

অন্তর্বর্তীকালীন সরকারের প্রায় প্রত্যেকটি দিন চ্যালেঞ্জের ছিল। সবচেয়ে বেশি চ্যালেঞ্জ ছিল দেশের শৃঙ্খলা প্রতিষ্ঠায়। শতভাগ সন্তোষজনক হয়নি, কেননা জুলাইয়ের নাম দিয়ে, ধর্মের ইস্যু এনে, মাজার-পূজার নাম করে, সংখ্যালঘুর তকমা টেনে, বিদেশি চক্রান্তের চক্করে পড়ে এবং নাগরিকদেও মধ্যে স্বাধীনতার অপব্যাখ্যা ও অপব্যবহার করে এবং রাজনৈতিক দলগুলোর দূরত্ব ধরে দিনগুলো মোটেও স্বাভাবিক ছিল না। গুজব ও হুজুগে, চাঁদা ও চামচামিতে এবং ক্ষমতা ও প্রতিশোধে সরকারকে যতভাবে বিব্রত করা যায়-সে চেষ্টা অংশীজনদের মধ্যে ছিল। কেউ কেউ জুলাইয়ের সওদাগর সেজেছিল। কেউ কেউ দেখিয়েছে দলের প্রতি জনমত ও বিরোধীদলের প্রতি বিরুদ্ধাচারণ। অন্তর্বর্তীকালীন সরকারও এমন কিছু বিতর্কিত ইস্যু উঠিয়েছে, যেগুলো এই স্বল্প সময় সামনে না আনলেও হতো। রাষ্ট্রসংস্কারের প্রশ্নে কুমিল্লা নাকি নোয়াখালী বিভাগ হবে-এসব নিয়েও এখনই কথা না বললেও হতো। অথচ এই ধরণের ইস্যুগুলোতেই ভস্ম হয়েছে বেশি।

নানান প্রতিকূলতার মাঝেও দেশি-বিদেশি চাপ ও ষড়যন্ত্র মোকাবিলা করে ডক্টরের নেতৃত্বাধীন সরকার এমন কিছু যুগান্তকারী পরিবর্তন সূচিত করেও গেছে, যা ধারাবাহিক হলে বাংলাদেশ বদলে যাবে। বিদ্যমান কাঠামোতে যেকোনো সরকারের স্বেচ্ছাচারী হয়ে ওঠার যে সুযোগ ছিল, তা আমূল বদলে দিয়েছেন। ষড়যন্ত্র ও সমালোচনা সহ্য করেও এমন কিছু অসাধ্য সাধন করেছেন, সামনের দিনগুলোতে যার ফলভোগ অত্যন্ত সুফলদায়ক হবে। আশা করা যায়, পরবর্তী সরকারগুলো এই পরিবর্তনগুলোকে স্বাভাবিক বিবেচনা করে এগুলো বাস্তবায়নে সুবিবেচকের ভূমিকা নেবে। নয়তো যে-কোনো সামনের যে-কোনো সরকারের নড়বড়ে হতে সময় লাগবে না। এই অল্পদিনে যত দাবি উঠেছে তা আশ্চর্যজনক। তার চেয়েও বড় বিস্ময়-যতগুলো যৌক্তিক দাবি, সেগুলোর প্রায়টাই পূরণ হয়েছে। তবে রাষ্ট্রকে জিম্মি করে দাবি আদায়ের এই অপদ্ধতিগত সংস্কৃতি ভালো নয়। আবার ন্যায্য অধিকার থেকে রাষ্ট্রও নাগরিককে বঞ্চিত রাখবে-এই চর্চাও কাঙ্ক্ষিত ও সুখকর নয়।



অন্তর্বর্তীকালীন সরকার শুরু থেকেই অন্তর্ভুক্তিমূলক পদ্ধতি অনুসরণ করেছে। কোনো ব্যাপারে অযৌক্তিক ও অহেতুক বিভ্রান্তি না করায় কিছু কিছু ক্ষেত্রে স্বাভাবিকতার ব্যত্যয় ঘটেছে বটে তবে প্রশংসিত ক্ষেত্রগুলোই বেশি। রাষ্ট্রের অহেতুক বলপ্রয়োগের প্রবণতা রাষ্ট্র ও নাগরিকের মধ্যে দূরত্ব বৃদ্ধি করে। বর্তমান সরকারের অর্জন কোনোভাবেই খাটো করে দেখার সুযোগ নাই। যে পরিবেশ ও পরিস্থিতি মোকাবিলা করে তাদেরকে কাজ করতে হয়েছে, তাতে তারা গণপ্রশংসার দাবিদার। অথচ স্বার্থ হাসিলের জন্য নাগরিকদের নানান শ্রেণি যে ভূমিকা পালন করেছে, তা অনেকটাই হতাশার। জাতি হিসেবে নিজেদেরকে তথা চিত্র ও চরিত্র নিয়ে খুব বেশি আশাবাদী হওয়ার ক্ষেত্র এখনো তৈরি হয়নি। রাষ্ট্রের উপকার হবে জেনেও শুধু বিরোধিতার খাতিরে বিরোধিতা করতে গিয়ে অন্তর্বর্তীকালীন সরকারের কতিপয় সিদ্ধান্তের এমন নগ্ন সমালোচনা ও আন্দোলন সাধন হয়েছে, যা শিক্ষা ও প্রগতি, ন্যায় ও উন্নতির ক্ষেত্রে প্রতিবন্ধক। আমরা জেনেশুনেই নিজেদেরকে পিছিয়ে রাখতে চাইছি।

সরকারকে অসহযোগিতার ক্ষেত্রে, এমনকি প্রতিবন্ধকতা সৃষ্টির প্রশ্নে রাষ্ট্রের শিক্ষিত ও পদধারী ক্ষমতার কেন্দ্রীভূতরাই বেশি ভূমিকা পালন করেছে। অথচ কৃষক তার চাষাবাস বন্ধ রাখেনি, শ্রমিক তার পরিশ্রম বন্ধ করেনি। শাটডাউন, লকডাউন তথা কর্মবিরতির মতো জিম্মি করার আয়োজন রাষ্ট্রের বিবেকখ্যাতদের থেকেই বারবার দেখা গেছে। সরকারকে আরেকটু সহযোগিতা করলে এই রাষ্ট্রের ভিন্ন চিত্র হাজির করা অসম্ভব হতো না। ভাগ্য বদলাতে সবার আগে নিজেকে পরিবর্তন করতে হয়। রাষ্ট্রের কাছে যাদের স্বার্থ নাই সেই গোটা টিমটাই কার্যত অবরুদ্ধ ছিল মাসের পর মাস। টার্গেট পয়েন্টে ফোকাস করা তাদের জন্য দুরূহ ছিল। সেজন্যই সংস্কার ও পরিবর্তনগুলো খুবই ধীরগতির। বন্দর ব্যবস্থাপনায় বিদেশিদের দারস্থ হওয়াতেও যারা তটস্থ অনুভব করেন, তারা দেশপ্রেমের বদলে স্বার্থপ্রেমের এরপর ২৬ পৃষ্ঠায়



ফেব্রুয়ারিতেই নির্বাচন হয়ে যাক- তবে যারা সরকারকে সবচেয়ে বেশি অসহযোগিতা করেছে তারাই জনগণের কাছ থেকে বেশি ঘৃণা কুড়াবে। ইতিহাসে লেখা থাকবে-ড. ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকার খুব বেশি ক্ষেত্রে সাফল্য অর্জন করতে পারেনি; অথচ সুযোগ ছিল। সেই সুযোগকে সরকার কেন কাজে লাগাতে পারেনি? কারণ আমরা সরকারকে মোটেও সহযোগিতা করিনি, বরং কী করে আরও কঠিন পরিস্থিতি হাজির করা যায় সেজন্য আন্দোলন করেছি। যেটুকু পক্ষে বলেছি তা স্বার্থ পূণের গুটি হিসেবে! স্বার্থপূরণই আমাদের মুখ্য বিবেচ্য ছিল! দেশের সামষ্টিক স্বার্থ কখনোই আমাদের কাছে গুরুত্ব পায়নি। ইস্যুভিত্তিক চলমান অনেক আন্দোলনের আলামত দেশপ্রেমের সাক্ষ্য দেয় না। অথচ জন-ভোগান্তিতে অতিষ্ট মানুষ

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman Bangladesh Airlines
American Airlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS




## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# বাংলাদেশে দারিদ্র্য বৃদ্ধি : এক অশনিসংকেত

ড. মাহবুব উল্লাহ্

সম্প্রতি বিশ্বব্যাংকের এক প্রতিবেদন থেকে জানা গেছে, দেশে এখন দরিদ্র লোকের সংখ্যা ৩ কোটি ৬০ লাখ। ২০২৫ সাল শেষে দারিদ্র্যের হার ২১.২ শতাংশ হতে পারে। অথচ ২০২২ সালে এ হার ছিল ১৮.৭ শতাংশ। মাত্র ৩ বছরের ব্যবধানে দারিদ্র্যের হার বেড়েছে প্রায় ৩ শতাংশ। এই হিসাবে বছরপ্রতি ১ শতাংশ করে বাড়ছে। কয়েক দশক ধরে দারিদ্র্যের হার কমার পর ৪ বছর ধরে বাড়ছে। বিশ্বব্যাংকের প্রতিবেদনে আরও বলা হয়েছে, ২০৫০ সাল নাগাদ ১.৩ কোটি মানুষ বাস্তুচ্যুত হতে পারে। বাস্তুচ্যুত হওয়ার জন্য একদিকে যেমন জলবায়ু পরিবর্তনের অভিঘাত কাজ করবে, অন্যদিকে দারিদ্র্যের দুষ্টচক্রে পড়ে অনেক মানুষ বাস্তুহারা হতে পারে। আঞ্চলিক দারিদ্র্যবৈষম্য আরও বৃদ্ধি পেতে পারে একই সঙ্গে।

দারিদ্র্য বৃদ্ধির মূল কারণ হিসাবে চিহ্নিত করা হয়েছে উচ্চ মূল্যস্ফীতি ও কর্মসংস্থান কম হওয়াকে। বিগত বছরগুলোয় মূল্যস্ফীতি যে লাগামহীন হয়ে পড়েছিল সে ব্যাপারে প্রশ্ন তোলার কোনো সুযোগ নেই। সরকারিভাবে শেখ হাসিনার আমলে মূল্যস্ফীতির হার ১০ শতাংশের কিছু কম করে দেখানো হতো। কারণ মূল্যস্ফীতির অঙ্ক ডাবল ডিজিট হলে অর্থনীতির জন্য তা রেড লাইট ডেঞ্জার হয়ে ওঠে। পরিসংখ্যানে কারচুপি করা আওয়ামী সরকারের একটি অভ্যাসে দাঁড়িয়ে গিয়েছিল। নিজেদের দুর্বলতা ঢাকতে পরিসংখ্যানকে শোভন করে দেখানোর অপপ্রয়াস চালানো হয়। তবে অনেক অর্থনীতিবিদের ধারণা, সরকারিভাবে প্রদত্ত মূল্যস্ফীতির হার বাস্তবে ১০ শতাংশেরও বেশি ছিল।

মূল্যস্ফীতি বাড়লে দারিদ্র্য কেন বাড়বে, তা একটি যৌক্তিক প্রশ্ন। আমাদের দেশের মূল্যস্ফীতির অভিজ্ঞতায় দেখা গেছে, খাদ্য মূল্যস্ফীতি খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতির চেয়ে বেশি। স্বল্প ও নিম্ন-আয়ের মানুষের জন্য খাদ্য মূল্যস্ফীতি আশঙ্কার কারণ। নিম্ন-আয়ের লোকদের পক্ষে জীবনের জন্য অতি প্রয়োজনীয় খাদ্যসামগ্রীর দাম বেশি হলে তাদের পক্ষে বেঁচে থাকা কঠিন হয়ে দাঁড়ায়। দাম বেশি হলে বাধ্য হয়ে খাদ্যসামগ্রী কেনায় কাটছাঁট করতে হয়, অথবা উচ্চমূল্যের খাদ্যসামগ্রী সস্তা মূল্যের খাদ্যসামগ্রী দিয়ে পোষাতে হয়। এতে নিম্ন-আয়ের মানুষ পুষ্টিমানের দিক থেকে অপ্রতুলতায় ভোগে। পুষ্টির অভাবে তারা নানা রকমের রোগব্যাধিতে আক্রান্ত হয়।

অসুখ-বিসুখের চিকিৎসা করাতে গিয়ে তাদের আরও সর্বস্বান্ত ও ঋণের জালে জড়াতে হয়। এভাবে দারিদ্র্য আরও প্রকট হয়ে ওঠে। দারিদ্র্যসীমার কিছু উপরে যারা অবস্থান করে, তারা দারিদ্র্যসীমার নিচে তলিয়ে যায়। অন্যদিকে যারা দারিদ্র্যসীমার নিচে অথচ কাছাকাছি থাকে, তারা চরম দারিদ্র্যে নিপতিত হয়। এ কথা জানা দরকার যে, দরিদ্র লোকদের মধ্যেও বৈষম্য থাকে। কেউ অল্প দরিদ্র, আবার কেউ বেশি দরিদ্র। এজন্য পোভার্টি গ্যাপের হিসাব করা হয়। দারিদ্র্য মোকাবিলা করার জন্য সরকারের অনেক ধরনের সামাজিক সুরক্ষা কর্মসূচি রয়েছে। বিভিন্ন নামে ও বিভিন্ন আকারে দরিদ্র লোকদের হাতে কিছু অর্থ পৌঁছে দিয়ে তাদের ক্রয়ক্ষমতায় শক্তি জোগানোই এসব সামাজিক সুরক্ষা কর্মসূচির উদ্দেশ্য। তবে দুর্ভাগ্যের বিষয়, দুর্নীতি, ক্ষমতা কাঠামোয় বৈষম্য ও দলবাজির কারণে সামাজিক সুরক্ষা কর্মসূচির অর্থ প্রকৃত দরিদ্র লোকদের হাতে পৌঁছায় না। এ অর্থের একটি উল্লেখযোগ্য অংশ তাদের হাতে চলে যায়, যাদের এ সহায়তা পাওয়ার কথা নয়।



বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, সবচেয়ে ধনী ২০ শতাংশ পরিবারের ৩৫ শতাংশ এই সুবিধা পায়। অন্যদিকে দরিদ্রতম ২০ শতাংশ পরিবারের মাত্র অর্ধেক এ সুবিধা পায়। সামাজিক সুরক্ষা কর্মসূচিতে এ ধরনের ছিদ্র থাকার ফলে এ কর্মসূচিটি ভন্ডুল হওয়ার উপক্রম হয়েছে। সামাজিক সুরক্ষা কর্মসূচি একধরনের বাজেটারি ট্রান্সফার। সাধারণভাবে জনগণের কাছ থেকে যে কর আদায় করা হয়, তারই একটি অংশ সামাজিক সুরক্ষা কর্মসূচির জন্য বরাদ্দ দেওয়া হয়। সামাজিক সুরক্ষা কর্মসূচির বিকৃতি সাধারণ কর প্রদানকারীদের প্রতি অবজ্ঞা ও অন্যায়ের শামিল।

দেশের জনসংখ্যার বড় একটি অংশ দারিদ্র্যসীমার কিছুটা উপরে থাকে। তারা উচ্চ মূল্যস্ফীতি ও প্রাকৃতিক দুর্যোগের মতো বিভিন্ন আঘাতের কারণে দারিদ্র্যসীমার নিচে চলে যাওয়ার ঝুঁকিতে থাকে। বিশ্বব্যাংকের হিসাবে ২০২২ সালে সংখ্যাটি ছিল ৬ কোটি ২০ লাখ। অর্থাৎ ২০২২ সালে দারিদ্র্যসীমার সামান্য ওপরে থাকা মানুষ সমগ্র জনসংখ্যার এক-তৃতীয়াংশের মতো। এদের অবস্থা খুবই ভঙ্গুর। সামান্য বিপর্যয়ে তাদের দারিদ্র্যসীমার নিচে চলে যাওয়ার শঙ্কা থাকে। দারিদ্র্য বিমোচনকে টেকসই করতে হলে নিশ্চিত করতে হবে এরা যেন সাময়িক বিপর্যয়ের আঘাতে দারিদ্র্যসীমার নিচে তলিয়ে না যায়। এটি বলা যত সহজ, করা তত সহজ নয়। সামগ্রিক অর্থনীতির টেকসই প্রবৃদ্ধি না হলে এ প্রবণতা স্থায়ীভাবে রোধ করা সম্ভব হবে না। নিশ্চিত করতে হবে এরা যেন স্থায়ীভাবে ও নিয়মিত কর্মসংস্থান পেতে পারে। দেশে দারিদ্র্যের হার হিসাব করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। সংস্থাটির খানা আয়-ব্যয় জরিপে এ তথ্য উঠে আসে। সর্বশেষ খানা আয়-ব্যয় জরিপ করা হয়েছিল ২০২২ সালে। তখন সার্বিক এরপর ৩৮ পৃষ্ঠায়



> অনেকে বলেন, দারিদ্র্য বুঝতে হলে ধন-ঐশ্বর্য কীভাবে সৃষ্টি হয় তা বুঝতে হবে। বাংলাদেশে বৈষম্য এখন বিপজ্জনক যাত্রায় রয়েছে। বৈষম্য পরিমাপকারী গিনি সহগ দশমিক পাঁচের ঘরে। এ মাত্রা যে অতি বিপজ্জনক তাতে কোনো সন্দেহ নেই। ধনবৈষম্য বেড়ে যাওয়ায় দারিদ্র্য যে প্রবল হয়েছে তা মেনে নিতে হবে। দারিদ্র্য সমস্যা মোকাবিলায় বিশ্বব্যাংকের সুপারিশগুলো হচ্ছে : ১. উৎপাদনশীল কর্মসংস্থানের ভিত্তি মজবুত করা; ২. দরিদ্রদের জন্য শোভন কর্মসংস্থানে সুযোগ বিস্তৃত করা; ৩. গ্রামের দরিদ্রদের জন্য কার্যকর বাজারব্যবস্থা গড়ে তোলা এবং ৪. সমতাভিত্তিক ও দক্ষ রাজনীতির মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা। তবে সবচেয়ে বেশি প্রয়োজন বিনিয়োগ বৃদ্ধি করে শিল্প ও সেবা খাতকে উন্নত করে টেকসই কর্মসংস্থানের পথে এগিয়ে যাওয়া

# অযৌক্তিক দাবী: পেশাগত নৈতিকতার সংকট ও জন প্রশাসন

ড. মাহরুফ চৌধুরী

> এই কঠোরতা কারো উপর প্রতিশোধ নয়; এটি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুস্থ প্রশাসনিক সংস্কৃতি গড়ে তোলার অঙ্গীকার। শৃঙ্খলা, নৈতিকতা, পেশাদারিত্ব ও জনকল্যাণভিত্তিক জনপ্রশাসনই রাষ্ট্রকে আমলাতন্ত্রের যাতাকল থেকে মুক্তি দিয়ে টেকসই, ন্যায়ভিত্তিক ও নাগরিকবান্ধব পথে এগিয়ে নিতে সক্ষম। আজকের সিদ্ধান্তই নির্ধারণ করবে আগামী দিনের জনপ্রশাসনের চরিত্র- গণ-অভ্যুত্থান উত্তর বাংলাদেশে কি গড়ে উঠবে দায়িত্বশীল ও আধুনিক রাষ্ট্রযন্ত্র, নাকি অব্যাহত থাকবে সুবিধাবাদী ও দুর্বল কাঠামো। তাই রাষ্ট্রের ভবিষ্যৎ যেন দায়িত্বহীন কারো হাতে না পড়ে তা নিশ্চিত করা সরকারের পাশাপাশি প্রতিটি নাগরিকেরও দায়িত্ব। আসুন, জনস্বার্থে চাপ প্রয়োগে অযৌক্তিক দাবি আদায়কারিদের বিরুদ্ধে সরকারকে কঠোর হতে উদ্বুদ্ধ ও সহায়তা করি

রাষ্ট্রযন্ত্র পরিচালনার জন্য যে কর্মকর্তাদের নির্বাচন করা হয়, তাদের মানসিক দৃঢ়তা, দায়িত্ববোধ, আইনের প্রতি আনুগত্য এবং রাষ্ট্রীয় সিদ্ধান্তকে সম্মান করার সক্ষমতাই একটি সুস্থ প্রশাসনের ভিত্তি। এ কারণে প্রজাতন্ত্রের জন্য একজন প্রশাসকের গঠনমূলক পথচলা শুরু হয় ঠিক যোগ্যতা প্রমাণের পরীক্ষার হলেই যেখানে তার শৃঙ্খলা, প্রস্তুতি, নৈতিকতা ও দায়িত্ববোধ প্রথমবারের মতো পরীক্ষিত হয়। এমন বাস্তবতায় আসন্ন বিসিএস পরীক্ষা পেছানোর দাবিতে সাম্প্রতিক আন্দোলন শুধু অযৌক্তিকই নয়, বরং এটি ভবিষ্যৎ আমলাতন্ত্রের নৈতিক চরিত্র ও প্রশাসনিক মানসিকতার উপযুক্ততার বিষয়কে প্রশ্নবিদ্ধ করে তোলে। যারা দেশের সেবায় নিয়োজিত হতে চায়, তাদের কাছ থেকে প্রথম প্রত্যাশাই হলো নিয়মমানা ও দায়িত্বশীলতা; অথচ পরীক্ষার আগে থেকেই যদি তারা অজুহাতসন্ধানী মানসিকতার পরিচয় দেয় এবং দায়িত্ববর্জিত আচরণ প্রদর্শন করে, তবে পরবর্তীতে রাষ্ট্র তাদের কাছ থেকে নাগরিকের কল্যাণ, সুশাসন বা আইনের প্রতি আনুগত্য কীভাবে আশা করবে? প্রকৃতপক্ষে যে রাষ্ট্রে সরকারি চাকুরিপ্রার্থীরাই নিয়ম ভাঙার সংস্কৃতি তৈরি করে, সেখানে প্রশাসন ভঙ্গুর হয় এবং রাষ্ট্রযন্ত্র দুর্বল হয়ে পড়ে।



রাষ্ট্রের প্রতি আনুগত্য শুধু চাকুরির শর্ত নয়; এটি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার একটি মৌলিক নৈতিক শপথ। তাই ভবিষ্যৎ প্রশাসকের গঠনমূলক পথচলা শুরু হয় নির্বাচনী পরীক্ষার হলেই, যেখানে প্রথ মবারের মতো পরিমাপ করা হয় তার শৃঙ্খলা, প্রস্তুতি, আত্মনিয়ন্ত্রণ, নৈতিকতা, নীতির প্রতি আনুগত্য এবং রাষ্ট্র ও জনগণের প্রতি কর্তব্যবোধ। এই পর্যায়ের ব্যর্থতা বা দায়িত্বহীনতা পরবর্তী জীবনে বড় ধরনের প্রশাসনিক অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারে রূপ নিতে পারে। এই বাস্তবতায় আসন্ন বিসিএস পরীক্ষা পেছানোর দাবিতে সাম্প্রতিক আন্দোলন শুধু অযৌক্তিকই নয়; বরং এটি প্রজাতন্ত্রের ভবিষ্যৎ আমলাতন্ত্রের নৈতিক চরিত্র নিয়েই প্রশ্ন তোলে। যারা রাষ্ট্র ও নাগরিকের সেবায় নিজেদেও নিয়োজিত করতে চায়, তাদের কাছ থেকে প্রথম প্রত্যাশাই হলো নিয়মমানা, আত্মনিয়ন্ত্রণ, সংকট মোকাবিলার সক্ষমতা এবং দায়িত্বশীল আচরণ। অথচ নিয়োগ পরীক্ষার আগেই যদি তারা দায়িত্ব এড়িয়ে যাওয়া, অজুহাত তৈরি করা, বা রাষ্ট্রের নির্ধারিত সময়সূচিকে অমান্য করার প্রবণতা প্রদর্শন করে, তবে ভবিষ্যতে তারা সুশাসন, আইনের প্রতি শ্রদ্ধা বা জনকল্যাণমূলক রাষ্ট্রচিন্তা কতটা ধারণ করতে পারবে, তা নিয়ে যথেষ্ট সন্দেহ থেকেই যায়।

আধুনিক রাষ্ট্রচিন্তায় ম্যাক্স ওয়েবারের বর্ণিত 'যৌক্তিক-আইনী কর্তৃত্ব' (রেশনাল-লিগ্যাল অথরিটি)

ঠিক এই নীতিতেই দাঁড়ানো, যেখানে রাষ্ট্রের কর্মকর্তারা নিয়ম মেনে চলবেন এবং ব্যক্তিগত আবেগ নয় বরং যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ করবেন। কিন্তু 'গোড়ায় গলদ' অর্থাৎ যারা শুরুতেই নিয়ম অমান্য করার সংস্কৃতি দিয়েই সরকারি প্রশাসনে জায়গা করে নিতে চায়, তারা সরকারের প্রত্যাশিত জনবান্ধব কাঠামোর সঙ্গে সাংঘর্ষিক একটি প্রশাসনিক চরিত্র গড়ে তোলে, যা রাষ্ট্রের জন্য দীর্ঘমেয়াদে ক্ষতিকর। বিসিএস কেবল একটি সাধারণ চাকুরির নিয়োগ পরীক্ষা নয়: এটি প্রজাতন্ত্রের প্রশাসন পরিচালনার জন্য যাদের ওপর জনস্বার্থের সবচেয়ে সংবেদনশীল দায়িত্ব অর্পিত হবে, তাদের নির্বাচন প্রক্রিয়া। তাই যদি ভবিষ্যৎ কর্মকর্তারাই আন্দোলনের মাধ্যমে নির্ধারিত সময়সূচি বদলাতে সক্ষম হন, তবে রাষ্ট্রযন্ত্রের প্রশাসন ভবিষ্যতে কাদের হাতে পরিচালিত হবে সেই প্রশ্নটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যারা এখনই রাস্তায় নেমে কৃত্রিম চাপ সৃষ্টি করে প্রশাসনের সিদ্ধান্ত পরিবর্তন করাতে সক্ষম হন, তাদেও ভবিষ্যৎ প্রশাসনিক মনোভাব কেমন হবে আমাদের পক্ষে তা অনুমান করা কঠিন নয়। রাষ্ট্র পরিচালনায় দায়িত্বশীলতা, নিরপেক্ষতা, পেশাদারিত্ব ও নিয়ম-শৃঙ্খলা হলো একটি জনবান্ধব আমলাতন্ত্রের ন্যূনতম পূর্বশর্ত; অথচ এ ধরনের চাপ সৃষ্টি ও নিয়মভঙ্গের মাধ্যমে তারা ঠিক সেই কাঠামোকেই দুর্বল করে দেয়। জনপ্রশাসনবিদেরা দেখিয়েছেন যে নিয়মের প্রতি অবজ্ঞা, কর্তৃত্বেও প্রতি অতিরিক্ত আত্মবিশ্বাস এবং সিদ্ধান্ত গ্রহণে ব্যক্তিগত ইচ্ছার আধিপত্য মিলিত হয়ে যে 'অকর্মণ্য ও অথর্ব আমলাতন্ত্র' তৈরি করে, তার শিকড় থাকে কর্মকর্তাদের প্রাথমিক চরিত্র গঠন ও নৈতিক মূল্যবোধে। আমাদের দেশে সাধারণ মানুষের ওপর জনপ্রশাসনের যে আমলাতান্ত্রিক আধিপত্যবোধ বা 'কর্তৃত্বের মনস্তত্ত্ব' দৃঢ় হয়েছে, তার মূলে রয়েছে অসংযত, নিয়ম-অমান্যকারী প্রাথমিক মনোবৃত্তি ও রাষ্ট্রীয় কাঠামোয় আইনের শাসনের অভাব। রাষ্ট্রের চাকুরিতে প্রবেশের আগেই যারা সরকারি সিদ্ধান্ত বা নিয়মনীতি পরিবর্তনের দাবি তোলে এবং চাপ প্রয়োগকে তা আদায়ের হাতিয়ার বানায়, তারা ক্ষমতায় গেলে আরও বড় পরিসরে একই আচরণের পুনরাবৃত্তি করবে এটাই স্বাভাবিক পরিণতি। ইতিহাস সাক্ষ্য দেয়, যে সমাজে নিয়মভঙ্গকারীরা নিয়ম নির্ধারণ করতে শুরু করে, সেখানে আমলাতন্ত্র জনস্বার্থ থেকে বিচ্যুত এরপর ২৬ পৃষ্ঠায়



# ৫৫তম মহান বিজয় দিবস উদযাপন

## উপলক্ষ্যে মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান, আলোচনা, শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা সাংস্কৃতিক অনুষ্ঠান

সঙ্গীত পরিবেশনায়: কৃষ্ণা তিথি, শারমিন তানিয়া, বাপ্পি-মিতা, তনজীর সজীব, বুলা আজরাজ ও রায়হান পারভেজ
নৃত্য পরিবেশনায়
বাফা, মিথান ডান্স একাডেমি ও স্থানীয় শিল্পীগন।

**All Are Cordially Invited**

১৬ই ডিসেম্বর
মহান বিজয় দিবস
সন্ধ্যা: ৫ ঘটিকায়
মঙ্গলবার

# 16 December, 2025

## Venue: Golden palace

**1451 Unionport Rd, Bronx, NY 10462**

**Time: 5PM-11:30PM**

Media Partner: Millennium TV, USA News Online.com, Tushar Pic Chitra, Behango Printing

### Invited Guest

- Vanessa L. Gibson-Borough President
- Nathalia Fernandez, NYS senator
- Amanda Farias, NYC Council majority leader
- Karines Reyes -NYS Assembly member
- Freedom Fighter Manzoor Ahmed, Bir Protik
- Ataur Rahman Salim (President) Bangladersh Society INC
- Mohammed N Mujumder LLM-Chairman, Community Board 9 Bronx

| আহবায়ক- | প্রধান সমন্বয়কারী- | সদস্য সচিব- |
|---|---|---|
| **শামীম আহমেদ** | **ফরিদা ইয়াসমিন** | **পল্লব সরকার** |
| 347-636-5153 | 347-387-7897 | 609-553-8953 |

| যুগ্ম আহবায়ক- | যুগ্ম সমন্বয়কারী- | সাংস্কৃতিক উপ-কমিটি- | যুগ্ম সদস্য সচিব- |
|---|---|---|---|
| রেক্সোনা মজুমদার | কাজী রবিউজ্জামান | মিথুন দেব | সুরাইয়া আলম লাকী |
| মোস্তাকুর রহমান লিটন | শামীম আরা বেগম | মেহের চৌধুরী | সুরজিৎ কিশোর দাস চৌধুরী |
| কামাল উদ্দিন | হুমায়ুন কবির সুহেল | কবি জুলি রহমান | মারুফ রশীদ |
| মোশাহিদ চৌধুরী | আবুল কালাম আজাদ সাবু | কামরুন নাহার রিতা | নুরুল ইসলাম |
| নুরে আলম জিকু | ইসকন্দর আলী মিন্টু | রায়হান পারভেজ | রিপন সরকার |

**সার্বিক সহযোগীতায়-** আব্দুল গফফার চৌধুরী, মো: শাহীন মিয়া, আব্দুল চৌধুরী তাকি, শাহেদ আহমদ, মজুর চৌধুরী তুগলুল, মো: সাহাদ মিয়া জাকারিয়া, সাইদুর রহমান লিংকন, মিয়া মো: দাউদ, ইব্রাহীম বাবো ভূঁইয়া

**উপদেষ্টা মন্ডলী-** আব্দুর রব দলা মিয়া, আব্দুস শহীদ, জুনেদ চৌধুরী, মাহবুব আলম, তোফায়েল আহমদ চৌধুরী, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, কাওছারুজ্জামান কয়েস, আব্দুর রহিম বাদশা, লোকমান হোসেন লুডু, এম.এ. মুহিত, শেখ আল মামুন, আব্দুল মোক্তাদির, মুক্তিযোদ্ধা লিয়াকত আলী, মুক্তিযোদ্ধা কমান্ডার মজুর আহমেদ, মুক্তিযোদ্ধা সরকার আব্দুল মজিদ, মুক্তিযোদ্ধা এম. এ. নাসের, মুক্তিযোদ্ধা কায়সার চিশতী, মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার মো: আবু জাফর আহমেদ, মুক্তিযোদ্ধা আব্দুর রউফ, মুক্তিযোদ্ধা আব্দুর রউফ, মুক্তিযোদ্ধা মুন্সী বশীর উদ্দিন, মুক্তিযোদ্ধা আব্দুর রউফ, মুক্তিযোদ্ধা আব্দুল হালিম মুন্সী, মো: এস. আলী, মো: মাইনুদ্দিন, আক্তারুজ্জামান হানি, মীর মারুফত উল্লা সুমন, মো: সোলায়মান, সৈয়দ গৌফুল হোসেন, মো: সাব্বির হোসেন, খবির উদ্দিন ভূঁইয়া, মোঃ মখন মিয়া, সোহান আহমদ টুটুল, এটিএম খসরুজ্জামান, আবুল খায়ের আকন্দ, এ্যাড. আলাউদ্দিন, মো: মুকিত চৌধুরী, মোস্তাক চৌধুরী, শ্যামল কান্তি চন্দ, কবি আবু তাহের চৌধুরী, জামাল উদ্দিন চেয়ারম্যান, কবি সুধাংশু কুমার মন্ডল, মো: আবুল কাশেম, তোফাজ্জল হোসেন, ফরিদ আহমেদ ভূঁইয়া, আবুল লেইছ চৌধুরী চেয়ারম্যান।

**সদস্য-** মো: বিলাল ইসলাম, জামাল হোসাইন, মসনুর রহমান বিজয় কৃষ্ণ সাহা, শেখ আলি আহাদ, মুবিবুল হক, মাহিদুর রহমান লস্কর জুয়েল, জিল্লুর রহমান খান, তপধীর রায় বুলন, রেজা আব্দুল্লাহ, দিপংকর দেব, শফিকুর রহমান, সুমন চৌধুরী, ইমরান আলী টিপু, কাজীরুল ইসলাম, আশফাকুল হক চৌধুরী, আল মামুন সরকার, নাজমুল ইসলাম রাসেল, চৌধুরী মোহাম্মদ তানিম, গুলজার হোসেন, আক্তার উদ্দিন খান মান, জাকরুল ইসলাম, শেখ শফিকুর রহমান, দুলাল তরফদার, কাজিম আহমেদ।




## আয়োজনে: সম্মিলিত ব্রঙ্কস বাংলাদেশী কমিউনিটি




## উনবাঙালে মাসিক একক সঙ্গীতের আয়োজন

৩ পৃষ্ঠার পর

বিজয় দিবস উপলক্ষে কুইন্স পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠান করছে উনবাঙাল। সেই অনুষ্ঠানের রিহার্সাল দিয়েই সন্ধ্যাটি শুরু হয়। "বিজয় একটি খোলা জানালা" গীতি-কাব্যালেখ্যের রিহার্সালে নেতৃত্ব দেন উনবাঙাল-সঙ্গীত বিভাগের প্রধান সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল। অন্যান্যের মধ্যে ছিলেন মিতা হোসেন, মোহাম্মদ শাদু, রুনা আফরোজ, আবিদা সুলতানা, মুক্তা চৌধুরী, রেণু রোজা, মুক্তি জহির, দিবা সেকারতিভি, আহসান হাবিব, জিএম ফারুক খান, নজরুল ইসলাম, চয়ক ইসলাম, রেজা কামাল, সানিয়েল ইসলাম প্রমুখ। এই দিন একক সঙ্গীত পরিবেশন করার জন্য উনবাঙালের পক্ষ থেকে মিতা হোসেনকে সম্মাননা ক্রেস্ট উপহার দেওয়া হয়। এ-সময় রিসাইটেশন পাঠ করে শোনান কবি কাজী জহিরুল ইসলাম। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উনবাঙাল আয়োজিত অমর একুশে বইমেলা ২০২৬ এর আহ্বায়ক ফখরুল আলম। উল্লেখ্য তিনি ২০২৫-এর বইমেলারও আহ্বায়ক ছিলেন।




## নরসিংদী সরকারী কলেজ এলামনাই নতুন কমিটি

৩ পৃষ্ঠার পর

নির্বাচিত হয়।

আর কোন প্যানেল না থাকায় প্রধান নির্বাচন কমিশনার আজহারুল ইসলাম খোকা "ফিরোজ- সুমন" প্যানেল কে (২০২৬-২০২৭) নির্বাচিত ঘোষণা করেন এবং গত ২৩শে নভেম্বর এস্টোরিয়ার মেলো বাংলাদেশ রেস্টুরেন্টে নব নির্বাচিত কমিটির কর্মকর্তাদের উপস্থিত নরসিংদী সরকারি কলেজের সাবেক ছাত্র-ছাত্রীদের সাথে পরিচয় করিয়ে দেন। নির্বাচন কমিশনার ও প্রধান উপদেষ্টা মাহবুবুর রহমান চুন্নু এসময় উপস্থিত ছিলেন।

এসময় আরো উপস্থিত ছিলেন উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান মাহবুবুর রহমান চুন্নু , কো-চেয়ারম্যান আজহারুল ইসলাম খোকা, সাবেক ভিপি মোঃ আশরাফ উদ্দিন, জে মোল্লা সানী , জসিম খন্দকার , বি এম মামুন, সালাহউদ্দিন খান তুহিন, কবির আহমেদ, আলমগির মৃধা, প্রদীপ মালাকার, সাইফুর রহমান, আতিকুর রহমান, মাবুদুর রহমান মুরাদ, জিয়াউর রহমান, মতিউর রহমান, কাজী কামরুজ্জামান, রোজী আজাদ, শামীমা খান, নাসরিন রুমি, রাশেদুল কবির সজল, সাইফুল ইসলাম, ইকবাল কবির, সাখাওৎ হোসেন, মোঃ আরিফ আহমেদ, মেহেদী হাসান, মকবুল হোসেন, মোঃ হোসেন, খোকনসাহসহ নরসিংদী সরকারি কলেজ এলামনাই এসোসিয়েশনের নেতৃবৃন্দ ও বিপুলসংখ্যক সাবেক ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। পরবর্তিতে উপস্থিত নরসিংদী কলেজের সাবেক ছাত্রছাত্রী ও নরসিংদী সরকারি কলেজ এলামনাই এসোসিয়েশনের কর্মকর্তা ও সদস্যবৃন্দ নতুন কমিটির সবাইকে অভিনন্দন জানান।

নবনির্বাচিত সভাপতি ফিরোজ আহমেদ ও সাধারণ সম্পাদক খন্দকার সুমন এই প্যানেলকে নির্বাচিত করায় সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও সকলের সহযোগিতায় এলামনাই এসোসিয়েশনকে গতিশীল, স্বচ্ছতা, নিরপেক্ষ ও সততার সাথে পরিচালনা করার আহ্বান দেন। অনুষ্ঠানের শেষে সবাইকে নৈশভোজে আপ্যায়ন করা হয়। ৫ই এপ্রিল ২০২৬ গুলশান টেরেসে নরসিংদী সরকারি কলেজ এলামনাই এসোসিয়েশন ইনক এর অভিষেক অনুষ্ঠিত হবে।



## কিশোরগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের থ্যাঙ্কসগিভিং ডে উদযাপন

৩ পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবিএম ওসমান গণি, ভাইস চেয়ারম্যান মফিজুর রহমান দুলাল, সদস্য মোহাম্মদ বেলাল হোসেন ও হাবিবুর খান ভিক্টর, উপদেষ্টা কামরুল হাসান চৌধুরী খসরু, আজিজুন নাহার মুকুল, ইকবাল হোসেন ও সৌরভ হোসেন, কো-চেয়ারম্যান জুনায়েদ আহমেদ রানা, মোহাম্মদ সালাহউদ্দিন, শামীম আহমেদ নাসের, মোহাম্মদ দুলাল মিয়া ও কামরুল ইসলাম রতন, এক্সিকিউটিভ ডাইরেক্টর মনিরুজ্জামান মনির, ট্রেজারার বিশ্বজিত পাল সহ অন্যান্য কর্মকর্তা ও অতিথিরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্যে সংক্ষেপে থ্যাঙ্কসগিভিং ডে'র তাৎপর্য তুলে ধরেন এবং ঐক্যবদ্ধভাবে সংগঠনকে আরো শক্তিশালী করে প্রবাসের আদর্শ সংগঠনে পরিণত করার উপর গুরুত্বারোপ এবং সবার সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে সংগঠনের বোর্ড অব ডাইরেক্টর মোহাম্মদ মাহফুজুল হক, জাকিয়া খান, বিশ্বজিৎ পাল, তাহমিনা চৌধুরী, মোহাম্মদ রফিকুল ইসলাম, মোহাম্মদ জাহিদুল ইসলাম ও মকবুল হোসেন, কার্যকরী সদস্য কাহমিনা খানম, খালিজা আফুরি, সুলতা শাহরিন মমি, তানিয়া রফিক, ফারজানা ইসলাম, আব্দুর রাশেদ ছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মনসুর খান, আজহার ইছহাক, মামুন আশরাফী, এম এস জিন্নাত, মনিরুল ইসলাম, ফেরদৌস ভূঁইয়া, আমিনুল ইসলাম, নবী হোসেন, মোহাম্মদ হক।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের সাংস্কৃতিক অনুষ্ঠানে একক সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী রোকসানা মির্জা। শিল্পী শিশু কিশোর কিশোরীদের নিয়ে নেচে নেচে গান পরিবেশন করার পাশাপাশি একাধিক গানের মাধ্যমে উপস্থিত সকলকে মুগ্ধ করেন। সবশেষে ছিলো নৈশভোজ।




## র‍্যাফেল ড্রতে ভাগ্যবতী রানো নেওয়াজ

৬৪ পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার। মাসিক রিপোর্টের উপর আলোচনায় অংশ নেন লায়ন ডিস্ট্রিক্ট আর২-২৩ এর সেকেন্ড ভাইস গর্ভনর শাহ নেওয়াজ, লায়ন্স এটর্নি মঈন চৌধুরী, রকি আলিয়ান, মোহাম্মদ সাইয়িদ, আহসান হাবিব ও মামুন রানা তপন। সভায় কোষাধ্যক্ষ মামুন রানা তপন সংগঠনের আয় ব্যয়ের হিসেব তুলে ধরেন।
















## নিউইয়র্ক মহানগর আ.লীগের কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

সহসভাপতি সাখাওয়াত হোসেন চঞ্চল, সহসভাপতি মামুন সিরাজী, সহসভাপতি সাইফুল ইসলাম, সহসভাপতি শাহ সেলিম, সোহেল আহমেদ, কামরুল আহসান, যুগ্ম সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, যুগ্ম সম্পাদক মাহফুজুল হায়দার, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, মহিলা সম্পাদিকা কানিজ ফাতেমা, ব্রুকস শাখার সভাপতি আব্দুল মুহিত, সাধারণ সম্পাদক মোশাহিদ চৌধুরী, ব্রুকলিন সভাপতি নজরুল ইসলাম, জ্যাকসন হাইটস শাখার সভাপতি শাহ চিশতি, সাধারণ সম্পাদক তানভীর আহমদ প্রমুখ।

## খালেদা জিয়ার জন্য দোয়া চেয়েছে যুক্তরাষ্ট্র বিএনপির নেতারা

৩ পৃষ্ঠার পর

জিলু, সাবেক ছাত্রনেতা ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র নেতা আবদুল সবুর, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধ্যক্ষ জসিম উদদীন ভূঁইয়া, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এবাদ চৌধুরী, রিয়াজ মাহমুদ, আতিকুল আহসান, এজে জাহাঙ্গীর হোসেন খলকুর রহমান, আতিকুর রহমান, মাইনুল ইসলাম টিপু, নুর আলম, মো. রিপন মিয়া, সেলিম আহমেদ, মনিরুল ইসলাম মনির ও মামুন রানা।

বিবৃতিতে তারা আরো বলেন, বেগম জিয়া শুধু একজন রাজনৈতিক ব্যক্তিত্ব নন। তিনি দেশের গণতান্ত্রিক ধারাকে বাঁচিয়ে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। আজ তিনি যে শারীরিক সংকটে রয়েছেন। এতে সর্বস্তরের মানুষের সহানুভূতি, ভালোবাসা ও প্রার্থনাই হতে পারে তাঁর জন্য সবচেয়ে বড় শক্তি। নেতৃবৃন্দ দেশবাসীর প্রতি দোয়ার পাশাপাশি মানবিক সহমর্মিতা ও ঐক্যের আহ্বান জানিয়ে বলেন, দেশনেত্রীর অসুস্থতার এই সময়ে বিভাজন নয়, ঐক্য, সহমর্মিতা ও দোয়া প্রয়োজন। আমরা আশা করি, দেশবাসীর ভালোবাসা ও দোয়া তাঁকে দ্রুত সুস্থ করে তুলবে। বেগম খালেদা জিয়ার শারীরিক সংকট কালে দেশনেত্রীকে বিশেষ মর্যাদা সম্পন্ন ব্যক্তি ঘোষণা করায় উপদেষ্টা পরিষদের সকল সদস্যদের ধন্যবাদ ও অভিনন্দন জানান তারা।

## মেরী জোবাইদাকে সিনেটর জন ল্যুর এনড্রোর্সমেন্ট

৩ পৃষ্ঠার পর

দেন। তিনি বলেন, তিনি নির্বাচিত হলে জনগণের সেবক হিসেবে এস্টোরিয়াবাসীর স্বপ্ন পূরণ করবেন। তিনি একজন গর্বিত বাংলাদেশী। বাংলাদেশী কমিউনিটিকে এগিয়ে যাবার স্বপ্নে মেরী মেরী জোবাইদা এখন অনেকের কাছে আইকন। এ সময় মেরী জোবাইদা বলেন, আমাদের আশা-প্রত্যাশা পূরন করতে হলে আলবেনীতে আমাদের প্রতিনিধিত্ব থাকতে হবে। নির্বাচিত হলে এস্টোরিয়াবাসীর স্বপ্ন পূরণ করবেন এবং সবার পাশে থাকবেন বলে আশ্বাস দেন তিনি। অনুষ্ঠানে বক্তারা বলেন, মেরী জোবাইদার নির্বাচনী সমাবেশটি শুধু জনসমাগম নয়, উচ্ছ্বাস আর আনন্দে ছিল পরিপূর্ণ। আগামী নির্বাচনে জয়ের ব্যাপারে বিশ্বাসী মেরী জোবাইদা ও তার সমর্থনকারীরা। এজন্য বাংলাদেশী কমিউনিটিদের সবার সমর্থন কামনা করেন তারা।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, টাইম টেলিভিশনের পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, মূলধারার রাজনীতিক সুশা রায়, ইমাম শামসী আলী, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপ (বাগ)-এর সভাপতি জয়নাল আবেদীন, কাজী ফৌজিয়া, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সভাপতি সোহেল আহমেদ, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, শ্রীমঙ্গল এসোসিয়েশন অব ইউএসএ'র সভাপতি মাহমুদুর রশীদ শিপু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আমিন মেহেদী, তুষার ভূঁইয়া, সৈয়দ আল আমিন রাসেল, মোহাম্মদ এহসানুল ইসলাম শিমুল, রুবেল আহমেদ, মোহাম্মদ আলম, আল আমীন, মনসুর আলম, আব্দুল খালিক, ফারুক আহমেদ, আজিজুর রহমান, পলি বেগম, সায়েরা আহমেদ, মাইনা রহমান, মাহতাব খান, জাহাঙ্গীর আলম সহ অনেকে উপস্থিত ছিলেন।

## খালেদা জিয়ার সুস্থতায় যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের দোয়া মাহফিল

৩২ পৃষ্ঠার পর

জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদারের সার্বিক তত্ত্বাবধানে মাহফিল পরিচালনা করেন প্রফেসর সাইদ আজাদ।

মাহফিলে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী যুক্ত ছিলেন আগামী নির্বাচনে বরিশালের কাউখালিয়া থেকে সংসদ সদস্য প্রার্থী, কেন্দ্রীয় বিএনপির ধর্ম বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম জামাল। মাহফিলে বিশেষ অতিথি ছিলেন টেক্সাস জিয়া পরিষদ-এর আহবায়ক আব্দুর রকিব খান সবাব, বিএনপি নেতা মার্শাল মুরাদ, কাজী সাখাওয়াত হোসেন আজম ও অ্যাডভোকেট সারোয়ার। প্রধান অতিথি ছাড়াও অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ভিপি আলমগীর খান, জাহাঙ্গীর শহীদ সারোয়ার্দী, মোহাম্মদ মানিক, এম: বদরুল হায়দার তোতা, মোহাম্মদ আদনান, হারুন রশিদ প্রমুখ।

বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন আল আকসা মসজিদের খতিব ও পেশ ইমাম হাফেজ রফিকুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশের তিন তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে 'বাংলাদেশের গণতন্ত্রের মাতা ও দেশনেত্রী' আখ্যায়িত করে তাঁর শারীরিক অবস্থা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ এবং দেশের জন্য তাঁর অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করার পাশাপাশি তাঁর দ্রুত সুস্থতা কামনা করেন। বাংলাদেশের বর্তমান সময়ে দেশ-জাতি ও দলের জন্য তাঁর মতো অভিভাবকের বড় প্রয়োজন বলে উল্লেখ করেন তারা।




# এই সপ্তাহের কবিতা



## ঋণ
### মনিজা রহমান

সিঁড়ি দিয়ে উঠতে উঠতে মনে হলো
সিঁড়ির কাছেও আমার ঋণ আছে।
শাড়ির প্রতিটি সুতায়, চিরুনি ও চশমায়
কাজলে, হাইহিলে ও হেয়ারক্লিপে আমার ঋণ আছে।
ঋণ আছে স্টেডিয়ামের ঘাসে, প্রেস গ্যালারি আর নিউজ ডেস্কে
ঋণ আছে অদেখা বাতাসে, পরিস্ফুট রোদের কাছে,
আমার জানালায়, ল্যাপটপে, সেলফোনে, আর আংটিতে।
কিছু কিছু ঋণ থাকা ভাল
কিছু কিছু ঋণ থাকতেই হয় - যেমন নিঃশ্বাসের কাছে,
কবিতার প্রতিটি পংক্তিতে ও অনুপ্রাসে।
গাছেদেরও ঋণ আছে মাটি আর বৃষ্টির কাছে
নৌকার ঋণ আছে জল ও তরঙ্গের সঙ্গমে
বৃষ্টির ঋণ আছে মেঘ আর ফসলের দূরত্বে।
এইসব ঋণ জ্যোৎস্নার মত অরূপণ প্রাত্যহিক।
কিছু ঋণ আমি দরজায় ঝুলিয়ে রেখেছি
অনাগত আগামির জন্য।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## শেষ বিচারের মাঠে
### সুজন দাশ

যেমন তুমি করছো সবার সাথে
তেমন কিন্তু তোমার সাথে হবে,
দৃষ্টি তোমার বন্দী মোহের কাছে--
দূর আগামীর ভাবেনা তাই ছবি
মিলবে না মাফ, পিছেই বিধি আছে।

গায়ের জোরে বাঘও লাফায় কত
বল থাকে না বারো বছর হলে,
অতীত ভেবে বাঘও তখন কাঁদে-
পরিণতি তারও তেমন জোটে,
নিয়তি সব একই সূত্রে বাঁধে!

পাপ থেকে পাপ বাড়েই ক্রমে ক্রমে,
মনে তখন পড়ে না তার ছায়া।
মরণ ভাবনা দাগ কাটে না মনে,
নিজকে তখন অমর সবে ভাবে
মেতে থাকে হিংসা বিভেদ রণে!

কমার আগে তাই বলি ভাই ভাবো
নইলে কিন্তু পস্তাবে ঠিক শেষে,
আদালতে হবে সমন জারি,
উকিল এসে করবে ঠিকই জেরা
ভেবে দেখো,- কেমনে দেবে পাড়ি?

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## আবদার
### মহসিন আলম মুহিন

স্নেহের অধিকারে-বিনীত চাওয়ার কারবার
এটা হলো আমাদের কাছে-পাওয়ার আবদার।
কখনো ন্যায়, কখনো অন্যায়, এমনতর চাওয়া
আসল কথা এমন দাবি অযৌক্তিক মেনে নেওয়া।
জনকের কাছে ঔরষের দাবি বার বার যদি মেটে
এহেন অন্যায় আবদারে, কপালে খারাপি জোটে।

সমাজ, রাষ্ট্র, আলয় ঘিরে চলে যদি অসৎ আবদার,
সুস্থ কাঠামো ভেঙে পরবে, সব ভালো হবে ছারখার।
আবদার ছাড়ো, সততার করো রচনা আর বন্দনা
সবখানে জ্বলবে জ্যোতি, কালো কিছু থাকবে না।



## ভালোবাসার রঙ
### মোহাম্মদ সহিদুল আলম

ভালোবাসার রঙ হয় না,
অগণিত প্রকাশ আর প্রকার।
ছোট থেকে বৃদ্ধ পর্যন্ত কম বেশি সবাই ভালোবাসার কাঙাল!
ভালোবাসা পেলে বনের পশুও হার মানে।
হার মানে না শুধু রূপে গুণে গুণান্বিত মানুষ রূপী অমানুষ!

সমাজে ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা অগণন! বিপদে,
কেহবা পেটের দায়ে,
কেহবা আবার সামাজিকতা রক্ষার্থে ভালোবাসার রঙ পাল্টাই!

বিধাতার অদ্ভুত সৃষ্টি ভালোবাসা,
বৃদ্ধ বয়সেও হাহাকার,
একটু ভালোবাসার।
পিতা-মাতার ভালোবাসা অতুলনীয়!
শুধু সময় বদলে যায়।

দুঃখজনক হলেও সত্য!
সুবিধা বা সামাজিকতা রক্ষার্থে আসল জন্মদাতা
ভুলে গিয়ে অন্যকে ডাকেন পিতা মাতা।
সব ভালোবাসায় গন্ডগোল হলেও হয়ে যায়,
গর্ভধারিনী মা আর জন্মদাতা পিতা'র ভালোবাসা বদলায় না।

লেখক: কবি, কলম্বো, ফ্রান্স।



## শক্ত বাহুবন্ধে
### মামুন জামিল

চলো সবাই হস্ত মিলাই
কাজ কি বলো দ্বন্দ্বে,
শয়তানেরা আবাস খুঁজে
তোমার আমার স্কন্ধে।

'ফুলার মতো' 'থামের মতো'
হস্তী দেখে অন্ধে!
আমরা সবই দেখতে পারি
ভালো কিবা মন্দে!

কাদা ছোঁড়ার চলছে খেলা!
অসীম চাল আর ছন্দে?
বৃথাই কেবল নষ্ট করি
সকাল-দুপুর-সন্ধ্যে?

স্বাধীন দেশের শুদ্ধ বায়ু
বইছে মৃদু মন্দে,
তুলছে আবেশ তোমার আমার
সব হৃদয়ের রন্ধ্রে।

বিশ্ব মোড়ল চোখ ফেলেছে
রক্তলোলুপ গন্ধে,
বুঝি সবাই তুমি আমি
বুঝেও সেটা অন্ধে!

এখন সময় হস্ত তুলে
কোটি হৃদয় স্পন্দে
স্বাধীন স্বদেশ রাখবো ধরে
শক্ত বাহুবন্ধে।



## ভূমিকম্প
### আহম্মদ হোসেন বাবু

*(বাংলাদেশে ভয়াবহ ভূমিকম্প স্মরণে)*

সেদিন শুক্রবার ছুটির দিন তখনো অনেকেই
গা-মোড়া দিচ্ছে বিছানায়
ভয়াবহ ভূমিকম্পে আতঙ্কিত মানুষ
বাসা ছেড়ে দৌড়ে পালায়!

দুই দশক পর হঠাৎ ভূমিকম্পে মানুষ এখন
বড্ড বেশি দিশেহারা!
ঝুঁকিপূর্ণ এই দেশে আবার আসে যদি
ফিরে কোথায় দাঁড়াবে তারা?

ভূমিকম্প যতখানি না মাটি কাঁপালো
তারচেয়ে অধিক এ হৃদয়!
এত দুর্নীতি, অনাচার, অবিচার, ব্যভিচার
কিভাবে বলো সহ্য হয়?

যে শরীর তোমার মাটিতে তৈরি তাকে তুমি
কেন করো অবহেলা?
এখনো সময় আছে শুধরে নাও, নইলে তুমি
দেখতে পাবে আসল খেলা।

যে খেলা খেলছে নির্বিচারে বহির্বিশ্বে
সেই খেলা খেলবে অবশেষে
কোন কিছু বুঝে ওঠার আগেই নিষ্ঠুর খেলায়
রক্তের স্রোতে যাবে ভেসে!

এই পৃথিবীতে কখনোই নও তুমি একেবারে
মুক্ত লাগামহীন ঘোড়া
ভূমিকম্প এসেছিল আসবে আবারো কিছু
দানবকে করতে খোঁড়া।

দানবের শঠতায় বিশ্বাসঘাতকতায় কেঁপে
ওঠে আমাদের দেশমাতা!
এত নিপীড়ন এভাবে চলতে থাকলে আবার
ভেঙে পড়বে ঘরের ছাতা!

ভূমিকম্প যতখানি না মাটি কাঁপালো
তারচেয়ে অধিক এ হৃদয়!
এত দুর্নীতি, অনাচার, অবিচার, ব্যভিচার
কিভাবে বলো সহ্য হয়?





## আকাশ নীলে পাখি
### সুফিয়ান আহমদ চৌধুরী

আকাশ নীলে উড়ছে পাখি
মুক্ত মনে উড়ে,
উড়তে তার নেই তো মানা
যায় তো উড়ে দূরে।

পাখনা মেলে মনের সুখে
যায় তো পাখি যায়,
স্বাধীন স্বপ্নে সেই পাখিটা
আনন্দে গান গায়।

স্বাধীন কত সেই পাখিটা
আকাশ নীলে দেখি,
পায় না ভয় ঠিকই পাখি
খুশির হাট সে কি!

পাখির বাসা সুখের বাসা
ছানারা নিয়ে থাকে,
অথই সুখে রয় তো পাখি
সুখের ছবি আঁকে।

ডাকছে পাখি বাক বাকুম
আকাশে থাকে পাখি,
স্বপ্ন স্বাধীন আকাশ নীলে
যায় তো সুখ আঁকি।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## তোমার স্মৃতি
### মুহাম্মদ মুজাহিদ

নির্ঘুম রাত
তোমার ট্রাফিক সিগন্যালে আটকে আছি
উনত্রিশ বছর,
প্রতিদিন তোমাকে ভুলে যাবার ইচ্ছাকৃত
ভুল করি। তোমার স্মৃতি গুলো
আকাশে উড়িয়ে দিই,
ঠোঁটের মাঝে লেপ্টে থাকা তোমার ঠোঁটের
স্নিগ্ধ নির্যাস ধুয়ে ফেলি।
তবু কিছু ব্যর্থতা
সার্টের কলারে উঁকি মারে,
তোমার শরীরের ঘ্রাণ, নিতম্বের ঢেউ
অহরহ উত্যক্ত করে,
যত বেশী তোমাকে ভুলে যেতে চাই
তোমার স্মৃতি গুলো ততোধিক উন্মাদ হয়ে উঠে।

লেখক: কবি, ওমান, মাসকট।



## দুটি ফুল
### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

বেলা শেষে আকাঙ্খার সব আবেশ হারা
কাঁকর ভাঙা পথে-
অগ্রাণ মাসের গন্ধ লেগে থাকা সেই
শুকনো জমা পাতা গুলো
আজও বলে-
চলো ঐ সবুজ ঘাসে ভরা প্রান্তরের পথে পথে ছুটি,
বসি কমলা রঙের মেঘে ছাওয়া ঐ ছাদের কার্নিশে।

হৃদয় সমাচারে সাজাই প্রেমালু বাগান,
দক্ষিণা বাতাসে ফুটুক শিরীষের ফুল,
তৃষ্ণার্ত মন বুনুক পান্ডুলিপি কবিতার,
উঠুক সহজাত ঠোঁটের কাঁপন।

এভাবেই নিরন্তর পেরিয়ে যাই
পুরো তারার আকাশ,
আম্রকানন-কাঁঠাল ছায়া,
গাছের সারি-ঝিঁঝিঁ ডাকা ঝাউবন,
জোনাক জ্বলা সেই পথ।

অন্ধমোড়ে এক ঠাঁয় সাক্ষ্য হয়ে দাঁড়িয়ে থাক
শুধু বৃদ্ধ বটবৃক্ষ।

আড়মোড়া ভেঙে আলসে চোখে সূর্যটা
সদর দুয়ার খুলে দেখুক টালুমালু-
স্নেহের মত শব্দহীন ফুটে থাকা
দুটি ফুল বড্ড গোপন প্রণয়ী।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# ICE protesters clash with cops at China Town: Bangladeshi Business

Shah Nawaz

More than 150 anti-ICE protestors descended on a lower Manhattan, near China Town government building Saturday and clashed with cops amid reports that federal agents are rounding up illegal migrants in the area this weekend.40% business and employees are Bangladeshi Origin. Several Times raid, arrest and clashed hurts business at Canal Street. Illegal workers flew away. They are not returning to work in frear of arrest by ICE. Businessmen are suffering due to lack of workers.

Cops responded to the chaotic scene near the U.S. General Service Administration building on Centre Street after receiving a 911 call about protestors blocking access to a nearby garage that Immigration and Customs Enforcement agents reportedly entered, the NYPD said.

More than 150 anti-ICE protestors descended on a lower Manhattan government building Saturday 29th November and clashed with police after reports that federal agents are planning to round up illegal migrants in the area later this weekend. William Farrington

Multiple protesters were arrested for obstructing government administration and disorderly conduct after ignoring multiple warnings by police to clear the area.

Some were spotted trying to climb the garage's grated windows – only to be dragged off by cops – while others chanted "ICE out of New York! ICE out now!" "There were people climbing up trying to see who ICE had inside," recalled one protestor. "They were arresting people for no reason."





Some overly agitated protestors lifted and threw planters and police barricades toward police, sources said. At least two protesters were arrested during the clash

Cops were called after protesters were blocking access to a garage near a building at Centre Street. William Farrington



Protestors also shouted expletives at authorities and screamed "you are corrupt!" — ignoring NYPD officers' many pleas to "back up" behind the barricades they set up.

Protestors were also seen lifting and pushing the barriers toward cops.

A few stood along Centre Street trying to block traffic.

One tourist at the scene claimed both sides were "pretty aggressive."

Some screamed "f—k you!" and gave the middle finger to a person in a van trying to drive along the strip. They ran away after being confronted by cops. Still, some passersby blamed cops for not letting the protestors do what they wanted.

"It's not right what they're doing," said Peter Suh of New Jersey, who was visiting NYC with his family. "People should be left alone to protest."




## New York Released 7,000 Criminal Illegal Aliens Including Murderers and Terrorists

Ajkal Desk

U.S. Immigration and Customs Enforcement (ICE) Director Todd Lyons sent a letter to New York Attorney General Letitia James calling on her to put the safety of Americans first and honor ICE arrest detainers of the more than 7,000 criminal illegal aliens in the state's custody including murderers, sexual predators, and those convicted of or charged with weapons offenses.

New York's failure to honor ICE detainers has resulted in the release of 6,947 criminal illegal aliens since January 20. The crimes of these aliens include 29 homicides, 2,509 assaults, 199 burglaries, 305 robberies, 392 dangerous drugs offenses, 300 weapons offenses, and 207 sexual predatory offenses.

There are currently 7,113 aliens in the custody of a New York jurisdiction with an active detainer. The crimes of these aliens include 148 homicides, 717 assaults, 134 burglaries, 106 robberies, 235 dangerous drugs offenses, 152 weapons offenses, and 260 sexual predatory offenses. In September, ICE sent a letter to New York Attorney General Letitia James asking for cooperation in honoring ICE detainers on criminal illegal aliens. Her office did not respond. "Attorney General James and her fellow New York Sanctuary politicians are releasing murderers, terrorists, and sexual predators back into our neighborhoods and putting American lives at risk," said Assistant Secretary Tricia McLaughlin. "We are calling on Letitia James to stop this dangerous derangement and commit to honoring the ICE arrest detainers of the more than 7,000 criminal illegal aliens in New York's custody. It is common sense. Criminal illegal aliens should not be released back onto our streets to terrorize more innocent Americans."

**Some of the worst of the worst criminal illegal aliens released by New York sanctuary politicians include:** Steven Daniel Henriquez Galicia was arrested by local authorities for attempted murder and criminal possession of a weapon. Despite an ICE detainer, Henriquez remained at large. On September 20, ICE arrested Henriquez Galicia in Bronx, New York. He is now detained by ICE pending immigration proceedings.

On August 19, 2025, local authorities arrested Anderson Smith Satuye-Martinez, a Crips gang member, for criminal possession of a weapon and possession of a controlled substance. He also has a conviction for assault. Despite an ICE detainer lodged against him, Satuye-Martinez was released by local authorities. On September 11, ICE arrested Satuye-Martinez in Bronx, New York and remains detained by ICE, pending immigration proceedings. On September 25, 2025, local authorities arrested Jose David Hernandez-Hernandez for rape, strangulation,

Continued on page 26




## NYS Gaming Board approves full casino licenses in Queens and Bronx

Anik Raj

The New York State Gaming Facility Location Board unanimously voted on Monday in favor of all three remaining casino bids, representing a major victory for the Bally's casino proposal in the Bronx and the Metropolitan Park and Resorts World developments in Queens.

The vote represents the second-to-last step in a years-long process to award three downstate gaming licenses to projects in the New York metropolitan area, with the Gaming Commission set to deliver a verdict by the end of the month.



Delivering the verdict at the CUNY Graduate Center Monday morning, board chair Vicki Been said the board had determined that advancing all three projects "best advances the state's long-term economic, fiscal and community objectives." Spokespeople for Resorts World New York City, Metropolitan Park and Bally's were all jubilant in reacting to Monday's board vote. "Resorts World New York City's journey to this historic moment represents more than 15 years of work to generate jobs, revenue, and opportunities for our neighbors," said Robert DeSalvio, president of Genting Americas East. "Resorts World New York City's $7.5 billion proposal is the only bid that can expand operations in just 90 days, generating billions in new revenue for mass transit and public education over the next four years." Karl Rickett, spokesperson for Metropolitan Park — the joint casino bid led by Mets owner Steve Cohen and Hard Rock International – said the Dec. 1 vote represented the project moving "one step closer to becoming a reality." "Following a fair, transparent and rigorous process, the Gaming Facility Location Board has validated the positive economic impact this project will have with billions of dollars in tax revenue, 23,000 union jobs, and over $1 billion in community benefits," Rickett said. "We look forward to the Gaming Commission's review." The New York State Gaming Facility Location Board unanimously voted on Dec. 1, 2025, in favor of all three remaining casino bids, representing a major victory for the Bally's casino proposal in the Bronx and the Metropolitan Park and Resorts World developments in Queens.

The three proposals were the last remaining bids in the race to obtain a downstate license, with Community Advisory Committees voting down three proposals in Manhattan and one in Brooklyn. MGM Empire City, an existing "racino" in Yonkers, later withdrew its application. However, some doubts had remained whether the Gaming Facility

Continued on page 26

# When American dream turns into a nightmare

## Deported Bangladeshi migrants recount hunger, abuse and shattered hopes

Ajkal Desk

Saim Ahmed, 28, from Sylhet, spent Tk 70 lakh a year ago to reach the United States in search of a better life. Instead, he was flown back to Dhaka on Friday on a special US military flight along with 38 others, penniless.

"I used all my father's savings and sold our land. Now I don't know what to do," said Saim. He said he had trusted two Canada-based brokers, Himel and Borhan, who promised to get him to America and secure a Green Card within six months. Saim's journey began on November 20, 2024. He was taken to Qatar, then Canada, and finally to the US. He was arrested shortly after entering the country but released after two days. Six months later, he was arrested again and spent three months in a detention centre.




Nur Hossain from Chatkhil in Noakhali had a similar experience. He said he struck a Tk 40 lakh deal with a distant relative named Sohel, but was later forced to pay another Tk 25 lakh to reach the US.

Nur travelled through Brazil, Peru and Bolivia before reaching Colombia, where he and others were confined to a house for 28 days with little food. When they demanded better conditions, brokers moved them again.

In Guatemala, they were locked in a room, beaten and left hungry. Their passports were taken away. After 42 days, the brokers threatened to shoot them if they did not leave. Out of money, Nur and five others made a new deal with a Bangladeshi Mexican broker who took Tk 6 lakh from each of them.

Once in Mexico, they were handed over to yet another group. As soon as they crossed the US border on December 3 last year, they were arrested. Nur spent more than 10 months in different US prisons and returned on November 28 with nothing. In total, he spent around Tk 65 lakh.

"In every country, brokers sent photos and numbers of local agents on WhatsApp. Each step required new payments," he said.

Both Saim and Nur said they only wanted a better future, but instead endured fear, hunger and confinement before deportation. "We trusted them and lost everything. Our money, time and hope, everything is gone. No one should face this," Nur said.

Most passengers on the military flight had spent Tk 35 lakh to Tk 70 lakh. Many sold their last piece of land to fund the journey.

After landing in Dhaka, airport authorities and BRAC provided transport and emergency support. Among the 39 returnees, 26 were from Noakhali. Others came from Cumilla, Sylhet, Feni, Lakshmipur, Chattogram, Gazipur, Dhaka, Munshiganj and Narayanganj.

Earlier this year, 187 Bangladeshis had already been deported from the US.

According to BRAC's Migration Programme, at least 34 of the 39 migrants had travelled legally to Brazil before moving toward Mexico and entering the US without documents. The remaining five travelled directly to the US or through South Africa. After filing applications to stay in the US, their legal processes were completed and they were ordered to return.

Shariful Hasan, associate director of the BRAC Migration and Youth Platform, said, "Workers travelled legally to Brazil, but no one checked whether they had real jobs or were using the route to reach the US."

He warned that more people will suffer unless the responsible agencies are held accountable.

Following political changes in the US, deportations of undocumented migrants have increased. Several groups of Bangladeshis have been sent back in recent months. On June 8, a chartered flight returned 42 Bangladeshis. Between March 6 and April 21, at least 34 others were deported. From January to August, more than 220 Bangladeshis were deported.



# MRI shows Trump in 'excellent' cardiovascular health: physician

Ajkal Desk

US President Donald Trump has "excellent" cardiovascular health, his doctor said Monday, citing an MRI taken during an unannounced hospital visit that ignited fresh scrutiny over his medical condition.

The Republican billionaire, who turns 80 in June, has long faced criticism for limited transparency around his health. His sudden October 10 trip to Walter Reed medical center -- outside the usual annual exam -- spurred speculation about what prompted the check-up. But in a memo released by the White House, physician Sean Barbabella said the advanced imaging was purely preventive, intended "to identify issues early, confirm overall health, and ensure he maintains long-term vitality."

"Overall, his cardiovascular system shows excellent health. His abdominal imaging is also perfectly normal. All major organs appear very healthy and well-perfused," Barbabella said.

MRI scans, or magnetic resonance imaging, are commonly used to detect serious conditions such as tumors, strokes and multiple sclerosis, as well as more minor issues like muscle tears and inflammation.

Pressed by reporters in recent weeks, Trump -- the oldest person ever sworn in as US president -- had sidestepped questions about the purpose of the visit, directing inquiries to his medical team.

During his second term, he has often appeared with bruising on his right hand, occasionally covered with makeup. The White House has attributed the marks to the aspirin he takes as part of a "standard" cardiovascular health regimen.

In the summer, the administration disclosed that Trump had been evaluated for swelling in his legs and diagnosed with chronic venous insufficiency -- a common condition in which faulty vein valves allow blood to pool, causing swelling, cramping and skin changes. It can be managed with medication or targeted procedures.



# One New York resident moves from the state every 2 minutes

Ajkal Desk

While living in New York is a dream for many, data suggests an increasing number of New York residents are bidding farewell to the beloved state.

সকল রাজনৈতিক দলের লক্ষ্য জনগণের পক্ষ নেওয়া, জীবনমানের উন্নয়ন ঘটানো। অন্তর্বর্তীকালীন সরকারকে সহায়তা করে তাদের ঘাড়ে বন্দুক রেখে রাষ্ট্রের কাঙ্ক্ষিত গন্তব্যমুখী ট্রেনে যাত্রা করা যেত না? যারা ক্ষমতার নিকটবর্তী, তারা ক্ষমতায় থাকা সময়ের চেয়ে কম ক্ষমতা নিয়ে ছিল? সুযোগ- সুবিধা এর চেয়ে বেশি দখল করলে কৈফিয়ত দিতে হবে না? অথচ এই ক্ষমতাওয়ালাদের ক্ষমতায় থাকার কালেও থাকবে না। দলাদলি ও টেন্ডারবাজিতে অনেকের হাত যাবে। তখন সমালোচনার তুফান উঠবে।

ফেব্রুয়ারিতেই নির্বাচন হয়ে যাক-তবে যারা সরকারকে সবচেয়ে বেশি অসহযোগিতা করেছে তারাই জনগণের কাছ থেকে বেশি ঘৃণা কুড়াবে। ইতিহাসে লেখা থাকবে-ড. ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকার খুব বেশি ক্ষেত্রে সাফল্য অর্জন করতে পারেনি; অথচ সুযোগ ছিল। সেই সুযোগকে সরকার কেন কাজে লাগাতে পারেনি? কারণ আমরা সরকারকে মোটেও সহযোগিতা করিনি, বরং কী করে আরও কঠিন পরিস্থিতি হাজির করা যায় সেজন্য আন্দোলন করেছি। সেটুকু পক্ষে বলেছি তা স্বার্থ পূরণের গুটি হিসেবে। স্বার্থপূরণই আমাদের মুখ্য বিবেচ্য ছিল!

দেশের সামষ্টিক স্বার্থ কখনোই আমাদের কাছে গুরুত্ব পায়নি। ইস্যুভিত্তিক চলমান অনেক আন্দোলনের আলামত দেশপ্রেমের সাক্ষ্য দেয় না। অথচ জন- ভোগান্তিতে অতিষ্ঠ মানুষ।

# অযৌক্তিক দাবী: পেশাগত নৈতিকতার সংকট ও জন প্রশাসন

১২ পৃষ্ঠার পর

হয়ে ব্যক্তিস্বার্থ, গোষ্ঠীস্বার্থ ও ক্ষমতার অপব্যবহারের দিকে ধাবিত হয়। শুরুতেই যারা নিয়মকে অগ্রাহ্য করে, তারা ভবিষ্যতে জনগণের ওপর কেমন আচরণ ও কর্তৃত্ব আরোপ করবে, তা সহজেই অনুমেয়। জনস্বার্থ বিঘ্নকারী কোনো ব্যক্তি বা গোষ্ঠীকে রাষ্ট্র ও জনগণের সেবার দায়িত্ব অর্পণ করা শুধু অনুচিতই নয়, এটি রাষ্ট্রনীতি ও পেশাগত নৈতিকতার সরাসরি পরিপন্থী। রাস্তা অবরোধ, জনদুর্ভোগ সৃষ্টি, প্রশাসনিক সময়সূচি অমান্য করা বা রাষ্ট্রের নীতিনির্ধারণী ক্ষমতাকে চাপের মুখে ফেলে দেওয়া; এসব আচরণের সঙ্গে পেশাগত নৈতিকতার কোনো সম্পর্ক নেই। একজন সরকারি কর্মচারী বা কর্মকর্তার প্রথম শিক্ষা হওয়া উচিত জনস্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া এবং সর্বাবস্থায় প্রজাতন্ত্রের প্রতি আনুগত্য বজায় রাখা। কিন্তু যারা নিজেদের সুবিধাকে রাষ্ট্রীয় স্বার্থের ওপরও স্থান দেয়, তাদের ভবিষ্যৎ নিরপেক্ষতা, ন্যায়বোধ বা প্রশাসনিক সততা নিয়ে সন্দেহ থেকেই যায়।

রাষ্ট্রবিজ্ঞানে একটি মৌলিক নীতি হলো-যে ব্যক্তি জনস্বার্থের বিরোধিতা করে, সে কখনোই জনসেবার প্রকৃত দায়িত্ব গ্রহণের যোগ্যতা রাখে না। গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিককে অযথা কষ্ট দেওয়া বা জনজীবন অচল করে দাবি আদায় করা 'অনৈতিক ও সামাজিক বিরোধী আচরণ' হিসেবে বিবেচিত হয়, যা সরকারি কর্মচারী ও কর্মকর্তাদের মৌলিক পেশাগত নৈতিকতার সঙ্গে সাংঘর্ষিক। ফলে যারা জনদুর্ভোগ সৃষ্টিকারী তৎপরতায় যুক্ত, তাদের সরকারি নিয়োগে অগ্রাধিকার দেওয়া তো নয়ই, বরং রাষ্ট্রীয় চাকরির প্রার্থিতা থেকে অযোগ্য ঘোষণা করাই নৈতিক ও আইনসম্মত দৃষ্টিভঙ্গি। কারণ আমাদের মনে রাখতে হবে যে, এটি ভবিষ্যতের প্রশাসনিক শৃঙ্খলা ও সরকারি চাকুরিপ্রার্থীদের নৈতিক চরিত্র গঠনের একটি প্রত্যয়ী পদক্ষেপ। যে কোন প্রশাসন দুর্বল হয় তখনই, যখন অযোগ্যরা নানা পদে জায়গা করে নেয় ও ক্ষমতাধর হয়ে ওঠে।

ইতিহাস ও প্রশাসনতত্ত্ব মতে রাষ্ট্রের শৃঙ্খলা ভেঙে যায় সেই মুহূর্তে, যখন নৈতিকভাবে অযোগ্য, দায়িত্বহীন কিংবা জনবিরোধী আচরণকারীরা রাষ্ট্রযন্ত্রে প্রবেশ করে ক্ষমতা কুক্ষিগত করার সুযোগ পায়। এই কারণেই প্রজাতন্ত্রের স্বার্থে পেশাগত নৈতিকতার বিরোধী আচরণ বরদাস্ত না করা একটি অনিবার্য রাষ্ট্রীয় দায়িত্ব। নিয়ম-শৃঙ্খলা ভেঙে সুবিধা আদায়ের সংস্কৃতি যেকোনো রাষ্ট্রের জন্য দীর্ঘমেয়াদে ক্ষতিকর এবং সম্পূর্ণ অনভিপ্রেত। বাংলাদেশে বহু বছর ধরে 'চাপ প্রয়োগ করে দাবি আদায়' নামে একটি অস্বাস্থ্যকর রাজনৈতিক ও সামাজিক সংস্কৃতির ভুক্তভোগী; যখন তখন রাষ্ট্রীয় সিদ্ধান্ত, নিয়মনীতি বা পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবিতে রাস্তা দখল, দাবি আদায়ের নামে জনদুর্ভোগ সৃষ্টি বা বিশৃঙ্খলা ছড়িয়ে চাপ প্রয়োগ করা হয়েছে। এই বিপজ্জনক সংস্কৃতি যদি বিসিএস পরীক্ষার্থীদের মধ্যে প্রবেশ করে, তবে ক্ষতির পরিমাণ আরও ভয়াবহ হবে, কারণ এটি সরাসরি দেশের রাষ্ট্রযন্ত্রেও ভবিষ্যৎ প্রশাসনিক মেরুদণ্ডকেই দুর্বল করে দেবে। রাষ্ট্রবিজ্ঞানের ভাষায়, রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা যদি জনস্বার্থবিরোধী চাপের সামনে বারবার নতি স্বীকার করে, তাহলে রাষ্ট্রীয় প্রশাসন জনগণের প্রতিষ্ঠান হিসেবে টিকে থাকতে পারে না; বরং তা পরিণত হয় ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থসিদ্ধির যন্ত্রে। ফলে প্রশাসনিক কাঠামো ক্রমে বন্দী হয়ে পড়ে সুবিধাবাদী কর্মচারী-কর্মকর্তাদের হাতে, যারা নিয়ম নয়, নিজেদের ইচ্ছামাফিক চাপ প্রয়োগের মাধ্যমে রাষ্ট্র চালাতে অভ্যস্ত হয়ে ওঠে। ইতিহাস এবং রাজনৈতিক তত্ত্বানুযায়ী দেখা যায়, যে রাষ্ট্রে নিয়ম-নীতির ওপরে ব্যক্তিগত চাহিদা বা চাপ জায়গা করে নেয়, সে রাষ্ট্রে ন্যায়বিচার, সমতা, পেশাদারিত্ব ও দক্ষ প্রশাসন বিকশিত হতে পারে না। তাই চাপ প্রয়োগ করে নির্ধারিত সময়সূচি পরিবর্তনের দাবি আদায়ের এই প্রবণতা শুধু একটি বিসিএস পরীক্ষার বিষয় নয়; এটি রাষ্ট্রীয় শাসনব্যবস্থার মূল দার্শনিক ভিত্তির ওপর আঘাত।

এখন প্রশ্ন হলো, এক্ষেত্রে সরকারের করণীয় কী? প্রথমত, যোগ্য, নৈতিক ও দায়িত্বশীল প্রশাসন গঠনে রাষ্ট্রকে কঠোর অবস্থান গ্রহণ করতেই হবে। আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের নীতি হলো, রাষ্ট্র যখন নিয়মের পক্ষে দৃঢ় থাকে, তখনই প্রশাসন স্থিতিশীল থাকে এবং নাগরিক আস্থা বৃদ্ধি পায়। সুতরাং নিয়োগপ্রক্রিয়ার সময়সূচি যেমনভাবে ঘোষণা করা হয়েছে, তা কোনো চাপের কাছে নতি স্বীকার না করে বজায় রাখা রাষ্ট্রীয় দায়িত্ব; কারণ সময়সূচি পরিবর্তন মানে পেশাগত নৈতিকতার ভিত্তিতে আঘাত এবং সিদ্ধান্ত বাস্তবায়নে শিথিলতার দৃষ্টান্ত স্থাপন করা। দ্বিতীয়ত, যারা পরীক্ষার নামে সড়ক অবরোধ, জনদুর্ভোগ সৃষ্টি বা নীতিনির্ধারণী প্রক্রিয়া অস্থিতিশীল করবে, তাদের সনাক্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া দরকার যাতে করে এটি কেবল শাস্তি নয়, রাষ্ট্রীয় মূল্যবোধ প্রতিষ্ঠার দৃষ্টান্ত হয়ে থাকে। তৃতীয়ত, পেশাগত নৈতিকতা বিরোধী এ ধরনের কর্মকাণ্ডে যুক্ত ব্যক্তিদের ভবিষ্যতে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণে অযোগ্য ঘোষণার বিষয়টিও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা যেতে পারে। পৃথিবীর বহু দেশেই নীতিনৈতিকতা অনুসরণে কঠোরতা বজায় রাখা হয়; জনদুর্ভোগ সৃষ্টি বা রাষ্ট্রবিরোধী আচরণে জড়িতদের সরকারি চাকরি থেকে স্থায়ীভাবে অযোগ্য ঘোষণা করা হয় ভবিষ্যৎ আমলাতন্ত্রে পেশাগত নৈতিকতার দৃষ্টান্ত স্থাপনের স্বার্থে। সরকারের দৃঢ় অবস্থান সমাজকে বার্তা দেয় যে রাষ্ট্রের সিদ্ধান্ত চাপ বা বিশৃঙ্খলার ওপর নয়, বরং নিয়ম, দায়িত্ববোধ ও যুক্তির ওপর প্রতিষ্ঠিত। এতে ভবিষ্যৎ প্রশাসকরা বুঝতে শিখবেন যে রাষ্ট্রসেবা কোনো সুবিধা আদায়ের ক্ষেত্র নয়; এটি তাদের নৈতিক দায়িত্ব, শৃঙ্খলা ও জনকল্যাণের অঙ্গীকার। রাষ্ট্রের প্রশাসনিক কাঠামো দাঁড়িয়ে থাকে সেইসব মানুষের ওপর, যারা দায়িত্ববোধ, নৈতিকতা ও জনকল্যাণকে ব্যক্তিগত স্বার্থের ঊর্ধ্বে স্থান দিতে সক্ষম। বিসিএস পরীক্ষার্থীরা ভবিষ্যতে সেই দায়িত্ব বহন করবেন। তাই তাদের আচরণ, সংকট মোকাবেলার মানসিকতা ও নিয়মমান্যতা থেকেই ভবিষ্যৎ আমলাতন্ত্রের চরিত্রের প্রতিচ্ছবি স্পষ্ট হয়। আগেই উল্লেখ করা হয়েছে যে, এই বাস্তবতায় নিয়োগ পরীক্ষার সময়সূচি পেছানোর দাবিতে রাস্তায় নেমে জনদুর্ভোগ সৃষ্টি করা শুধু অযৌক্তিক নয়; এটি জনপ্রশাসনের মৌলিক ভিত্তি অর্থাৎ শৃঙ্খলা, নৈতিকতাও দায়িত্ববোধকেই প্রশ্নবিদ্ধ করে।

রাষ্ট্রবিজ্ঞানের দৃষ্টিতে, দায়িত্বের প্রথম ধাপেই প্রতিষ্ঠিত নিয়মকে অমান্যকারী প্রার্থীর ভবিষ্যৎ নৈতিকতা, দৃঢ়তা ও পেশাদারিত্ব নিয়ে সন্দেহ সৃষ্টি হওয়াই স্বাভাবিক। রাষ্ট্রের দায়িত্ব মানে শুধু ক্ষমতা নয়; এর অর্থ জনগণের প্রতি দায়বদ্ধতা, সেবার মনোভাব, পেশাগত নৈতিকতা এবং রাষ্ট্র ও জনগণের অর্পিত দায়িত্বে সততা প্রদর্শন। নিয়োগ পরীক্ষার তারিখ বদলাতে আন্দোলনে নামার মানসিকতা সংকটকালে জনগণকে সেবা দেওয়ার সক্ষমতা সম্পর্কে প্রশ্ন তোলে। রাষ্ট্রযন্ত্র এমন মানুষের হাতে ন্যস্ত হওয়া উচিত, যারা বিশৃঙ্খলা নয়, দক্ষতা, যুক্তিবোধ, শৃঙ্খলা ও পেশাগত সততার মাধ্যমে সংকট মোকাবিলা করতে জানে। তাই সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্ব হলো নৈতিকতা ও নিয়মমান্যতাকে পুরস্কৃত করা এবং দায়িত্বহীনতা, চাপ প্রয়োগ ও অনৈতিক দাবির প্রতি কঠোর অবস্থান নেওয়া। এতে বর্তমান সংকট মোকাবিলার পাশাপাশি ভবিষ্যতের জন্য নৈতিক, পেশাদার ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে উঠবে।

রাষ্ট্রসেবা শুধু চাকরির সুযোগ নয়; এটি পেশাগত নৈতিকতা, মানসিক দৃঢ়তা ও জনগণের প্রতি আজীবন দায়বদ্ধতার পরীক্ষা। বিসিএস পরীক্ষার্থীরা ভবিষ্যতের প্রশাসনিক নেতৃত্ব দেবে, তাই তাদের প্রতিটি আচরণকে গুরুত্বসহকারে বিবেচনায় নিতে হবে। তাই আমাদের মনে রাখতে হবে যে, পরীক্ষার সময়সূচি পেছানোর অযৌক্তিক দাবি, রাস্তায় নেমে জনদুর্ভোগ সৃষ্টি বা নীতিনির্ধারণী প্রক্রিয়াকে চাপে ফেলার প্রবণতা দীর্ঘমেয়াদে রাষ্ট্রকাঠামোকে দুর্বল করে। জনবান্ধব প্রশাসনের পূর্বশর্ত হলো নীতিনিষ্ঠা, শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, দায়িত্ববোধ ও আইনের প্রতি আনুগত্য। দায়িত্বের শুরুতেই নিয়ম ভঙ্গকারীদেরও কাছে রাষ্ট্রযন্ত্রের জনপ্রশাসনের নেতৃত্ব প্রত্যাশা করা অবান্তর। রাষ্ট্রকে শক্তিশালী ও জনবান্ধব করতে হলে জনগণের আস্থা রক্ষা করতে সরকারকে তার সিদ্ধান্তে দৃঢ় হতে হবে এবং নিয়ম-শৃঙ্খলার প্রশ্নে ছাড় না দিয়ে দায়িত্বহীনতা ও জনস্বার্থবিরোধী আচরণের প্রতি কঠোরতা বজায় রাখতে হবে।

রাষ্ট্র যখন অনৈতিক আবদার বা চাপের কাছে নতি স্বীকার করে, তখন শুধু একটি সিদ্ধান্ত দুর্বল হয়ে পড়ে না; দুর্বল হয়ে পড়ে ভবিষ্যতের রাষ্ট্রযন্ত্রও। তাই প্রয়োজন একটি সুস্পষ্ট বার্তা প্রদান, রাষ্ট্রসেবায় প্রবেশ করতে হলে নিয়ম মানতে হবে, দায়িত্ব নিতে হবে এবং জনগণের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। এই কঠোরতা কারো উপর প্রতিশোধ নয়; এটি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুস্থ প্রশাসনিক সংস্কৃতি গড়ে তোলার অঙ্গীকার। শৃঙ্খলা, নৈতিকতা, পেশাদারিত্ব ও জনকল্যাণভিত্তিক জনপ্রশাসনই রাষ্ট্রকে আমলাতন্ত্রের বাতাবরণ থেকে মুক্তি দিয়ে টেকসই, ন্যায়ভিত্তিক ও নাগরিকবান্ধব পথে এগিয়ে নিতে সক্ষম। আজকের সিদ্ধান্তই নির্ধারণ করবে আগামী দিনের জনপ্রশাসনের চরিত্র-গণ-অভ্যুত্থান উত্তর বাংলাদেশে কি গড়ে উঠবে দায়িত্বশীল ও আধুনিক রাষ্ট্রযন্ত্র, নাকি অব্যাহত থাকবে সুবিধাবাদী ও দুর্বল কাঠামো। তাই রাষ্ট্রের ভবিষ্যৎ যেন দায়িত্বহীন কারো হাতে না পড়ে তা নিশ্চিত করা সরকারের পাশাপাশি প্রতিটি নাগরিকেরও দায়িত্ব। আসুন, জনস্বার্থে চাপ প্রয়োগে অযৌক্তিক দাবি আদায়কারীদের বিরুদ্ধে সরকারকে কঠোর হতে উদ্বুদ্ধ ও সহায়তা করি।

ড. মারুফ চৌধুরী: ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।

## এক বাংলাভাষা ও সন-তারিখ প্রচলন বাঙালির মিলনের দিগদর্শন

১০ পৃষ্ঠার পর

কারনেই বাংলাদেশ আর নিজের মতো করে বিশ্বের সামনে দাঁড়াতে পারছে।" (১৩ আশ্বিন ১৪২৮ ,প্র আয়)

পৃথিবীর একমাত্র দেশ বাংলাদেশেরই রাষ্ট্রভাষা বাংলা। এইক্ষেত্রে আমাদের চর্চাকৃত প্রমিত বাংলা অথবা চর্চাকেই সারা বিশ্বের বাঙালিদের গ্রহন করা উচিত। যদিও আঞ্চলিকতা একটি স্বাভাবিক বিষয় এবং আঞ্চলিক বাংলা এই ভাষাকে সমৃদ্ধ করেছে তবে পৃথিবীর পঞ্চম স্থান দখল করা ভাষাভাষীর বাংলাকে লেখার ক্ষেত্রে, চর্চার ক্ষেত্রে একমাত্র প্রমিত বাংলাই হতে পারে ঐক্যবদ্ধ বাঙালির চালিকাশক্তি ও অস্তিত্ব বজায় রাখার মূলমন্ত্র। বর্তমানে বাংলাভাষা ও সাহিত্য, সংস্কৃতি চর্চায় পশ্চিম বাংলা, আসাম,ত্রিপুরা থেকে ঢাকা এগিয়ে আছে। রাষ্ট্রভাষা, সংস্কৃতি ও জাতিয়তাবোধ বিচারে ঢাকাকে এখন বাংলাভাষা ও সংস্কৃতির রাজধানী বিবেচনা করা যেতে পারে। বাঙালিরা এই ভাবধারায় উদ্বুদ্ধ হলে বাংলার মানুষেরা বিশ্বদরবারে সাহিত্য ও সংস্কৃতির স্থানে উচ্চ আসনে অধিষ্ঠিত হবে।

এটা উল্লেখ করা প্রয়োজন মনে করি যে,গত তিন দশক থেকে ক্রমাগত প্রচেষ্টার মাধ্যমে জাতিসংঘে দাপ্তরিক ভাষা হিসেবে 'বাংলা'কে গ্রহন করার জন্য ভাষা আন্দোলন স্মৃতিরক্ষা পরিষদ চেষ্টা চালিয়ে যাচ্ছিল। এবিষয়ে সংস্কৃতির মহাসচিবের সাথে আলাপে এই দাবীর সাথে অনেকেই সামিল হন পরে সরকারি ভূমিকা বিষয়টিকে সাফল্যের দিকে নিয়ে যায় এবং জাতিসংঘ নীতিগতভাবে এই দাবি মেনে নেয়, কিন্তু অর্থনৈতিক জটিলতার জন্য এর বাস্তবায়ন থমকে আছে। তবে তাদের সম্মতি দানের মাধ্যমে এটা প্রতিষ্ঠিত হয়েছে যে বাংলাদেশের রাষ্ট্রভাষাকেই বিশ্বদরবার তাদের দাপ্তরিক ভাষা হিসেবে স্বিকৃতি দিয়েছে। পরিস্থিতিগত ও বাস্তবতার নিরিখে বিশ্ববাংলায় এক বাংলা (ভাষা ও সন-তারিখ) আজ সময়ের দাবি হিসেবে প্রনিধানযোগ্য হয়ে উঠতে যাচ্ছে। তাই আমাদের সকল বাঙালিকে খোলা মন নিয়ে এই কর্মপ্রচেষ্টায় আত্মনিয়োগ করতে হবে।

ড. মোমতাজ উদ্দিন আহাম্মদ: সভাপতি- ভাষা আন্দোলন স্মৃতিরক্ষা পরিষদ।

## ইতিহাসের প্রথম মাদ্রাসা

২৫ পৃষ্ঠার পর

দিনে নামাজ আদায় করতেন। দারুল আরকামে প্রধানত কোরআন ও ঈমানের পাঠদান করা হতো, আল্লাহর আদেশ ও নিষেধ উপস্থিত সাহাবিদের কাছে পৌঁছে দেওয়া হতো।

এ ছাড়া তাদের আধ্যাত্মিকতা, চরিত্র, সমাজ, রাজনীতি ও দাওয়াতের কর্মকৌশল শেখানো হতো। নবুওয়তের ষষ্ঠ বছর পর্যন্ত তিন বছর এ দারুল আরকামই ছিল প্রিয়নবী (সা.)-এর অবস্থানস্থল এবং ইসলামের প্রাণকেন্দ্র। এ তিন বছর যারাই ইসলাম গ্রহণ করেছেন, তাদের আদি পর্যায়ের মুসলমানের মর্যাদা দেওয়া হয়। দারুল আরকামে সর্বশেষ ইসলাম গ্রহণকারী হলেন ওমর (রা.)। কারণ, তার ইসলাম গ্রহণের পর মুসলমানদের শক্তি বৃদ্ধি পায় এবং মুসলমানরা দারুল আরকাম থেকে বেরিয়ে প্রকাশ্যে ইসলামের দাওয়াত দেওয়া শুরু করেন। (ইসলামের ইতিহাস : ৯৫; আস-সিরাতুন নাবাবিয়্যা : ৯৯; মুসনাদে হাকিম : ৬১৩৩)।






## জাতির আত্মগৌরবের এক অনিবার্য প্রতীক

৬ পৃষ্ঠার পর

মানুষের প্রতি ছিলেন অত্যন্ত সহানুভূতিশীল। তিনি প্রশাসনে স্বচ্ছতা, অর্থনীতিতে উদ্যোক্তাবান্ধব পরিবেশ এবং সমাজে ন্যায়বোধ প্রতিষ্ঠার চেষ্টা করেছেন গভীর মমতা ও রাষ্ট্রদর্শনের সমন্বয়ে।

জননেতা তারেক রহমানের মুখে প্রায়ই শোনা যায়, 'দেশনেত্রীর সিদ্ধান্তগুলো ছিল সংকটময় সময়ের সঠিক দিকনির্দেশনা, আর তার ধৈর্য ছিল আমাদের রাজনৈতিক নৈতিকতার ভিত্তি।' এই মূল্যায়ন শুধু রাজনৈতিক নয়, এটি ইতিহাসসম্মত সত্য। প্রতিহিংসার প্রতিকূলতা এবং দেশবাসীর পক্ষে তার অটল অবস্থান-বাংলাদেশের রাজনীতিতে প্রতিহিংসা প্রায়ই নীতিকে ছাপিয়ে চলে। কিন্তু খালেদা জিয়ার ওপর যেভাবে রাষ্ট্রীয় নির্যাতন নেমে এসেছে, তা শুধু ব্যক্তি নয়, বরং গণতন্ত্রকে লক্ষ্য করে পরিচালিত হয়েছিল।

তিনি মিথ্যা মামলা, বন্দিত্ব, চিকিৎসা বঞ্চনা সবই সহ্য করেছেন নীরব মর্যাদায়। তার চোখে কখনো কোনো প্রতিশোধের ভাষা নেই। তার ছিল শুধু মানুষের প্রতি ভালোবাসার অঙ্গীকার ও গণতন্ত্র রক্ষার দৃঢ় সংকল্প। এ সংকল্পই তাকে ইতিহাসের পাতায় স্থায়ী করে রেখেছে।

**দেশনেত্রীর অসুস্থতা এবং জাতির অন্তর্গত যন্ত্রণা-** বাংলাদেশের মানুষের প্রাণপ্রিয় এই নেত্রী আজ বিভিন্ন শারীরিক জটিলতা নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন। ফ্যাসিস্ট হাসিনার ক্ষমতার প্রতিহিংসার ফলে চিকিৎসার জন্য তিনি যে স্বাভাবিক অধিকারটুকুও পাননি তা দেশের সাধারণ মানুষকে গভীরভাবে ব্যথিত করেছিল। একজন সাবেক প্রধানমন্ত্রী, যিনি দেশের গণতন্ত্র, উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও রাষ্ট্রগঠন প্রক্রিয়ায় অসামান্য অবদান রেখেছেন তার প্রতি এই নিষ্ঠুর অবহেলা ও নির্যাতন ভবিষ্যৎ প্রজন্মের কাছে নিঃসন্দেহে প্রশ্নবিদ্ধ হয়ে থাকবে। তার রোগশয্যা তাই কেবল একজন নেত্রীর অসুস্থতার প্রতীক নয়, এটি বাংলাদেশের গণতান্ত্রিক সংগ্রামের প্রতিবিম্ব।

**জনগণের হৃদয়ে তার দৃঢ় অবস্থান এবং প্রবহমান সম্মান-** বাংলাদেশের জনগণের কাছে বেগম খালেদা জিয়া কেবল একজন সাবেক প্রধানমন্ত্রীর নাম নয়, বরং তিনি এক সংগ্রামের নাম, এক মূল্যবোধের নাম, এক ইতিহাসের নাম।

তারেক রহমানের নেতৃত্বে বিএনপি আজ যে গণতান্ত্রিক আন্দোলন চালিয়ে যাচ্ছে, তার ভিত্তিমূলেই রয়েছে দেশনেত্রীর অটল নৈতিক অবস্থান। তার ত্যাগ, তার ধৈর্য, তার দূরদর্শী রাজনৈতিক প্রজ্ঞা বিএনপিকে শুধু সংগঠন নয় একটি নৈতিক শক্তিতে রূপান্তর করেছে। একজন নেত্রীর জনপ্রিয়তা এবং গ্রহণযোগ্যতা কখনো শুধু তার অর্জন দিয়ে মূল্যায়িত হয় না, মূল্যায়িত হয় তার সংকটে মানুষের পাশে দাঁড়ানোর ক্ষমতা দিয়ে। আর এই জায়গাটিতেই বেগম খালেদা জিয়া বাংলাদেশের মানুষের কাছে এক অমোচনীয় আবেগের প্রতীক। বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে সেই বিরল নেত্রী, যার জীবনী পাঠ করলে ক্ষমতার দম্ভ নয়, বরং মানুষের প্রতি গভীর অঙ্গীকারের দৃষ্টি চোখে পড়ে। তার শারীরিক অবস্থা আজ নাজুক হলেও তার আদর্শ, রাজনৈতিক বোধ, রাষ্ট্রদর্শন এবং গণতন্ত্রের প্রতি অটল অবস্থান বাংলাদেশের সংগ্রামী মানুষের মনে চিরজাগ্রত। বাংলাদেশের গণতান্ত্রিক যাত্রা যতদিন অব্যাহত থাকবে, ততদিন বেগম খালেদা জিয়ার নাম দেশের মানুষের হৃদয়ে শ্রদ্ধা ও মর্যাদার আসনে অটল থাকবে। তিনি একদিকে ইতিহাস, অন্যদিকে অনুপ্রেরণা আর সর্বোপরি গণতন্ত্রমনা একটি জাতির অপরিহার্য মানসিক ভরসা। প্রিয় নেত্রীর এই সংকটময় সময়ে মহান আল্লাহ তায়ালার কাছে আমি তার শারীরিক ও মানসিক সুস্থতা কামনা করছি এবং দেশবাসীর কাছে তার সুস্থতার জন্য দোয়া কামনা করছি।

লেখক: ভাইস চেয়ারম্যান, বিএনপি।

## দুর্যোগ প্রতিরোধে দান-সদকা

২৫ পৃষ্ঠার পর

এটি মানুষ ও সমাজের সুরক্ষার মাধ্যমও বটে। সদকা আল্লাহর সন্তুষ্টি অর্জনের পথ এবং তার রহমত লাভের দরজা। যখন মানুষ আল্লাহর পথে ব্যয় করে, তখন আল্লাহ তাকে বিপদ থেকে রক্ষা করেন।

**হৃদয়ের শুদ্ধি :** সমাজে দুর্যোগের একটি বড় কারণ হলো নৈতিক অবক্ষয়। হিংসা, লোভ, ঘৃণা, বৈষম্য ও স্বার্থপরতা মানুষের অন্তরে দুর্যোগ সৃষ্টি করে, যা পরবর্তী সময় সমাজে অশান্তি ও অস্থিরতা বাড়ায়। দান-সদকা মানুষের অন্তরকে পরিশুদ্ধ করে, লোভ কমায়, সহানুভূতি বাড়ায় এবং পরোপকারের মানসিকতা তৈরি করে। যখন সমাজে মানুষের হৃদয় পরস্পরের প্রতি নমনীয় হয়, তখন সংঘাত, অপরাধ ও অস্থিরতা কমে, এটাই সামাজিক দুর্যোগ প্রতিরোধের অন্যতম ভিত্তি।

**সামাজিক দুর্যোগ প্রতিরোধে দান-সদকা :** সমাজে যদি ক্ষুধার্ত, অসহায় ও বিপন্ন মানুষের সংখ্যা বেড়ে যায়, তাহলে তা চুরি, ছিনতাই, সন্ত্রাসসহ নানা সামাজিক অস্থিরতার জন্ম দেয়। দান-সদকা এই অসহায় জনগোষ্ঠীকে সহায়তা করে, তাদের বেঁচে থাকার পথ প্রশস্ত করে এবং তাদের মানসিকতাকে ইতিবাচক করে তোলে।

যেখানে মানুষ ক্ষুধার্ত থাকে, সেখানে নৈতিকতার জায়গা সংকুচিত হয়। আর যেখানে মানুষের মৌলিক চাহিদা পূরণ হয়, সেখানে শান্তি ও নিরাপত্তা স্থাপিত হয়। তাই দান-সদকা সামাজিক দুর্যোগ প্রতিরোধে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার।

**প্রাকৃতিক দুর্যোগে দান-সদকা :** বন্যা, ঘূর্ণিঝড়, মহামারী, অগ্নিকাণ্ড কিংবা মহাবিপর্যয়ের সময় দান-সদকা সবচেয়ে কার্যকর ভূমিকা পালন করে। খাদ্য, পানি, ওষুধ, আশ্রয়, পোশাক ও পুনর্বাসনে দান-সদকা দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের জীবন বাঁচায়। শুধু বিপদের সময় নয়, বিপদ আসার আগেও দান-সদকা দুর্যোগ মোকাবিলার শক্তি তৈরি করে। যেমন দরিদ্র মানুষের চিকিৎসা নিশ্চিত করা, বাসস্থান বা নিরাপদ আশ্রয় নির্মাণে সহায়তা, শিক্ষায় সহায়তা, এসব কার্যক্রম ভবিষ্যতের দুর্যোগ প্রতিরোধে দীর্ঘমেয়াদি ভূমিকা রাখে।

**সদকার প্রতিরোধমূলক শক্তি :** দারিদ্র্য একটি নীরব দুর্যোগ। এটি মানুষকে হতাশা, অপরাধ, রোগ, অশিক্ষা ও অপমানের দিকে ঠেলে দেয়। দান-সদকা দারিদ্র্য মোকাবিলার অন্যতম কার্যকর পদ্ধতি। যদি সমাজে বিত্তবানরা নিয়মিত দান করেন, তাহলে অসংখ্য পরিবার ক্ষুধা, ঋণ, অসুস্থতা ও অপমান থেকে মুক্তি পায়। এই মুক্তি তাদের জীবনে আলোর পথ খুলে দেয়, যা প্রজন্মকে দুর্যোগের অন্ধকার থেকে রক্ষা করে।

**ব্যক্তিগত দুর্যোগ প্রতিরোধে সদকা :** মানুষ জীবনে নানা ধরনের অশান্তি, রোগ, বিপদ ও পরীক্ষার সম্মুখীন হয়। ইসলাম শিখিয়েছে, সদকা এসব বিপদ থেকে রক্ষা করে। সদকা মানুষের ওপর আল্লাহর রহমত ডেকে আনে, অন্তরে শান্তি দেয় এবং অদৃশ্য সুরক্ষা তৈরি করে। অসংখ্য মানুষ নিজেদের জীবনে সদকার বরকত অনুভব করেছেন বিপদ এড়িয়ে যাওয়ায়, রোগ থেকে সুস্থতায়, কিংবা অশান্ত জীবন শান্তিতে পরিণত হওয়ার ক্ষেত্রে।

**সদকার বিস্তৃত রূপ :** সদকা শুধু টাকা-পয়সা দেওয়া নয়, বরং ক্ষুধার্তকে খাবার দেওয়া, অসুস্থকে চিকিৎসা সহায়তা, দরিদ্র ছাত্রকে পড়ার খরচ দেওয়া, অনাথের দায়িত্ব নেওয়া, রাস্তা মেরামত করা, গাছ লাগানো, পানির ব্যবস্থা করা, এসবও সদকা। এমনকি একটি হাসি, একটি ভালো কথা, একটি সহযোগিতাও সদকা। এই বিস্তৃত সদকার ধারণা সমাজকে সর্বজনীন দুর্যোগ প্রতিরোধের পথে নিয়ে যায়।

**সদকার ধারাবাহিকতা :** ইসলাম চায়, সদকা একদিনের কাজ না হয়ে নিয়মিত অভ্যাস হোক। ছোট পরিমাণ হলেও নিয়মিত দান মানুষের চরিত্র, সমাজ ও রাষ্ট্রে স্থায়ী প্রতিরোধ তৈরি করে। যেমন স্থায়ী ফান্ড স্থাপন, কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা, স্বচ্ছ ব্যবস্থাপনা তৈরি, এসব উদ্যোগ দুর্যোগ মোকাবিলাকে আরও শক্তিশালী করে।

**পরকালীন মুক্তির মাধ্যম :** দুর্যোগ মানবজীবনের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু ইসলাম মানুষকে দুর্যোগের সামনে অসহায় হয়ে দাঁড়িয়ে থাকতে বলেনি, বরং দান-সদকার মাধ্যমে দুর্যোগের ক্ষতি কমাতে, বিপদ থেকে রক্ষা পেতে এবং সমাজকে নিরাপদ করতে পথ দেখিয়েছে। দান-সদকা শুধু ইহকালীন কল্যাণ নয়, এটি পরকালীন মুক্তিরও মাধ্যম। তাই প্রত্যেক মানুষের উচিত, নিজের সামর্থ্য অনুযায়ী নিয়মিত দান-সদকার অভ্যাস গড়ে তোলা। কারণ, দান মানুষকে মানুষ করে, সমাজকে নিরাপদ করে এবং দুর্যোগকে দুর্বল করে। দান-সদকাই হতে পারে মানবতার সবচেয়ে শক্তিশালী প্রতিরোধ-প্রাচীর।

লেখক : মুহতামিম, জামিয়াতুল উলুম মহিলা মাদ্রাসা, গাজীপুর।

## আত্মবিনাশী পথেই উল্টোযাত্রা বেগবান

৭ পৃষ্ঠার পর

জুলাইয়ে 'কারফিউ ব্রেক' ও 'গানের মিছিল'-এর সেই দিনগুলোতে এখনকার হামলাকারীদের কাউকে রাজপথে দেখা যায়নি। 'গানের আর্তনাদ' কর্মসূচিতে হামলাকারী সংগঠন জুলাই মঞ্চের আহ্বায়ক হলেন আরিফুল ইসলাম তালুকদার, যিনি জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় নেতা। শাহবাগে হামলার পরও মার্কিন সহায়তায় মৌলবাদীদের নিয়ে 'ইনক্লুসিভ' বাংলাদেশ বাস্তবায়নের স্বপ্নে ভাটা পড়বে বলে মনে হয় না। দেড় বছর ধরে সংস্কার, নয়া বন্দোবস্ত, বাংলাদেশপন্থা-এমন নানা মুখরোচক বুলি এমনভাবে আওড়ানো হচ্ছে, যেন তাদের প্রস্তাবগুলো ছাড়া সংস্কার বা নয়া বন্দোবস্ত বলে আর কিছু নেই। যাঁরা এসব বুলি আওড়ে গলা ফাটাচ্ছেন, তাঁদের কথাবার্তায় মনে হয়, তাঁরা ছাড়া আর কেউ বাংলাদেশপন্থী নন, এমনকি যাঁরা রণাঙ্গনে লড়াই করে দেশটি স্বাধীন করেছিলেন, তাঁরাও নন। কিন্তু গোপনীয় চুক্তির মাধ্যমে তড়িঘড়ি দেশের প্রধান বন্দর-টার্মিনাল পরিচালনার ভার বিদেশি কোম্পানির হাতে তুলে দেওয়া হলেও সেই বাংলাদেশপন্থী দাবিদারদের মুখে রা নেই। সংস্কারের নামেও দেশকে মুক্তিযুদ্ধবিরোধী ধারায় ফিরিয়ে নেওয়ার চেষ্টা দৃশ্যমান। বুদ্ধিজীবী, বাউল, শিল্পী, সংস্কৃতিকর্মীসহ প্রগতিমনা ব্যক্তি-সংগঠনের ওপর হামলার ক্ষেত্রে ধর্মকে ব্যবহার করা হচ্ছে। বিরোধী মতাদর্শের ব্যক্তি-গোষ্ঠীকে কাফের-ইসলামবিরোধী আখ্যা দিয়ে কোণঠাসা করার অপচেষ্টা মাথাচাড়া দিচ্ছে। রাজনীতিতে ধর্মের এমন অপব্যবহার এক আত্মবিনাশী পথ ছাড়া আর কিছুই নয়।

আত্মবিনাশী পথ বলার কারণ, ধর্ম নিয়ে রাজনীতির খেলায় কেউই নিরাপদ নন, এমনকি যিনি খেলাটা শুরু করছেন, তিনিও। আপনি হয়তো প্র্যাকটিসিং মুসলিম-পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করেন, রোজা রাখেন, তাই বলে নিজেকে নিরাপদ ভাবার কারণ নেই। আপনি সুন্নি হলে শিয়া সম্প্রদায়ের কাছে বাতিল, শিয়া হলে সুন্নিদের চোখে রীতিমতো অমুসলিম আর আহমদিয়া বা কাদিয়ানি হলে তো রক্ষাই নেই। মুসলিম দেশগুলোর ইতিহাসের দিকে চোখ বুলালে দেখা যায়, ভিন্ন ধর্মের জনগোষ্ঠীর সঙ্গে সংঘাতে মুসলমানদের যত না ক্ষয়ক্ষতি হয়েছে, তার চেয়ে বহুগুণ বেশি হয়েছে ইসলাম ধর্মেরই বিভিন্ন ফিরকার মধ্যে দ্বন্দ্ব-সংঘাতে। চার খলিফার অন্যতম হজরত আলী (রা.)-কে কাফের ঘোষণা দিয়ে হত্যা করেছিল খারিজিরা। শিয়াপ্রধান ইরান ও সুন্নিপ্রধান ইরাকের মধ্যে হয় বছরের যুদ্ধ-সংঘাতে উভয় পক্ষের ১০ লাখের বেশি মানুষ হতাহত হয়। ১৯৭৯ সালে ইরানে বিপ্লবের পর কয়েক লাখ বামপন্থী রাজনৈতিক নেতা-কর্মীকে হত্যা করা হয়েছিল, যাঁরা সবাই মুসলমান। পাকিস্তানে ইসলাম ধর্মেরই বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিভেদ এমন পর্যায়ে যে তারা এক ছাদের নিচে বাস করা তো দূরের কথা, এক মসজিদে নামাজও আদায় করতে পারেন না। প্রায়ই খবরে দেখা যায়, জুমার জামাতে সশস্ত্র হামলা চালাচ্ছে স্বধর্মীয় ভিন্ন কোনো গোষ্ঠী। পাকিস্তানের সশস্ত্র বাহিনী একসময় মাদ্রাসাশিক্ষার্থীদের 'সামরিক প্রশিক্ষণ' দিয়ে 'তালেবান' বানিয়েছিল আফগানিস্তানে সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে লড়াই করার জন্য। সেই তালেবান এখন দ্বিতীয়বারের মতো আফগানিস্তানে ক্ষমতায়। আফগান তালেবানের ঘনিষ্ঠ তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) এখন পাকিস্তান সরকার ও সামরিক বাহিনীর গলার কাঁটা হয়ে দাঁড়িয়েছে। এসব দেখেও আমরা শিখব না কিছুই।

## এক গরিব শাসকের গল্প

২৫ পৃষ্ঠার পর

আমের জুমহি (রা.) জানালেন, তার আখেরাত ধ্বংস করার জন্য দুনিয়া তার ঘরে প্রবেশ করেছে। তিনি কালবিলম্ব না করে সেই স্বর্ণমুদ্রা গরিব-দুঃখী মানুষের মাঝে বিলিয়ে দিলেন।

কিছুদিন পর খলিফা ওমর নিজেই হিমস পরিদর্শনে গেলেন। তিনি জনগণকে গভর্নরের বিরুদ্ধে কোনো অভিযোগ আছে কিনা জানতে চাইলেন। নগরবাসী গভর্নরের বিরুদ্ধে চারটি অভিযোগ পেশ করলেন। প্রথমত, তিনি সকালে দেরি করে বের হন। দ্বিতীয়ত, রাতে তিনি কারও ডাকে সাড়া দেন না। তৃতীয়ত, সপ্তাহে একদিন তিনি জনসম্মুখে আসেন না। চতুর্থত, তিনি মাঝেমধ্যে জ্ঞান হারিয়ে ফেলেন।

খলিফা ওমর (রা.)-এর জিজ্ঞাসাবাদের মুখে সাঈদ ইবনে আমের জুমহি (রা.) অত্যন্ত বিনয়ের সঙ্গে এসবের জবাব দিলেন। সকালে বের হতে দেরি হওয়ার কারণ হিসেবে তিনি জানান, তার কোনো গৃহকর্মী নেই। তাই আটা পেষা থেকে শুরু করে রুটি বানানো পর্যন্ত সব কাজে স্ত্রীকে সাহায্য করতে গিয়ে সকালে বের হতে তার দেরি হয়ে যায়। রাতের বিষয়ে বলেন, তিনি দিনটা রেখেছেন মানুষের সেবার জন্য। আর রাতটা নির্দিষ্ট করেছেন মহান আল্লাহ রাব্বুল আলামিনের ইবাদতের জন্য। সপ্তাহে একদিন অনুপস্থিত থাকার কারণ হলো, তার মাত্র এক জোড়া পোশাক। তা ধুয়ে শুকানোর জন্য তাকে অপেক্ষা করতে হয়, তাই সেদিন বের হতে পারেন না।

জ্ঞান হারানোর বিষয়ে তিনি জানান, ইসলাম গ্রহণের আগে তিনি খুবাইব ইবনে আদি (রা.)-এর শাহাদাতের দৃশ্য স্বচক্ষে দেখেছিলেন। কাফেররা যখন খুবাইব (রা.)-এর অঙ্গপ্রত্যঙ্গ কেটে ফেলছিল তখনো তিনি রাসুল (সা.)-এর প্রতি অকৃত্রিম ভালোবাসার নজির স্থাপন করেছিলেন। কাফেররা তাকে বলেছিল, যদি তুমি মুহাম্মদ (সা.)-কে হত্যা করো তাহলে তোমাকে ছেড়ে দেব। তিনি বলেছিলেন, 'আল্লাহর শপথ! মুহাম্মদ (সা.)-কে হত্যার বিনিময়ে আমার মুক্তি পাওয়া তো দূরের কথা, পথে হেঁটে যেতে তার পায়ে একটি কাঁটার আঁচড় লাগুক সেটাও আমি সহ্য করতে পারব না। মুনাফেকি জীবন থেকে শহিদি মৃত্যু আমার কাছে অনেক উত্তম।' সেই দিন খুবাইব (রা.)-কে সাহায্য করতে না পারার অনুশোচনা এবং আল্লাহর ভয়ে তিনি মাঝেমধ্যে আতঙ্কগ্রস্ত হয়ে পড়েন। ফলে বেহুঁশ হয়ে যান।

এসব শুনে খলিফা ওমর (রা.) মুগ্ধ হলেন এবং আল্লাহর শুকরিয়া আদায় করলেন। পোশাক নেই বা গৃহকর্মী নেই এবং অতিরিক্ত ভাতা পেলেও তা গরিবদের দিয়ে দেন এমন একজন শাসক ইতিহাসের পাতায় বিরল। তার এই নির্লোভ জীবনযাপন ও আত্মত্যাগ আমাদের জন্য এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে।

লেখক : প্রিন্সিপাল ও শায়খুল হাদিস, জামিয়া আশরাফিয়া, ঢাকা।

## যে কারণে মানুষ সৃষ্টি করেছেন আল্লাহ

২৫ পৃষ্ঠার পর

পবিত্র দায়িত্ব। যেসব গুণ ও বৈশিষ্ট্য ইসলামকে দিয়েছে অনন্যতা, সেগুলোর অন্যতম হলো সৎকাজের আদেশ দান এবং অসৎ কাজ থেকে বাধা প্রদান। অতএব মানুষকে সৎকাজের আদেশ দেওয়া এবং অসৎ কাজ থেকে বিরত রাখা মুমিন বান্দার কর্তব্য।

দুই. পৃথিবীতে মানুষের মূল দায়িত্ব হলো আল্লাহর ইবাদত করা। 'ইবাদত' আরবি শব্দ। এর অর্থ আনুগত্য করা, দাসত্ব করা। আল্লাহর দাসত্ব ও আনুগত্যই হলো ইবাদত। ইসলামি পরিভাষায় আল্লাহ ও তার রাসুলের নির্দেশিত পথ ও মতে জীবন পরিচালিত করাকে ইবাদত বলে। আল্লাহ মানুষ ও জিন জাতিকে তার ইবাদতের জন্য সৃষ্টি করেছেন। ইবাদতের মূল উদ্দেশ্য আল্লাহর সন্তুষ্টি অর্জন।

আল্লাহতায়ালা আমাদের তার ইবাদত ও আনুগত্যের প্রতি বারবার নির্দেশ দিয়েছেন। যেন আমরা প্রতিদান লাভ করতে পারি এবং তার আজাব থেকে নিজেদের বাঁচাতে পারি। মুসলিম মানেই আল্লাহর ইবাদত, আনুগত্য এবং বিশুদ্ধ নিয়ত পালনের প্রতি আদিষ্ট। এমনকি সাধারণ বৈধ কাজগুলোতেও একমাত্র আল্লাহর সন্তুষ্টি লাভের নিয়ত করাই কাম্য। তবেই সবক্ষেত্রে আল্লাহর ভালোবাসা ও নৈকট্য হাসিল হবে। আল্লাহতায়ালা বলেছেন, '(হে নবী) আপনি বলুন, আমার নামাজ, আমার ইবাদত, আমার জীবন এবং আমার মরণ বিশ্বজগতের প্রতিপালক আল্লাহর জন্যই।' (সুরা আনআম ১৬২)।

মানুষের পরিচয় হলো, মানুষ আল্লাহর খলিফা বা প্রতিনিধি। আল্লাহর প্রতিনিধির জন্য পৃথিবীর সবকিছু সৃষ্টি করা হয়েছে। আর মানুষকে সৃষ্টি করা হয়েছে শুধুমাত্র আল্লাহর জন্য। এ প্রসঙ্গে হাদিসে কুদসিতে এসেছে, 'হে আদম সন্তান! আমি তোমাকে কেবলমাত্র আমার নিজের জন্য সৃষ্টি করেছি, আর অন্য সবকিছুকে সৃষ্টি করেছি তোমার জন্য। তোমার ওপর আমার যে অধিকার আছে, তা তুমি যেন কখনো ভুলে না যাও। যেসব জিনিস আমি তোমার জন্য সৃষ্টি করেছি তাতে যেন কখনো এতটা মনোযোগী হয়ো না যাও, যাতে তোমাকে যার জন্য সৃষ্টি করেছি, তার কথা ভুলে যাবে। হে মানুষ! আমি তোমাকে আমার নিজের জন্য সৃষ্টি করেছি। এটাকে তুমি খেলা মনে করো না। আমি তোমার রিজিক এবং প্রয়োজনীয় জিনিস পরিবেশনের দায়িত্ব গ্রহণ করেছি। অতএব তুমি হতাশাগ্রস্ত হবে না। হে মানুষ! তুমি আমাকে পেতে চাইলে, তুমি আমাকে পাবে, যদি তুমি আমাকে পেয়ে যাও তবে তো সব কিছু পেয়ে গেলে। কিছুরই অভাব থাকবে না। কিন্তু তুমি যদি আমাকে হারিয়ে ফেলো, তাহলে তুমি হবে সর্বহারা। আমি যেন হই তোমার কাছে সর্বাধিক প্রিয়।'

আল্লাহতায়ালা আমাদের ওপর বিভিন্ন ইবাদত ফরজ করেছেন। যেমন নামাজ, রোজা, জাকাত ও হজ। এছাড়াও ইবাদতের মধ্যে আরও রয়েছে আল্লাহর জিকির করা, দোয়া করা, তাসবিহ-তাহলিল পাঠ করা, কোরআন তেলাওয়াত, বাবা-মায়ের সেবা, আত্মীয়তা রক্ষা, দান-সদকা করা, রোগীর সেবা করা, হালাল উপার্জন ইত্যাদি।

আল্লাহতায়ালা আমাদের ওপর যেসব ইবাদত ফরজ করেছেন এবং যেসব হারাম বস্তু থেকে বেঁচে থাকতে নিষেধ করেছেন, তা আমাদের ওপর আল্লাহর হকসমূহের কতিপয় হক। কেননা বান্দার ওপর আল্লাহর হক হলো, তাকে সর্বদা স্মরণ করা, ভুলে না যাওয়া, তার আনুগত্য করা, অবাধ্য না হওয়া, তার কৃতজ্ঞতা প্রকাশ করা, অকৃতজ্ঞ না হওয়া। সন্তান, পরিবার, ধন-সম্পদ ও নিজের জীবন অপেক্ষা তাকে বেশি ভালোবাসা এবং সবকিছুর ওপর তার ভালোবাসাকে প্রাধান্য দেওয়া। আর বান্দা তার কাছে পরিপূর্ণরূপে বিনয়ী ও অবনত হবে এবং তার রেজামন্দি পেয়ে সর্বাধিক খুশি হবে। সুতরাং আল্লাহ তায়ালাই সর্বাঙ্গীণভাবে সব ইবাদতের হকদার।

একজন মুসলিমের সারাটি জীবনই ইবাদত। আল্লাহতায়ালা ইবাদতের সময়সীমাও ঘোষণা করেছেন। কখনো এর থেকে বিচ্ছিন্ন থাকার সুযোগ নেই। বরং দুনিয়ায় শেষ নিঃশ্বাস ত্যাগ করে পরকালের সূচনার সময়টুকু পর্যন্ত ইবাদতের চেষ্টা অব্যাহত রাখতে হবে। এটাই ইবাদতের শেষ সময়। আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'আর আপনার পালনকর্তার ইবাদত করুন, যে পর্যন্ত আপনার কাছে সুনিশ্চিত ক্ষণ (মৃত্যু) না আসে।' (সুরা হিজর ৯৯)।

কাজেই যতদিন সূর্য উদিত হবে, নতুন দিনের সূচনা হবে, ততদিন আল্লাহর ইবাদতের কথা ভুলা যাবে না, বরং বারবার স্মরণ করতে হবে। মহান আল্লাহ আমাদের সেই তাওফিক দান করুন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NY I
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY CAR & LIMO
SERVICES INC
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# CHITTAGONG UNIVERSITY ALUMNI ASSOCIATION NORTH AMERICA INC
## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এ্যাসোসিয়েশন নর্থ আমেরিকা ইনক

ESTD. 1993 | REG. NO. 488263

# কার্যকরী কমিটির নির্বাচন: (মেয়াদকাল ২০২৬-২০২৭ ইং)

## নির্বাচনী তফসিল

- মনোনয়ন পত্র বিতরণ: ০৬ ও ০৭ ডিসেম্বর ২০২৫ শনিবার ও রবিবার, সময়ঃ সন্ধ্যা ৭টা - রাত ৯টা
- মনোনয়ন পত্র জমা: প্রার্থীদের নিকট থেকে ধার্য্যকৃত ফি, বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ ডিগ্রীর সনদপত্রের কপি, এ ছাড়াও সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদের জন্য US PASSPORT/PERMANENT RESIDENT CARD-এর কপিসহ মনোনয়ন পত্র
- জমা দেয়ার শেষ তারিখ: ১২ ডিসেম্বর ২০২৫ শুক্রবার সময়: সন্ধ্যা ৭টা - রাত ৯টা
- মনোনয়ন পত্র বাছাই: ১৩ ডিসেম্বর ২০২৫ শনিবার সময়: সন্ধ্যা ৭টা - রাত ৯টা
- মনোনয়ন পত্র প্রত্যাহার: ১৪ ডিসেম্বর ২০২৫ রবিবার সময়: সন্ধ্যা ৭টা - রাত ৯টা
- নির্বাচন ও ফলাফল ঘোষণা: ২০ ডিসেম্বর ২০২৫ শনিবার সময়: সন্ধ্যা ৫টা - রাত ৯টা
- নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয়: (শুধুমাত্র উল্লেখিত তারিখ ও সময়ের জন্য): **Panshi Party Hall,** 168-37 Hillside Ave., Jamaica, NY 11432

## পদপ্রার্থী ফি - এর হার

| | |
|---|---|
| সভাপতি | $ ৫০০,০০ |
| সিনিয়র সহ সভাপতি | $ ২০০.০০ |
| সহ সভাপতি (৩ জন) | $ ২০০.০০ |
| সাধারণ সম্পাদক | $ ৩০০.০০ |
| সহ-সাধারণ সম্পাদক | $ ১৫০.০০ |
| কোষাধ্যক্ষ | $ ১৫০.০০ |
| গণসংযোগ ও সাংগঠনিক সম্পাদক | $ ১৫০.০০ |
| সাংস্কৃতিক সম্পাদক | $ ১৫০.০০ |
| ম্যাগাজিন ও প্রকাশনা সম্পাদক | $ ১৫০.০০ |
| ক্রীড়া ও সমাজ কল্যাণ সম্পাদক | $ ১৫০.০০ |
| সদস্য - ১১ জন (প্রতিজন) | $ ১০০.০০ |

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী ভাই-বোনদেরকে নির্বাচনী কার্যক্রমে অংশগ্রহন ও সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

## প্রস্তাবিত ইলেকশন কমিশন

অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী
প্রধান নির্বাচন কমিশনার, ৯১৭-৩৩০-০৩৭৪

অধ্যাপক নোয়াব মিয়া
নির্বাচন কমিশনার, ৬৪৬-৬৪২-৭৭৯৫

মোঃ মনজুর হাসান (নসু)
নির্বাচন কমিশনার, ৯১৭-২৫১-৮৭২১

## নতুন সদস্য পদ গ্রহনের আহবান

উত্তর আমেরিকায় বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী ভাই-বোনদেরকে আগামী ০৫ ডিসেম্বর ২০২৫ শুক্রবার সময়: সন্ধ্যা ৭টা - রাত ৯টা সংগঠনের নির্ধারিত সদস্য ফরম যথাযথভাবে পূরণ করে সংগঠনের অস্থায়ী কার্যালয়ে অথবা ইমেইলের মাধ্যমে নতুন সদস্য পদ গ্রহন করার জন্য বিনীত অনুরোধ করা হল।

সদস্য ফরম সংগ্রহ ও পূরণ করে পাঠানোর ইমেইল ঠিকানা:

**mahmud56ahmed@gmail.com, sarkermdabunoman29@gmail.com**

মাহমুদ আহমেদ
সভাপতি
৯২৯-৩৩১-৪২২৬

মোহাম্মদ আবু নোমান সরকার
সাধারন সম্পাদক
৫১৬-৪১৯-৭৪৮৯

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com








## বাংলাদেশি প্রফেশনালস'র বর্ণাঢ্য অভিষেক

৬২ পৃষ্ঠার পর

প্রাঞ্জল উপস্থাপনা দর্শকদের মাতিয়ে রাখে। তিনি প্রথমে 'বাংলাদেশি প্রফেশনালস'-এর প্রেসিডেন্ট শেখ এনামুল কবীরকে আহবান জানান উদ্বোধনী বক্তব্য রাখার জন্য। তিনি বাংলাদেশি প্রফেশনালস-এর উদ্দেশ্য, কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরেন। তিনি বলেন, পারস্পরিক নেটওয়ার্ক গঠনের মাধ্যমে একটি শক্তিশালি কমিউনিটি গঠন করা সম্ভব। এর আগে একটি মিনি ডকুমেন্টারী প্রদর্শন করা হয়। যাতে বাংলাদেশ ও কমিউনিটির চিত্র ফুটে উঠেছে। এরপরই বক্তব্য রাখেন বাংলাদেশি প্রফেশনালস-এর ভাইস প্রেসিডেন্ট সৈয়দ এম আলম। তিনি বাংলাদেশিদের একটি নেটওয়ার্কে নিয়ে আসার যে উদ্যোগ চলছে তা পাওয়ার প্রিন্টসহ বিস্তারিত তুলে ধরেন। অনুষ্ঠানের এই পর্যায়ে বক্তব্য রাখেন 'বাংলাদেশি প্রফেশনালস' ম্যাগাজিনের সম্পাদক হাসান মাহমুদ। তিনি ম্যাগাজিনের বিশেষ সংখ্যা, পূর্ববর্তী প্রকাশিত সংখ্যার বিষয়বস্তু তুলে ধরেন। বিশেষ সংখ্যায় লেখা ও শুভেচ্ছা বাণী দিয়ে সমৃদ্ধ করায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। বাংলাদেশি প্রফেশনালস প্রতিমাসের ১৫ তারিখ এবং ৩০ তারিখে নিউইয়র্কের ব্রুকলিন থেকে প্রকাশিত হয়ে আসছে। ই-পেপার, অন লাইন, ওয়েবসাইট এবং প্রিন্টিং কপি পাওয়া যায়।






অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম, সেক্রেটারি জেনারেল মোহাম্মদ আলী, এনওয়াইপিডির সাবেক লে. কমান্ডার শামসুল হক, বাংলাদেশি আমেরিকান সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এ আর খান সেলিম, সাপ্তাহিক বাংলাদেশ-এর সম্পাদক ডা. ওয়াজেদ খান, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, এসেম্বলি মেম্বর প্রার্থী মেরী জোবায়দা, সিনিয়র সাংবাদিক আনসার লাভলু, সিনিয়র সাংবাদিক আকবর হায়দার কিরন, ব্যবসায়ি সালাম ভূঁইয়া, আইটিভির সিইও শহীদুল ইসলাম, চ্যানেল আই প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা রাশেদ আহমেদ। অনুষ্ঠানের শুরুতে চ্যানেল আই'র সিইও ফরিদুর রেজা সাগর এবং অভিনেত্রী অপি করিমের ভিডিও শুভেচ্ছা প্রদর্শন করা হয়।

বিশেষ সংখ্যায় লিখেছেন ও বাণী দিয়েছেন কনসাল জেনারেল মোজাম্মেল হক, চ্যানেল আই-এর সিইও ফরিদুর রেজা সাগর, বিশিষ্ট ব্যবসায়ি ও আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, ঠিকানা সম্পাদক এম এম শাহীন, সিনিয়র সাংবাদিক ও খ্যাতিমান অনুবাদ আনোয়ার হোসেইন মঞ্জু, ড. রফিকুল ইসলাম, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সাংবাদিক শাহীন হাওলাদার, নারী উদ্যোক্তা আছিয়া বেগম অন্তরা, বাংলাদেশি আমেরিকান সোসাইটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এ আর খান সেলিম, কবী কাজী জহিরুল ইসলামসহ আরও অনেকে।



অনুষ্ঠানে সাইটেশন প্রদান করেন এসেম্বলিউইমেন জেনিফার রাজকুমার পক্ষ থেকে তাঁর প্রতিনিধি। এছাড়া এসেম্বলি মেম্বার স্টিভেন রাগা, কাউন্সিল মেম্বর শাহানা হানিফ সাইটেশন প্রদান করেন।

অনুষ্ঠানে এক পর্যায়ে বিশেষ মেহমানদের মঞ্চে আহবান জানান নওশিন মৌ। তাঁরা নিজেদের অভিমত ব্যক্ত করেন এবং বাংলাদেশি প্রফেশনালস একটি ব্যতিক্রমি উদ্যোগ বলে অভিমত জানিয়েছেন। বাংলাদেশি সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। এ সময় মঞ্চে ফায়ারওয়ার্ক প্রজ্বলন করা হয়। শতকণ্ঠে ধ্বনিত হয় শুভেচ্ছা আর ভালোবাসা।

অনুষ্ঠানে সঙ্গিত পরিবেশন করেন পারভেজ সাজ্জাদ, রুপি দাস এবং গাজী সালাউদ্দিন। সঙ্গিতের তালে তালে ডিনারে অংশগ্রহণ করেন অতিথিগণ। অনুষ্ঠানের গ্রান্ড স্পন্সর ছিল গোল্ডেন এজ হোমকেয়ার, স্পন্সর বিসমিল্লাহ হালাল পোলট্রি। সঙ্গিত আয়োজন করেছে সারগাম ব্যান্ড। মিডিয়া পার্টনার ছিল চ্যানেল আই, টাইম টেলিভিশন, সাপ্তাহিক ঠিকানা ও সাপ্তাহিক আজকাল।

## প্রবাসী ভোটারদের নিবন্ধন চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত

৬২ পৃষ্ঠার পর

মাধ্যমে নিবন্ধন করে, ভোটে অংশগ্রহণে উৎসাহিত করতে আহ্বান জানানো হয়েছে।
ডাকযোগে পোস্টাল ব্যালট পেতে হলে প্রবাসীদের স্ব স্ব দেশের সঠিক ঠিকানা প্রদান করতে হবে, প্রয়োজনে বন্ধু/আত্মীয়ের ঠিকানা অথবা নিকটস্থ সুপরিচিত কোনো প্রতিষ্ঠান/ভবনের ঠিকানা ব্যবহার করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

## ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখবে ইসবগুল

২০ পৃষ্ঠার পর

তবে হেলথলাইন উল্লেখ করেছে, ইসবগুল রক্তে শর্করার ভারসাম্য বজায় রাখতে ভূমিকা রাখতে পারে। তবে খাদ্য এবং ওষুধ প্রশাসন জানিয়েছে, ডায়াবেটিস চিকিৎসায় ইসবগুল ব্যবহারের পক্ষে যথেষ্ট গবেষণা নেই। তাই ইসবগুল সেবনের আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।



## নিউইয়র্কে 'অর্থহীন' মাতালো দর্শক ও শ্রোতাদের

৬৪ পৃষ্ঠার পর



সাফল্য জনকভাবে সম্পন্ন করেছে। গত ৩০ নভেম্বর রোববার ফ্লাশিং এর হোলি এন্জেলস এর একটি অডিটোরিয়াম এ সারাদিন ঝির ঝির বৃষ্টি উপেক্ষা করে প্রচুর শ্রোতা উপস্থিত হয়ে কনসার্ট উপভোগ করেন। কনসার্টের আয়োজক, কলাকুশলীবৃন্দ, দলনেতা সুমন ও গ্রান্ড স্পন্সর রায়হান জামান, এনাম চৌধুরী, সাবরিনা আহমেদ, পারভেজ, সাঈদ উমার বুলবুল ছাড়াও অনেক বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। সাদিয়া খন্দকার এর সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই রাকি আলম ও তার দল 'ওরে নীল দরিয়া' গানটি পরিবেশন করেন। তারপর একে একে প্রয়াত আইয়ুব বাচ্চুর স্মরণে 'সেই তুমি কেন', আজম খানের "রেল লাইন এর বস্তিতে" গানগুলি পরিবেশনের মাধ্যমে দর্শকদের মাতিয়ে রাখেন। এরপর মঞ্চে উঠেন তানজির তুহিন তিনি জেমস এর তুমি কি দেখেছো কভু গানটি দক্ষতার সাথে গেয়ে হল ভর্তি দর্শকের দৃষ্টি আকর্ষণ করেন। প্রতিষ্ঠাতা ও দলনেতা সুমন একে একে পরিবেশন করেন তাদের জনপ্রিয় গানগুলি মোটকথা সবাই তাদের বেস্ট পারফর্মেন্স দিয়ে সকলের প্রশংসা অর্জন করেন। এক কথায় 'অর্থহীন' নিউ ইয়র্কে প্রথম অনুষ্ঠানে দর্শক শ্রোতার ভালোবাসায় সিক্ত হয়ে সফলতা অর্জনে সামর্থ হন। আমেরিকার সান দিয়াগো শহরে আগামী ১৪ ই ডিসেম্বর শেষ কনসার্টের পর তারা দেশে ফিরে যাবেন বলে অর্থহীনের প্রধান সুমন জানিয়েছেন।




GOLDEN AGE
HOME CARE
Presents
১৬ ডিসেম্বর
মহান বিজয় দিবস
সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
প্রধান অতিথি
জনাব শাহ্ নেওয়াজ
বিশেষ অতিথি
জনাব ফখরুল ইসলাম দেলোয়ার
জনাব নুরুল আজীম
জনাব মোহাম্মদ খাইরুল
জনাব অনুপম ভুঁইয়া
স্থানঃ ইকরা পার্টি হল
৮৯-১৬, ১৭৫ স্ট্রিট, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২
ফুলকলি ফাউন্ডেশন অব আমেরিকা
টেলিভিশন রিপোর্টার্স ইউনিটি অব বাংলাদেশ ট্রাব,যুক্তরাষ্ট্র শাখা
জ্যামাইকা বাংলাদেশী সিনিয়র সিটিজেন ক্লাব
বেলাল আহমেদ
সভাপতি
৬৪৬-৬৬২-৯৩৫৩

## ডায়াবেটিস থেকে হতে পারে ইরেক্টাইল ডিসফাংশন

২০ পৃষ্ঠার পর

যায়। বাস্তবে, প্রায় ৮০ শতাংশ মানুষ গুরুতর জটিলতা দেখা না দেওয়া পর্যন্ত কোনো লক্ষণ বুঝতে পারেন না।
সমস্যার সমাধান সম্ভব
তবে সুখবর হলো, ডায়াবেটিস এবং এর জটিলতাগুলো প্রতিরোধ বা নিয়ন্ত্রণ করা সম্ভব। স্বাস্থ্যকর ওজন বজায় রাখা, সুষম খাবার খাওয়া, শারীরিকভাবে সক্রিয় থাকা, ধূমপান এড়িয়ে চলা, মানসিক চাপ নিয়ন্ত্রণ করা এবং রক্তচাপ ও শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখাগুলিই নিজেদের রক্ষা করার সবচেয়ে শক্তিশালী উপায়। নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং আপনার চিকিৎসকের সঙ্গে খোলামেলা আলোচনা এই নীরব রোগটিকে আপনার জীবনে গুরুতর প্রভাব ফেলতে বাধা দিতে পারে।

## ক্যান্সার রক্ষা করতে পারে পাকা চুল

২০ পৃষ্ঠার পর

সেলুলার আত্মরক্ষা, যেন শরীর বলছে আমি ঝুঁকি নিচ্ছি না।
এটি স্বাভাবিক প্রক্রিয়াও আপনার বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ডিএনএর ক্ষতি হয়। আবার দীর্ঘমেয়াদি মানসিক চাপও এর বড় কারণ। এ সময় মেলানোসাইট কোষগুলো 'সিনেসেন্স-কাপলড ডিফারেনসিয়েশন' নামের এক প্রক্রিয়ায় নিজেদের বিভাজন থামিয়ে দেয়। ফলে চুল সাদা হয়, কিন্তু কোষ ক্যানসার থেকে নিরাপদ থাকে।
গবেষক ড. নিশি মুকেশি বলেছেন, চুল পাকা মানে শুধু বয়স নয়; এটি শরীরের সতর্কতার ইঙ্গিত। চুল পাকা এক অর্থে শরীরের 'প্রতিরোধক বার্তা'। এটি জানিয়ে দেয়, শরীর ক্ষতিগ্রস্ত কোষগুলোকে আর নতুন কোষে রূপ নিতে দিচ্ছে না, যাতে ক্যানসারের আশঙ্কা না বাড়ে। তাই এই পরিবর্তনকে শুধু বার্ধক্যের চিহ্ন না ভেবে, তাকে উচিতভাবে এক সচেতন প্রতিক্রিয়া হিসেবে দেখা।
তিনি আরও বলেন, স্ট্রেস, অনিদ্রা ও অনিয়মিত জীবনধারা মেলানোসাইট কোষের ক্ষতি বাড়িয়ে দেয়। তাই নিয়মিত ঘুম, ব্যায়াম, সুষম খাবার ও মানসিক প্রশান্তি রাখলে চুলের অকাল পাকা অনেকটা কমানো যায় এবং কোষের স্বাভাবিক কার্যক্রম টিকিয়ে রাখা সম্ভব হয়।






## আশ্রয়প্রার্থী অনেক বাংলাদেশি ফিরে যাচ্ছেন

১ পৃষ্ঠার পর

মাসে ১৫ থেকে ২০ জন প্রবাসী বাংলাদেশি যুক্তরাষ্ট্র ত্যাগ করেন। তাদের সকলেরই এসাইলাম আবেদন ইমিগ্রেশন কোর্টে পেন্ডিং ছিল। নতুন করে এসাইলাম আবেদন স্থগিত ও পেন্ডিং আবেদনগুলো কঠোরভাবে খতিয়ে দেখার ঘোষণায় অভিবাসীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ছে। অনেকেই যুক্তরাষ্ট্র ত্যাগের চিন্তাভাবনা করছেন। আবার অনেকে ট্রাম্প জমানার শেষ পর্যন্ত অপেক্ষা করতে চান। ২০২৮ সালে নতুন প্রেসিডেন্ট আসার পর সিদ্ধান্ত নিতে চাচ্ছেন। আইস পুলিশের হাতে গ্রেফতার হওয়ার ভয়ে এসাইলাম আবেদনকারীদের অধিকাংশই কোর্টে যাচ্ছেন না। এটর্নির মাধ্যমে হেয়ারিং এর তারিখ পরিবর্তন করছেন। বার বার তারিখ পরিবর্তনে এটর্নিরাও দু'হাতে কামিয়ে নিচ্ছেন।
এদিকে ৩০টি দেশের নাগরিকরা আমেরিকার ভিসা পাবে না বলে ঘোষণা দিয়েছে ট্রাম্প প্রশাসন। এসব দেশের নাগরিকদেরও এসাইলাম, গ্রীণ কার্ড ও নাগরিকত্ব আবেদন প্রক্রিয়াও স্থগিত করা হয়েছে। যুক্তরাষ্ট্রের নিরাপত্তা বিবেচনায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছে ইউএসসিআইএস। ট্রাম্প এরমধ্যে ১৯টি দেশের নাম ঘোষণা করেছেন। আরও ১১টি দেশের নাম সহসাই ঘোষণা করা হবে। ওয়াশিংটন ডিসিতে গুলিবর্ষণে দুই ন্যাশনাল গার্ড সদস্য আহত হওয়ার ঘটনার পর যুক্তরাষ্ট্রে এসাইলাম আবেদন প্রক্রিয়া থমকে গেছে। মার্কিন সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস ঘোষণা করেছে, এসাইলামের জমে থাকা পুরনো আবেদনগুলো সর্বোচ্চ মানের নিরাপত্তা মূল্যায়ন শেষ না হওয়া পর্যন্ত কোনো নতুন আবেদন গ্রহণ হবে না।
হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম বলেছেন, নতুন মানদণ্ডে ব্যাকলগ নিষ্পত্তি হলেই এসাইলাম আবার শুরু হবে। তিনি আরও বলেন, ন্যাশনাল গার্ডে গুলিবর্ষণের সন্দেহভাজন আফগান নাগরিক লাখানওয়াল যুক্তরাষ্ট্রে আসার পরই উগ্রপন্থার প্রভাবে পড়েছেন-এমনটাই তদন্তকারীদের প্রাথমিক ধারণা। এনবিসি নিউজ জানিয়েছে, তিনি বাইডেন প্রশাসনের সময় যুক্তরাষ্ট্রে ঢোকেন, পরে ট্রাম্প প্রশাসনের সময়ে তার আশ্রয় অনুমোদিত হয়। আফগানিস্তানে মার্কিন বাহিনীর হয়ে কাজ করার কারণে তিনি আগেই বিস্তৃত যাচাইয়ের মধ্য দিয়ে গিয়েছিলেন-এই তথ্যও প্রতিবেদনে এসেছে। এখন তাকে ফার্স্ট-ডিগ্রি হত্যার অভিযোগের মুখোমুখি হতে হচ্ছে।
যুদ্ধের আগুন, ধর্মীয় নিপীড়ন ও রাজনৈতিক অত্যাচার থেকে বাঁচতে যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন হাজার হাজার আশ্রয়প্রার্থী। তাদের জন্য স্থগিতাদেশ শুধু সময়ক্ষেপণ নয়-এটি জড়িয়ে আছে ভয়, অনিশ্চয়তা এবং প্রত্যাখ্যানের সম্ভাবনা।
বাংলাদেশসহ বহু দেশ থেকে যারা প্রাণের ভয়ে ঘরবাড়ি ছেড়েছেন। যুক্তরাষ্ট্র তাদের কাছে একটি আশার নাম ছিল। আজ সেই আশাই স্থগিতাদেশের ছায়ায় ঢেকে গেছে। তাদের অস্থির অপেক্ষা প্রতিদিন বাড়াচ্ছে আতঙ্ক। কোথায় তাদের জায়গা।
এদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রোববার বলেছেন, আইনগত সুযোগ পেলে তিনি কিছু মার্কিন নাগরিকের নাগরিকত্ব "অবশ্যই" বাতিল করবেন। ন্যাশনাল গার্ড সদস্যদের ওপর সাম্প্রতিক প্রাণঘাতী হামলার পর তাঁর প্রশাসন অভিবাসন দমনমূলক পদক্ষেপ আরও জোরদার করেছে। ট্রাম্পের দাবি কিছু অপরাধী বাইডেন প্রশাসনের শিথিলতার সুযোগে নাগরিকত্ব পেয়েছে। যদি তাঁর হাতে ক্ষমতা থাকত তাহলে তিনি প্রয়োজন মনে করলে তাদের নাগরিকত্ব বাতিল করতেন। তিনি যুক্তরাষ্ট্রে থাকা সোমালিয়া থেকে আসা মানুষের ব্যাপারেও কঠোর মন্তব্য করেন এবং দীর্ঘ সময়ের জন্য নতুন এসাইলাম আবেদন বন্ধ রাখার ইঙ্গিত দেন।থ্যাংকসগিভিং-এ প্রকাশিত দীর্ঘ পোস্টে তিনি ঘোষণা দেন, অ-নাগরিকদের সব ফেডারেল সুবিধা বন্ধ করবেন, দেশের শান্তি ব্যাহত করে এমন নেচারালাইজড নাগরিকদের নাগরিকত্ব বাতিল করবেন এবং অযোগ্য বিদেশিদের দেশ থেকে বের করে দেবেন।
২০২২ সালের হিসাবে যুক্তরাষ্ট্রে বসবাসরত ৪৬.২ মিলিয়ন অভিবাসীর মধ্যে ২৪.৫ মিলিয়ন নেচারালাইজড নাগরিক। অর্থাৎ মোট অভিবাসীর অর্ধেকের বেশি এখন মার্কিন নাগরিক। গত দশকে ৭.৯ মিলিয়নের বেশি অভিবাসী নাগরিকত্ব পেয়েছে। সাধারণত কেউ নাগরিকত্ব পেতে স্থায়ী বাসিন্দা হিসেবে অন্তত পাঁচ বছর থাকতে হয় এবং গড়ে এই সময় দাঁড়ায় ৭.৫ বছর। ন্যাশনাল গার্ড হত্যাকাণ্ডের পর ১৯টি দেশের নাগরিকদের দেওয়া গ্রিন কার্ড পুনরায় যাচাইয়ের নির্দেশ দিয়েছে সরকার। এ ছাড়া আশ্রয় আবেদন আপাতত স্থগিত রয়েছে। যাচাইয়ের নীতিমালা কীভাবে প্রয়োগ হবে তা এখনো পুরোপুরি জানানো হয়নি, তবে অতিরিক্ত নথিপত্র, কঠোর জিজ্ঞাসাবাদ বা কারও স্ট্যাটাস বদলের মতো সিদ্ধান্ত আসতে পারে ট্রাম্প বলেছেন, "থার্ড ওয়ার্ল্ড" দেশগুলো থেকে অভিবাসন স্থায়ীভাবে থামিয়ে দেবেন। কোন কোন দেশকে তিনি "থার্ড ওয়ার্ল্ড" বলছেন তা স্পষ্ট না করলেও, মোট উনিশটি "উচ্চ ঝুঁকির" দেশকে অভিবাসন, গ্রীন কার্ড এবং সব ধরনের ফাইল পর্যালোচনার আওতায় আনা হয়েছে। আফগানিস্তান, মিয়ানমার, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেনের নাগরিকদের ওপর পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান ও ভেনেজুয়েলার নাগরিকরা আংশিক বিধিনিষেধের মধ্যে পড়বেন।

## বিশ্বের সবচেয়ে বিরল রক্তের গ্রুপ কোনটি?

২০ পৃষ্ঠার পর

আপনার রক্তের অ্যান্টিজেন থেকে ভিন্ন, তাহলে আপনার শরীর সেই রক্তের বিরুদ্ধে অ্যান্টিবডি তৈরি করবে এবং সেই রক্তকে আক্রমণ করবে। ওই একই রক্ত আপনি আবার নিলে তা প্রাণঘাতী হতে পারে।
রোগপ্রতিরোধ ব্যবস্থার সবচেয়ে শক্ত প্রতিক্রিয়া সৃষ্টি করে এমন দুটি ব্লাড গ্রুপ সিস্টেম হলো এবিও এবং রেসাস (আরএইচ)। যাদের রক্তের গ্রুপ এ, তাদের লাল রক্তকণিকার পৃষ্ঠে থাকে এ অ্যান্টিজেন।
যাদের বি গ্রুপ, তাদের থাকে বি অ্যান্টিজেন।
এবি গ্রুপে এ ও বি-দুটি অ্যান্টিজেন থাকে, আর ও গ্রুপে কোনোটি থাকে না।
প্রতিটি রক্তের গ্রুপই আবার আরএইচ পজিটিভ অথবা আরএইচ নেগেটিভ হতে পারে।
যাদের রক্ত ও নেগেটিভ তাদের প্রায়শই 'ইউনিভার্সাল ডোনার' বা সবাইকে রক্ত দিতে পারবে বলা হয়। যেহেতু তাদের রক্তে এ, বি বা আরএইচ অ্যান্টিজেন থাকে না। যদিও বিষয়টি অতিসরলীকরণ।
প্রথমত, ২০২৪ সালের অক্টোবর পর্যন্ত ৪৭টি স্বীকৃত রক্তের গ্রুপ এবং ৩৬৬টি ভিন্ন অ্যান্টিজেন চিহ্নিত হয়েছে।
এর মানে হলো, কোনো ব্যক্তি যদি ও নেগেটিভ রক্ত গ্রহণও করেন, তবুও রক্তে থাকা অন্যান্য অ্যান্টিজেনের কারণে তার শরীরে প্রতিরোধকারী (ইমিউন) প্রতিক্রিয়া হতে পারে ও যদিও কিছু অ্যান্টিজেন অন্যগুলোর তুলনায় বেশি শক্তিশালী প্রতিক্রিয়া সৃষ্টি করে।
দ্বিতীয়ত, ৫০টির বেশি আরএইচ অ্যান্টিজেন রয়েছে। সাধারণভাবে যখন কেউ নিজেকে আরএইচ নেগেটিভ বলেন, তারা মূলত আরএইচ (ডি) অ্যান্টিজেন উল্লেখ করছেন, তবে তাদের রক্তকণিকায় তখনো অন্যান্য আরএইচ প্রোটিন থাকে।
বিশ্বজুড়ে আরএইচ অ্যান্টিজেনের ব্যাপক বৈচিত্র্য রয়েছে, যা প্রকৃত ডোনার বা রক্তদাতার সঠিক মিল খুঁজে পাওয়া কঠিন করে তোলে-বিশেষ করে কোনো দেশের জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের ক্ষেত্রে।
তবে আরএইচ স্বাভাবিক নেই যেসব মানুষদের রক্তে, তাদের মোট ৫০টি আরএইচ অ্যান্টিজেনের কোনোটিই নেই। যদিও এই ব্যক্তিরা অন্য কোনো ধরনের রক্ত নিতে পারেন না, তবে তাদের রক্ত সব ধরনের আরএইচ রক্তের ধরনের সঙ্গে উপযুক্ত।
এই বিষয়টি ও টাইপ আরএইচ নাল রক্তকে অত্যন্ত মূল্যবান করে তোলে। কারণ অধিকাংশ মানুষ এটি গ্রহণ করতে পারেন, যার মধ্যে এবিও-এর সব ভ্যারিয়েন্ট আছে এমন মানুষরাও অন্তর্ভুক্ত।
জরুরি অবস্থায়, যেখানে রোগীর রক্তের ধরন নিয়ে তথ্য নেই, সেক্ষেত্রে কম এলার্জির ঝুঁকিতে থাকা ও টাইপ আরএইচ নাল রক্ত দেওয়া যেতে পারে। এই কারণে, বিশ্বের বিজ্ঞানীরা এই 'সোনালী রক্তের' মতো রক্ত তৈরির উপায় খুঁজছেন।
'আরএইচ (অ্যান্টিজেন ট্রিগার) রোগ প্রতিরোধ ক্ষমতায় বড় ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করে। কাজেই আপনার যদি (এগুলোর) কোনোটিই না থাকে, তাহলে আরএইচ-এর ক্ষেত্রে প্রতিক্রিয়া করার মতো কিছুই থাকে না' বলেন প্রফেসর টোয়ে।
'যদি আপনি ও টাইপ এবং আরএইচ নাল হন, তাহলে এটি প্রায় সার্বজনীন। তবে এখনো অন্য রক্তের গ্রুপ আছে যা আপনাকে বিবেচনা করতে হবে।'
আরএইচ-বিহীন রক্তের উৎপত্তি
সাম্প্রতিক গবেষণায় জানা গেছে, আরএইচ-বিহীন রক্ত জিনগত রূপান্তরের কারণে উৎপন্ন হয়, যা একটি প্রোটিনকে প্রভাবিত করে। এই প্রোটিনটি লাল রক্তকণিকায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং এটিকে আরএইচ অ্যাসোসিয়েটেড গ্লাইকোপ্রোটিন বা আরএইচএজি বলা হয়।
এই জেনেটিক মিউটেশন বা জিনগত পরিবর্তনগুলো প্রোটিনটির আকার ছোট বা বিকৃত করে দেয়, যার ফলে অন্যান্য আরএইচ অ্যান্টিজেনের প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয়।
২০১৮ সালে ব্রিস্টল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর টোয়ে ও তার সহকর্মীরা ল্যাবরেটরিতে আরএইচ নাল রক্তের অনুরূপ তৈরি করতে সক্ষম হন। এর জন্য তারা ল্যাবে উৎপন্ন অবিকশিত কণগুলো লোহিত রক্ত কণিকা ব্যবহার করেন।
এরপর গবেষকরা সিআরআইএসপিআর-সিএএস৯ নামের জিন এডিটিং প্রযুক্তি ব্যবহার করে পাঁচটি প্রধান ব্লাডগ্রুপের অ্যান্টিজেন সংশ্লিষ্ট জিনগুলো মুছে ফেলেন।
এই পাঁচটি রক্তের গ্রুপে মিল না হওয়ার কারণে সাধারণত রক্ত সঞ্চালনে সবচেয়ে বড় অসঙ্গতি দেখা দেয়। এর মধ্যে রয়েছে এবিও এবং আরএইচ অ্যান্টিজেনের পাশাপাশি কেল, ডাফি এবং জিপিবি নামের অন্যান্য অ্যান্টিজেনও।
'আমরা বের করেছি যে এই পাঁচটি অ্যান্টিজেনকে যদি নিষ্ক্রিয় করা যায়, তাহলে একটি অতি সুসঙ্গত কোষ তৈরি করা সম্ভব, কারণ এর থেকে সবচেয়ে সমস্যা-জর্জরিত পাঁচটি রক্তের গ্রুপ সরানো থাকবে,' বলেন প্রফেসর টোয়ে।
ফলে তৈরি হওয়া রক্তকণিকাগুলো সাধারণ প্রধান রক্তের গ্রুপগুলোর সঙ্গে যেমন সামঞ্জস্যপূর্ণ হবে, তেমনই বিরল রক্তের ধরনের (যেমন আরএইচ নাল ও বোম্বে ফেনোটাইপও যা প্রতি ৪০ লাখ মানুষের মধ্যে একজনে পাওয়া যায়) সঙ্গেও সামঞ্জস্যপূর্ণ হবে।
এই রক্তের গ্রুপের মানুষকে ও, এ, বি বা এবি- কোনো রক্তই দেওয়া যায় না।
তবে জিন এডিটিং প্রযুক্তি ব্যবহার এখনো বিশ্বের বহু স্থানে বিতর্কিত এবং কঠোরভাবে নিয়ন্ত্রিত।
ফলে প্রায় সবার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এই রক্তের ধরন ক্লিনিক্যাল ব্যবহারে আসতে আরও সময় লাগতে পারে।
এটি অনুমোদন পেতে হলে বহু ধাপের ক্লিনিক্যাল ট্রায়াল ও বিস্তৃত পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে যেতে হবে।




আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

## এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

### ঢাকা অফিস
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

### নিউইয়র্ক অফিস
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির খাদ্য বিতরণ

৬২ পৃষ্ঠার পর

রুহুল ইসলাম সেলোয়ার ও সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী। মূলত: কভিড ১৯ এর ভয়াবহ সময় থেকে ফ্রেন্ডস সোসাইটি নিউইয়র্ক সিটি প্রশাসন ও বিভিন্ন সংস্থার সহযোগিতায় খাদ্য বিতরণ কর্মসূচী গ্রহণ করে আসছে। যা কমিউনিটিতে প্রশংসিত। উত্তর আমেরিকার থ্যাঙ্কস গিভিং ডে সামনে রেখে গত ২১ নভেম্বর শুক্রবারের খাদ্য বিতরণের সময় দেশী-বিদেশী সর্বস্তরের বিপুল মানুষ লাইনে দাঁড়িয়ে খাবার গ্রহণ করেন। এসময় স্বেচ্ছাসেবী দলের সদস্যরা সার্বিক সহযোগিতা প্রদান করেন।

এসময় ফ্রেন্ডস সোসাইটির অন্যতম উপদেষ্টা ডা. ওয়াজেদ এ খান, মোহাম্মদ শহীদুল্লাহ, সাবেক সভাপতি মোহাম্মদ সাইফুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ জে মোল্লা সানি ও সহ সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ সহ অন্যান্য কর্মকর্তাদের মধ্যে শরীক হোলেন, জিল্লুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

## দক্ষিণ এশিয়ায় ভারত যেভাবে ভারতবিরোধী মনোভাব বাড়াচ্ছে

৬ পৃষ্ঠার পর

হামলায় পরিস্থিতি ভয়াবহ হয়ে উঠেছিল। এমন অবস্থায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, তিনি দুই দেশের মধ্যে একটি যুদ্ধবিরতি করাতে পেরেছেন। এই ঘটনার পর কূটনৈতিক যোগাযোগ প্রায় বন্ধ হয়ে যায়। দুই দেশের বাণিজ্যও থেমে পড়ে। এমনকি 'ভদ্রলোকের খেলা' হিসেবে পরিচিত ক্রিকেট সম্পর্কও স্থগিত হয়ে যায়। এমন পরিস্থিতিতে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ ভারতের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার কোনো তাগিদ অনুভব করছে না।

**সীমান্ত বিরোধের জটিলতা :** ভারতের প্রতিবেশী প্রভাবের ওঠানামা সবচেয়ে পরিষ্কারভাবে দেখা যায় নেপালের ক্ষেত্রে। ইতিহাসে নেপাল ছিল একটি হিন্দুরাষ্ট্র এবং ভারতের সঙ্গে তাদের সীমান্ত খোলা ছিল। সাংস্কৃতিক ও সামাজিক সম্পর্কও ছিল গভীর। কিন্তু ১৯৯৬-২০০৬ সালের গৃহযুদ্ধ, মাওবাদী শক্তির উত্থান এবং ২০০৮ সালে রাজতন্ত্র বিলুপ্ত হওয়ার পর এই সম্পর্ক বদলে যায়। এর পর থেকে নেপাল আরও স্বাধীন পররাষ্ট্রনীতি অনুসরণ করতে থাকে, যা নয়াদিল্লির জন্য বিরক্তির কারণ হয়।

২০১৫ সালে সাধারণ মানুষের মধ্যে ভারতের বিরুদ্ধে ক্ষোভ আরও বেড়ে যায়। তখন নেপালের দক্ষিণ সীমান্তে বসবাসকারী মাধেসি জনগোষ্ঠী নতুন সংবিধান নিয়ে আন্দোলন করছিল। তাদের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। সেই সময় ভারত একটি 'অঘোষিত অবরোধ' সৃষ্টি করেছে বলে নেপাল অভিযোগ করেছিল।

এই অবরোধের কারণে নেপালে জ্বালানি, ওষুধ এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ভয়াবহ সংকট দেখা দেয়। ভারত বলে, তারা কোনো অবরোধ দেয়নি। কিন্তু নেপালে ভারতের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। সেই ক্ষতি আজও কাটেনি। ২০২৫ সালে নেপালে নতুন করে রাজনৈতিক আন্দোলন শুরু হলে সেই পুরোনো ক্ষোভ আবার জেগে ওঠে। যেসব নেতা ভারতের খুব কাছের বলে মনে করা হতো, তাঁরা ক্ষমতাচ্যুত হন। নতুন সরকার আবারও চীনের 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' (বিআরআই)-এর প্রকল্পগুলো চালু করে, যেগুলো আগে বন্ধ ছিল।

একই সঙ্গে নেপাল কালাপানি অঞ্চল ও লিপুলেখ গিরিপথ নিয়ে ভারতের সঙ্গে নতুন করে বিরোধের বিষয়টি সামনে আনে। বিশেষ করে লিপুলেখ গিরিপথ পর্যন্ত ভারতের তৈরি ৮০ কিলোমিটার দীর্ঘ রাস্তা নিয়ে নেপালের ক্ষোভ সবচেয়ে বেশি। এই পথটি হিমালয়ের একটি কৌশলগত রুট। এটি ভারত-চীন-নেপাল সীমান্তের কাছাকাছি। এটি বাণিজ্য ও কৈলাস পর্বতে তীর্থযাত্রার জন্য ব্যবহৃত হয়।

নেপালের দাবি, এই রাস্তা ১৮১৬ সালের সুগৌলি চুক্তি লঙ্ঘন করে এবং তাদের ভূখণ্ডে ভারতের অনুপ্রবেশের শামিল। ভারত ও মালদ্বীপের মধ্যে দীর্ঘদিন ধরে ঘনিষ্ঠ কৌশলগত, সামরিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক সম্পর্ক ছিল। কিন্তু ২০২৩ সালে চিত্র বদলে যায়। সে বছর মালদ্বীপে মোহাম্মদ মুইজ্জু নতুন প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন। তাঁর নির্বাচনী প্রচারণার মূল বার্তা ছিল-মালদ্বীপকে ভারতের প্রভাববলয় থেকে সরিয়ে আনতে হবে।

মালদ্বীপের আন্দোলন ২০২২-২৩ সালের দিকে সবচেয়ে জোরালো হয় এবং মুইজ্জুর ক্ষমতায় আসার পর আবার গতি পায়। এই আন্দোলনের মূল অভিযোগ ছিল-মালদ্বীপের মাটিতে অবস্থানরত ভারতীয় সেনাদের মাধ্যমে ভারত দেশটির প্রতিরক্ষা ও অভ্যন্তরীণ রাজনীতিতে অযথা প্রভাব বিস্তার করছে।

বাস্তবে মালদ্বীপে ভারতীয় সেনাসদস্যের সংখ্যা খুব কম ছিল। তাদের বেশির ভাগই ছিল হেলিকপ্টার ও বিমান রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা টেকনিশিয়ান। কিন্তু তাদের রাজনৈতিক প্রভাব ছিল অনেক বড়।

মুইজ্জু এই পরিস্থিতিকে কাজে লাগান। তিনি প্রকাশ্যে মালদ্বীপ থেকে ভারতীয় সেনা প্রত্যাহারের দাবি তোলেন। একই সঙ্গে অবকাঠামো উন্নয়ন ও নিরাপত্তা বিষয়ে তিনি চীনের দিকে ঝুঁকে পড়েন এবং তাদের সঙ্গে অংশীদারত্ব গড়ে তোলেন।

শ্রীলঙ্কায় নির্বাচন সামনে থাকলে জাতীয়তাবাদী ও বামপন্থী রাজনীতিবিদেরা প্রায়ই ভারতবিরোধী বক্তব্য ব্যবহার করেন। এর ফলে অতীতেও ভারতের সঙ্গে শ্রীলঙ্কার কূটনৈতিক সম্পর্কে টানাপোড়েন তৈরি হয়েছে।

২০২২ সালে শ্রীলঙ্কার অর্থনীতি ভয়াবহভাবে ভেঙে পড়ে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ফুরিয়ে যায়। মূল্যস্ফীতি বেড়ে যায়। দেশজুড়ে জ্বালানি ও ওষুধের সংকট দেখা দেয়। রাজনৈতিক অস্থিরতার কারণে তৎকালীন প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষেকে পদ ছেড়ে পালাতে হয়। এটিকে দক্ষিণ এশিয়ার কয়েক দশকের মধ্যে সবচেয়ে বড় সংকট হিসেবে ধরা হয়।

এই পরিস্থিতিতে ভারত প্রথম দেশ হিসেবে শ্রীলঙ্কার পাশে দাঁড়ায়। ভারত প্রায় ৪ বিলিয়ন ডলারের ঋণসুবিধা দেয়। জ্বালানি ও প্রয়োজনীয় পণ্য পাঠায়।

কলম্বোর সেন্টার ফর পলিসি অল্টারনেটিভসের সিনিয়র প্রোগ্রাম কো-অর্ডিনেটর মালিন্দা মিগোদা বলেন, 'সেই কঠিন সময়ে মানুষ ভারতকে প্রথম সাড়া দেওয়া দেশ হিসেবে দেখেছে। তাদের ভূমিকা কোনোভাবেই ছোট করে দেখার সুযোগ নেই।' তবে কিছুদিনের মধ্যেই বিতর্ক শুরু হয়।

**আদানি প্রকল্প নিয়ে বিতর্ক**

সবচেয়ে বড় বিতর্ক তৈরি হয় মান্নার ও পুনেরিন এলাকায় আদানির উইন্ড পাওয়ার (বায়ুবিদ্যুৎ) প্রকল্প নিয়ে। শ্রীলঙ্কার সমালোচকদের অভিযোগ, এই চুক্তির জন্য নয়াদিল্লি অনেক চাপ দিয়েছে। তাঁরা আরও বলেন, এই প্রকল্পের বিদ্যুৎমূল্য স্থানীয় বিকল্পগুলোর তুলনায় অনেক বেশি নির্ধারণ করা হয়েছে।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরোধীরা অভিযোগ করেন, গৌতম আদানির সঙ্গে তাঁর সম্পর্ক প্রায় ২০ বছরের পুরোনো। মোদি যখন গুজরাটের মুখ্যমন্ত্রী ছিলেন, তখন থেকেই এই সম্পর্ক গড়ে ওঠে। গুজরাটই তাঁদের দুজনের রাজ্য।

আরও অভিযোগ করা হয়, মোদি সরকার আদানি ও তাঁর ব্যবসায়িক সাম্রাজ্যকে ঘুষ ও জালিয়াতির অভিযোগ থেকে রক্ষা করেছে। তবে মোদি ও আদানি-দুজনই এসব অভিযোগ অস্বীকার করেছেন।

আরও একটি অভিযোগ উঠে আসে। সেটি হলো, শ্রীলঙ্কা আনুষ্ঠানিকভাবে দেউলিয়া হওয়ার আগে ভারতের কাছ থেকে পাওয়া কিছু ঋণ ব্যবহার করে ভারতেরই কিছু প্রতিষ্ঠানের আগের ঋণ পরিশোধ করা হয়েছে। তবে এ বিষয়ে কলম্বো সরকার কোনো স্পষ্ট মন্তব্য করেনি।

মিগোদা বলেন, এসব ঘটনা মানুষের মনে বিভ্রান্তি ও সন্দেহ তৈরি করেছে। তবে তিনি এটাও বলেন, আদানির প্রকল্প নিয়ে যে ক্ষোভ তৈরি হয়েছে, তার পেছনে শুধু ভারতবিরোধিতা কাজ করেনি, স্বচ্ছতার অভাব ও রাজনৈতিক হস্তক্ষেপের আশঙ্কাও বড় কারণ ছিল।

মিগোদার ভাষায়, 'ভারত ও চীন-দুই দেশই শ্রীলঙ্কায় স্বচ্ছতা ছাড়া অর্থায়ন, নিজেদের প্রস্তাব চাপিয়ে দেওয়া এবং দুর্বল তদারকির জন্য সমালোচনার মুখে পড়েছে। এর ফলে অনেক প্রকল্প ব্যর্থ হয়েছে বা মাঝপথে আটকে গেছে, আর জনগণের আস্থা নষ্ট হয়েছে।'

**ভারতের সঙ্গে শ্রীলঙ্কার সম্পর্কের অতীত**

ভারত ও শ্রীলঙ্কার সম্পর্ক কখনো উষ্ণ, কখনো আবার টানাপোড়েনপূর্ণ ছিল। তবে গৃহযুদ্ধ এই সম্পর্কে সবচেয়ে বড় ছায়া ফেলেছে।

আশির দশকের শেষ দিকে, তামিল বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে একটি চুক্তি করিয়ে দিয়ে ভারত শ্রীলঙ্কায় শান্তিরক্ষী বাহিনী পাঠায়। কিন্তু এতে ভারত নিজেই সংঘাতে জড়িয়ে পড়ে এবং দুই দেশের মধ্যে আস্থার বড় ক্ষতি হয়।

২০০০-এর দশকের মাঝামাঝি সময়ে, মাহিন্দা রাজাপক্ষে প্রেসিডেন্ট হওয়ার পর পরিস্থিতি বদলায়।

২০০৬ থেকে ২০০৯ সালের মধ্যে শ্রীলঙ্কা যখন গৃহযুদ্ধ শেষ করার চেষ্টা করে, তখন ভারত গোপনে গোয়েন্দা তথ্য দিয়ে এবং কূটনৈতিকভাবে সাহায্য করে। তবে একই সঙ্গে সাধারণ মানুষের ক্ষতির বিষয়ে সতর্কও করে।

যুদ্ধ শেষ হওয়ার পর শ্রীলঙ্কা যখন চীনের অর্থায়নে বড় অবকাঠামো প্রকল্প নিতে শুরু করে, তখন ভারত আবার উদ্বিগ্ন হয়ে পড়ে। ভারত মনে করে, এতে ভারত মহাসাগরে চীনের প্রভাব বাড়ছে।

**এখনো দড়ির ওপর হাঁটছে শ্রীলঙ্কা**

এখনো শ্রীলঙ্কা খুব সতর্কভাবে চলার চেষ্টা করছে।

ভারত-শ্রীলঙ্কা স্থল সেতু (ল্যান্ড ব্রিজ) প্রকল্প বাতিল করা এবং আবার আদানির উইন্ড পাওয়ার প্রকল্প পর্যালোচনা করার সিদ্ধান্ত থেকে বোঝা যায়, কলম্বো তার অর্থনৈতিক স্বাধীনতা রক্ষা করতে চায়।

অন্যদিকে শ্রীলঙ্কা নীরবে চীনের গবেষণা জাহাজ আসার সংখ্যা সীমিত করেছে। বিশ্লেষকদের মতে, এটি ভারতের নিরাপত্তা উদ্বেগকে প্রশমিত করার কৌশল।

মিগোদা বলেন, 'শ্রীলঙ্কা কোনো পক্ষ নিতে চায় না। কিন্তু তাদের সক্ষমতা সীমিত, অর্থনীতির ওপর নির্ভরতা বেশি এবং কূটনৈতিক বার্তায় একধরনের অস্পষ্টতা রয়েছে। তাই তাদের নিরপেক্ষ অবস্থান অনেক সময় দুর্বল ও বিভ্রান্তিকর হয়ে পড়ে।'

**'ধসে পড়া ট্রেনের মতো অবস্থা'**

ঢাকা থেকে কাঠমান্ডু, কলম্বো থেকে মালেতে একটি বিষয় খুব স্পষ্ট। সেটি হলো, ভারত যত বেশি চাপ দিচ্ছে, তার প্রতিবেশী দেশগুলো তত দ্রুত বিকল্প কোনো শক্তির দিকে ঝুঁকছে।

এই প্রতিক্রিয়া আসছে এমন একসময়, যখন ভারত বিশ্বমঞ্চে নিজের প্রভাব বাড়াতে চাচ্ছে।

ভারত নিজেকে বেইজিংয়ের (চীনের) বিপরীতে একটি শক্তি হিসেবে তুলে ধরতে চাইছে। সেই সঙ্গে জি-২০, জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বড় ভূমিকা নিতে চায়।

ভারত বিদেশে মানবিক সহায়তা, সমুদ্র টহল এবং শান্তিরক্ষা কার্যক্রমের কথা তুলে ধরে। কিন্তু দেশটির ভেতরের সমালোচকেরা বলেন, নিজের প্রতিবেশীদের ক্ষেত্রে ভারত একটি দাদাগিরিমূলক শক্তির মতো আচরণ করে। তারা ছোট দেশগুলোর রাজনীতি, প্রতিরক্ষা এবং বাণিজ্যিক সিদ্ধান্তে প্রভাব বিস্তার করতে চায়।

ড. সাকিব বলেন, 'সাম্প্রতিক বছরগুলোতে প্রতিবেশী অঞ্চলে ভারতের পররাষ্ট্রনীতি পুরোপুরি একটি "ট্রেন রেক" বা রেল দুর্ঘটনার মতো হয়ে গেছে।'

**উমর বিন জামাল টিআরটি ওয়ার্ল্ড-এর প্রযোজক।**

**টিআরটি ওয়ার্ল্ড থেকে নেওয়া। ইংরেজি থেকে অনুবাদ: সাইফুদ্দিন আহমেদ**

## শাপলা ওয়েলফেয়ার এসোসিয়েটসে রিপন-আমিন পরিষদ জয়ী

৬২ পৃষ্ঠার পর

হয়। তবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী তা করা রিপন আমিন পরিষদের কোন প্রতিপক্ষ না থাকায় পুরো পরিষদকে বিজয়ী প্যানেল হিসেবে ঘোষণা করা হয়। সভাপতি মো. মোস্তফা রিপন, সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ আলমগীর হোসেন, সহ-সভাপতি মোহাম্মদ রুহুল আমিন, সাধারণ সম্পাদক মো. আল আমিন, সহসাধারণ সম্পাদক মো. জহুরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক তজুল হোসেন সবুজ, অর্থ সম্পাদক মো. আবু তাহের, সহ অর্থ সম্পাদক ফয়সাল আহমেদ রিপন, ক্রীড়া এবং সাংস্কৃতিক সম্পাদক আবু তাহের প্রচার সম্পাদক মো. আবু বক্কর। কার্যনির্বাহী সদস্য পাঁচজন হলেন- তুফুল হাসান, মো. ওয়াসিম উদ্দিন ভূঁইয়া, রহিম চৌধুরী, মো. এম মিয়াজী ও মো. জসিম উদ্দিন। নির্বাচন প্রধান নির্বাচন কমিশনার মীর এইচ জামাল, এবং নির্বাচন কমিশনার আমিনুল ইসলাম চৌধুরী, এ কে এম কামাল উদ্দিন খান, মো. জাহেদ চৌধুরী, মোহাম্মদ টি মোল্লা।

## ডেলাওয়্যার বিশ্ববিদ্যালয়ের ছাত্র লোকমান অস্ত্রসহ গ্রেপ্তার

৬২ পৃষ্ঠার পর

পরিকল্পনা ছিল বলে পুলিশ ধারণা করছে। তার কাছ থেকে 'শাহাদাত' সম্পর্কে একটি নোট পাওয়া গেছে বলে জানানো হয়। ডেলাওয়্যার বিশ্ববিদ্যালয়ের ওই ছাত্র লোকমান বন্দুক, বডি আর্মার এবং একটি গাড়ী ভর্তি অস্ত্রসহ আটকের পর তার পরিকল্পনা ফাঁস হয়ে যায়। সে উইলমিংটন ক্যাম্পাসে 'শহীদ' হওয়ার জন্য একটি গণ হামলাকার করে হত্যাযজ্ঞ চালানোর পরিকল্পনা করেছিল বলে পুলিশের ধারণা। ২৫ বছর বয়সী লোকমান খানকে ২৪শে নভেম্বর গ্রেপ্তার করা হয় যখন পুলিশ তার গাড়িতে উচ্চ ক্ষমতাসম্পন্ন জিনিস খুঁজে পায় যেখানে গাড়ীটি পার্ক করা হয়েছিল সেখানে। ডেলাওয়্যার বিশ্ববিদ্যালয়ের ছাত্র লোকমান খানকে বন্দুক, শরীরের বর্ম এবং উইলমিংটন ক্যাম্পাসে একটি ভয়াবহ গণ শ্যুটিং চালানোর ব্যাপক পরিকল্পনা পূর্ণ একটি গাড়ি নিয়ে গ্রেপ্তার হয়। নিউ ক্যাসেল কাউন্টি পুলিশ লোকমান খানের কাছে একটি হ্যান্ডগান, বডি আর্মার, নগদ টাকা পুলিশ বিভাগের প্যাচ সহ কন্ট্রাব্যান্ড পেয়েছে। ২৫ বছর বয়সী খানকে ২৪ নভেম্বর গ্রেপ্তার করা হয়েছিল যখন পুলিশ তার গাড়িতে উচ্চ ক্ষমতাসম্পন্ন ক্যাশেটি পেয়েছিল। নিউ ক্যাসেল কাউন্টি পুলিশ খানের কাছে গোলাবারুদ, একটি পিস্তল, অসংখ্য বর্ধিত গোলাবারুদ ম্যাগাজিন এবং একটি রূপান্তর কিট ছিল যা একটি হ্যান্ডগানকে আধা-স্বয়ংক্রিয় রাইফেলে পরিণত করতে পারে।

এফবিআই নিম্ন অনুসারে, সবাইকে হত্যা-শাহাদাত-এর মতো বাক্যাংশসহ হাতে লেখা পরিকল্পনার একটি নোটবুকসহ তিনি তাঁর স্কুলের পুলিশ বিভাগে একটি সহিংস হামলার পরিকল্পনা করছিলেন বলে অভিযোগ রয়েছে। লোকমান খান তাঁর পরিকল্পনাগুলি হাতে লেখার জন্য একটি নোটবুক ব্যবহার করেছিলেন, যার মধ্যে সকলকে হত্যা করুন-শাহাদাত-এর মতো বাক্যাংশ রয়েছে। বন্দুক, শরীরের বর্ম এবং একটি ইশতেহার নিয়ে পূর্ণ একটি গাড়ি নিয়ে গ্রেপ্তার করা হয়েছিল যেখানে ঘোষণা করা হয়েছিল যে সে উইলমিংটন ক্যাম্পাসে 'শহীদ' হওয়ার জন্য একটি গণ-গুলিতে সকলকে হত্যা করতে চায়।

ডেলাওয়্যার বিশ্ববিদ্যালয়ের ছাত্র লোকমান খানকে বন্দুক, শরীরের বর্ম এবং উইলমিংটন ক্যাম্পাসে একটি আসন্ন গণ শ্যুটিং চালানোর ব্যাপক পরিকল্পনা পূর্ণ একটি গাড়ি নিয়ে গ্রেপ্তার করা হয়েছিল।

নিউ ক্যাসেল কাউন্টি পুলিশ লোকমান খানের কাছে একটি হ্যান্ডগান, শরীরের বর্ম, নগদ টাকা এবং একটি নিউ ক্যাসেল কাউন্টি পুলিশ বিভাগের প্যাচ সহ কন্ট্রাব্যান্ড পেয়েছে। ২৫ বছর বয়সী খানকে ২৪ নভেম্বর গ্রেপ্তার করা হয়েছিল যখন পুলিশ তার গাড়িতে উচ্চ ক্ষমতাসম্পন্ন ক্যাশেটি পেয়েছিল যেখানে তাকে ক্লাসের পরে একটি পাবলিক পার্কে পার্ক করা হয়েছিল।নিউ ক্যাসেল কাউন্টি পুলিশ খানের কাছে গোলাবারুদ, একটি পিস্তল, অসংখ্য বর্ধিত গোলাবারুদ ম্যাগাজিন এবং একটি রূপান্তর কিট ছিল যা একটি হ্যান্ডগানকে আধা-স্বয়ংক্রিয় রাইফেলে পরিণত করতে পারে।

নিউক্যাসল পুলিশ মাস্টার সি. পি. এল বলেন, তারা এলোমেলোভাবে ক্যানবি পার্ক ওয়েস্টের দিকে এগিয়ে যায় এবং যখন তারা পার্কে গাড়িটি খুঁজে পায়, তখন তারা একবার সেই ব্যক্তির সাথে যোগাযোগ করে। সে কোন দেশের নাগরিক তা উল্লেখ করা হয়নি।

## নরসিংদী জেলা সমিতির সভাপতি হারুন ও সম্পাদক কিবরিয়া

৬২ পৃষ্ঠার পর

সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি জনাব মোঃ হারুন অর রশীদ। গত ২৩শে নভেম্বর ২০২৫ইং রোজ রোববার স্থানীয় একটি রেষ্টুরেন্টে এই সভা অনুষ্ঠিত হয়েছে।

সভার শুরুতে কোরান তেলাওয়াত এবং নরসিংদী জেলাসহ সারা বাংলাদেশে ভূমিকম্পে নিহত এবং আহতদের স্মরণে বিশেষ মোনাজাত পরিচালনা করেন সংগঠনের সাবেক সভাপতি জনাব জাহিদুল হক খান অরুন, সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমানের সঞ্চালনায় উপস্থিত সবাইকে ধন্যবাদ এবং শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের বর্তমান সভাপতি। সূচনা বক্তব্যের পর সংগঠনের নেতৃবৃন্দ, সাধারণ সদস্য সহ উপস্থিত সকলেই নিজ নিজ মতামত তুলে ধরে বক্তব্য রাখেন। সাধারন সভায় উপস্থিত সকলের নিকট গত দুই বছরের সকল কার্যক্রমের উপর রিপোর্ট পেশ করেন সংগঠনের বর্তমান সাধারণ সম্পাদক সাহেব। বিগত দুই বছরের প্রতিটি অনুষ্ঠানের হিসাব স্বচ্ছতার সাথে লিপিবদ্ধ করে রিপোর্ট পেশ করেন সংগঠনের ট্রেজারার মোঃ ওবায়েদুর রহমান ভূইয়া ইমন। রিপোর্ট পেশ করার পর উপস্থিত কয়েকজনের প্রশ্নের উত্তর দেন ট্রেজারার সাহেব, এ সময় উপস্থিত সকলেই তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তার ভূয়সী প্রশংসা করেন।

এরপর উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে ২১ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদের কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের পর তা নির্বাচন কমিশনে জমা দেওয়া হয়। নির্বাচন কমিশনে একই পদে একাধিক প্রার্থী না থাকায়, নির্বাচন কমিশনে জমা দেওয়া ১টি প্যানেলের সবাইকে বিজয়ী ঘোষনা করেন। বিজয়ীরা হলেন, সভাপতি পদে মোঃ হারুন অর রশীদ, সিনিয়র সহ সভাপতি মোঃ তরিকুল ইসলাম তুহিন, সহ সভাপতি বাবু সন্তোষ সাহা, মোঃ তাজুল ইসলাম কামাল, মোঃ কামরুজ্জামান ভূইয়া, সাধারণ সম্পাদক মোঃ গোলাম কিবরিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ শুক্কুর রহমান খান, কোষাধ্যক্ষ মোঃ ওবায়েদুর রহমান ভূইয়া ইমন, সাংগঠনিক সম্পাদক মোঃ আসাদ উজ জামান বাবু, সমাজ কল্যাণ সম্পাদক মোঃ আশরাফুল আজিজ মুরাদ, দপ্তর সম্পাদক মোঃ মামুন ভূইয়া, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ কামাল হোসেন, প্রচার সম্পাদক মোঃ ফারুক মিয়া, মহিলা বিষয়ক সম্পাদিকা আয়েশা বেগম, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোঃ তোফাজ্জল হোসেন কাজি বাবুল, কার্যকরী পরিষদের সদস্যবৃন্দরা হলেন : মোঃ জাহিদুল হক খান অরুন, মোঃ দেলোয়ার হোসেন, আলহাজ্ব সরল ভূইয়া, মোঃ হাবিবুর রহমান হাবিব, মোঃ নাজমুল হোসেন ও মামুন আশরাফী।

## বাংলাদেশে দারিদ্র্য বৃদ্ধি : এক অশনিসংকেত

১২ পৃষ্ঠার পর

দারিদ্র্যের হার ছিল ১৮.৭ শতাংশ। একটি পর্যায়ে দারিদ্র্য পরিস্থিতির অগ্রগতি দেখে মনে করা হয়েছিল, বাংলাদেশে খাদ্য নিরাপত্তা চিন্তায় পরিবর্তন প্রয়োজন। এ চিন্তা থেকে মনে করা হয়েছিল, শর্করাজাতীয় খাদ্যের পাশাপাশি আমিষ ও শাকসবজিজাতীয় খাদ্য যোগ করাই খাদ্য নিরাপত্তা অর্জনের পরবর্তী ধাপ। কিন্তু দারিদ্র্য পরিস্থিতির অবনতি দেখে মনে হচ্ছে সেই আশাবাদ ধরে রাখার কোনো সুযোগ নেই। আমরা যে তিমিরে ছিলাম, সেই তিমিরেই ফিরে যাচ্ছি।

বিশ্বব্যাংকের হিসাবটি মূলত প্রাক্কলন, যা করা হয়েছে 'মাইক্রো-সিমুলেশন মডেল' নামের একটি পদ্ধতি ব্যবহার করে। শ্রমবাজারের গতিশীলতা, প্রবাসী আয় এবং সরকারের ভর্তুকি ব্যয়কে ভিত্তি করে মাইক্রো-সিমুলেশন মডেলে দারিদ্র্যের হার পর্যালোচনা করা হয়েছে বলে জানিয়েছে বিশ্বব্যাংক।

বাংলাদেশে বিগত শতাব্দীর নব্বইয়ের দশক থেকে উল্লেখযোগ্য হারে দারিদ্র্য কমতে শুরু করে। ১৯৯১-৯২ সালে দারিদ্র্যের হার ছিল ৫৬.৭ শতাংশ, অর্থাৎ জনসংখ্যার অর্ধেকেরও অনেক বেশি দারিদ্র্যে নিমজ্জিত ছিল। বাংলাদেশ রাষ্ট্রের সূচনালগ্নে ১৯৭২-এর দিকে দারিদ্র্যের হার ছিল ৮০ শতাংশ। ১৯৭৪-এ যে ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল সেটাই প্রমাণ করে সেই সময় বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতি কত ভয়াবহ ছিল। ২০০০ সালের পর থেকে দারিদ্র্য হ্রাস আরও গতি লাভ করে। দারিদ্র্য হ্রাসের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে সুনাম অর্জন করেছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে, সেক্ষেত্রে সাম্প্রতিককালে বাংলাদেশের অধোগতি ঘটেছে। বিশ্লেষকরা মনে করেন, ১৯৯১ সালের পর খালেদা জিয়ার সরকার কর্তৃক বাজার অর্থনীতি ও উদারীকরণের ফলে অর্থনীতিতে গতি সঞ্চারিত হয়। বাংলাদেশের মানুষ দেখাতে সমর্থ হয়, তারা তাদের মেধা ও বুদ্ধিবিবেচনা প্রয়োগ করে জীবনযাত্রাকে কিছুটা হলেও মসৃণ করে তুলতে সক্ষম হয়েছে। ২০০০ সালের পর থেকে দারিদ্র্য হ্রাস আরও গতি লাভ করে। ১৯৯১ সালের পর থেকে জাতীয় অর্থনীতিতে নতুন ধরনের কর্মকাণ্ডের বিস্তার ঘটে। বাণিজ্যিক উপায়ে মাছের চাষ, হাঁস-মুরগি পালন এবং গবাদি পশু মোটাতাজাকরণ নিম্নবর্গের মানুষদের আয় বৃদ্ধিতে শক্তিসঞ্চার করে। শুধু তাই নয়, এর ফলে বহু মানুষের কর্মসংস্থানও হয়। কৃষিতে উচ্চমূল্যের সবজি ও ফলের চাষ আমাদের কৃষিব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচন করেছে। অনেক বিশেষজ্ঞ দারিদ্র্য হ্রাসের এ প্রবণতার সঙ্গে নির্বাচিত গণতান্ত্রিক সরকারব্যবস্থার একটা সংযোগ রয়েছে বলে মনে করেন। বিগত শেখ হাসিনার শাসনামলে গণতান্ত্রিক ব্যবস্থা থেকে ফ্যাসিবাদে স্খলন দারিদ্র্য বৃদ্ধির প্রবণতাকে চাঙা করেছে কি না, তা বিচারবিশ্লেষণ করে দেখার প্রয়োজন আছে। খালেদা জিয়ার প্রথম সরকারের সময় ২০০৫ সালে এমএফএ (মাল্টি ফাইবার অ্যারেঞ্জমেন্ট) ফেজ আউট সফলভাবে সম্পন্ন করা সম্ভব না হলে তৈরি পোশাক খাতে বিপর্যয় নেমে আসত। কিন্তু ব্যাকওয়ার্ড ও ফরোয়ার্ড লিংকেজ ইন্ডাস্ট্রি স্থাপনের ফলে এমএফএ ফেজ আউট-পর্ব সফলভাবে সম্পন্ন করা সম্ভব হয়। এর ফলে পোশাক খাতে বিপুলসংখ্যক নারী ও পুরুষ শ্রমিকের কর্মসংস্থান নিশ্চিত করা সম্ভব হয়।

পিপিআরসিও দারিদ্র্যহার নিয়ে গত আগস্টে জরিপ প্রতিবেদন প্রকাশ করেছে। এ প্রতিবেদনে বলা হয়, দেশের সার্বিক দারিদ্র্য বেড়ে ২৭.৯৩ শতাংশ হয়েছে। পিপিআরসির হিসাব বিশ্বব্যাংকের হিসাবের তুলনায় অনেক বেশি। এর একটা কারণ হতে পারে পিপিআরসির হিসাব জরিপভিত্তিক; কিন্তু বিশ্বব্যাংকের হিসাব প্রাক্কলনভিত্তিক। বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুসারে, বর্তমানে মাসিক মাথাপিছু আয় ২০ হাজার ৭৫০ টাকা হলে নিম্ন দারিদ্র্যসীমা এবং ৩ হাজার ৮৩২ টাকা হলে মোট দারিদ্র্যসীমা ধরা হয়।

দারিদ্র্য বৃদ্ধির কারণ হিসাবে মোটা দাগে যথেষ্ট কর্মসংস্থান সৃষ্টি না হওয়া, চাকরি হারানো, উচ্চ মূল্যস্ফীতি, মজুরি যথাযথ ভাবে বৃদ্ধি না পাওয়াকে দায়ী করা হয়েছে। বিশ্বব্যাংকের হিসাবে ২০২৩ থেকে ২০২৪ সালের মধ্যে ২০ লাখ কর্মসংস্থান কম হয়েছে। ২০২৫ সালে আরও ৮ লাখ কর্মসংস্থান কম হওয়ার আশঙ্কা রয়েছে। চাকরির বাজার সংকুচিত হওয়ার ধকল পড়েছে নারী ও তরুণদের ওপর। ২০১৬ সালের পর বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ধরনের পরিবর্তন এসেছে বলে মনে করে বিশ্বব্যাংক। সংস্থাটি বলেছে, এ সময়ে সামগ্রিকভাবে বছরে প্রায় ১৫ লাখ নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। তবে এর ৬৩ শতাংশই হয়েছে কৃষি খাতে। কৃষিতে কর্মসংস্থানের আয় কম। এ সময়ে শহরে কর্মসংস্থান স্থবির হয়ে পড়ে। তবুও আজ ঢাকা শহর বিশ্বের দ্বিতীয় মেগাসিটি। এখানে ৩ কোটি ৬০ লাখ মানুষের বাস।

অর্থনীতিবিদরা বলেন, গ্রামীণ দারিদ্র্য নগর দারিদ্র্যে প্রতিফলিত হয়। মেগাসিটি ঢাকায় এত লোক কীভাবে বাস করে, কীভাবে জীবনযাত্রা নির্বাহ করে, তা একটি বড় প্রশ্ন। এর উত্তর জানতে পারলে দারিদ্র্য সমস্যার অনেকটাই আমরা বুঝতে পারব। অনেকে বলেন, দারিদ্র্য বুঝতে হলে ধন-ঐশ্বর্য কীভাবে সৃষ্টি হয় তা বুঝতে হবে। বাংলাদেশে বৈষম্য এখন বিপজ্জনক মাত্রায় রয়েছে। বৈষম্য পরিমাপকারী গিনি সহগ দশমিক পাঁচের ঘরে। এ মাত্রা যে অতি বিপজ্জনক তাতে কোনো সন্দেহ নেই। ধনবৈষম্য বেড়ে যাওয়ায় দারিদ্র্য যে প্রবল হয়েছে তা মেনে নিতে হবে। দারিদ্র্য সমস্যা মোকাবিলায় বিশ্বব্যাংকের সুপারিশগুলো হচ্ছে : ১. উৎপাদনশীল কর্মসংস্থানের ভিত্তি মজবুত করা; ২. দরিদ্রদের জন্য শোভন কর্মসংস্থানে সুযোগ বিস্তৃত করা; ৩. গ্রামের দরিদ্রদের জন্য কার্যকর বাজারব্যবস্থা গড়ে তোলা এবং ৪. সমতাভিত্তিক ও দক্ষ রাজস্বনীতির মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি করা। তবে সবচেয়ে বেশি প্রয়োজন বিনিয়োগ বৃদ্ধি করে শিল্প ও সেবা খাতকে উন্নত করে টেকসই কর্মসংস্থানের পথে এগিয়ে যাওয়া।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

**হোমিও ভিটামিন সেলিং সেন্টার**
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## জব হেল্প জব হেল্প

## Job Help Application Processing Service

### ট্রেনিং প্রোগ্রাম

১। ৬ আওয়ার্স ডিডিসি ক্লাস ট্রেনিং
২। ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট
৩। বেসিক কম্পিউটার ট্রেনিং

**টিকেট:**
ট্রাভেল: নিউ ইয়র্ক -------ঢাকা -------নিউ ইয়র্ক
ট্রেন টিকেট / বাস টিকেট / হোটেল বুকিং
ট্যুরস: নায়াগ্রাফলস, হোয়াইট হাউস (ওয়াশিংটন) এন্ড ইউরোপ

* পোস্টাল জব
* স্টেট জব
* ফেডারেল জব
* রেজুমি মেকিং
* সিটি জব
* এম টি এ জব
* বেসরকারি জব
* কভার লেটার

### এপ্লিকেশন প্রসেসিং

১। সকল সরকারি বেনিফিট (ফুড স্ট্যাম্প), সোশ্যাল সিকিউরিটি, ডিসেবিলিটি
২। ডুয়েল সিটিজেনশিপ, ৩। পাসপোর্ট নবায়ন / নিউ পাসপোর্ট
৪। পাওয়ার অব এটর্নি, ৫। স্মল কোর্ট কেস ফাইলিং
৬। স্মল বিজনেস লাইসেন্স রেজিস্ট্রেশন
৭। সরকারি এফোর্ডেবল হাউসিং এপ্লিকেশন

**CONTACT : 917-500-3937**



**Md. Ali**
(B.Sc. LLB)
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

Address: 148-45, Hillside Ave, 2nd Fl,
Suite 203 (A) Jamica, NY 11435
Phone/Fax: 917-300-6160

২০ পৃষ্ঠার পর

আমাদের হৃদরোগের ঝুঁকি অনেক পরিমাণ বাড়িয়ে দিচ্ছে।
৭) ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে না রাখা। কখনো কখনো আমরা জানিও না আমাদের ডায়াবেটিস বা উচ্চ রক্তচাপ আছে।
৮) অতিরিক্ত ওজন, যা শরীরে ক্ষতিকারক চর্বির পরিমাণ বাড়িয়ে দেয়।
৯) শারীরিক পরিশ্রম ও ব্যায়াম, খেলাধুলা একদম কমিয়ে দেয়া।
১০) অনিয়ন্ত্রিত জীবনযাপন তার মধ্যে কম ঘুমানো ও অতিরিক্ত মোবাইল, টিভি দেখা, স্ক্রিন টাইম বাড়ানো।
১১) নাক ডাকা,স্লিপ এপনিয়াসহ অন্যান্য রোগের কারণ
১২) কিডনি রোগসহ জটিল কিছু শারীরিক রোগ হৃদরোগের ঝুঁকি বাড়াচ্ছে
জেনে নিই কিভাবে হৃদরোগসহ অন্যান্য অনেক কিছিরের ঝুঁকি কমাবেন
১) স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস: ফলমূল, শাকসবজি ও গোটা শস্য বেশি খান।
অতিরিক্ত চর্বি, লবণ (দিনে ৫ গ্রামের কম) ও চিনিযুক্ত

# অল্প বয়সে হৃদরোগের ঝুঁকি এড়াতে যা করবেন



খাবার এড়িয়ে চলুন।
ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ মাছ খাদ্য তালিকায় রাখুন।
২) নিয়মিত শারীরিক কার্যকলাপ:
ছোট রাস্তা কখনোই রিকশায় বা গাড়িতে চড়বেন না, চেষ্টা করবেন হেঁটে চলতে।
প্রতিদিন অন্তত ৩০ মিনিট হালকা ব্যায়াম বা জোরে হাঁটুন।
সপ্তাহে ৫ দিন করে ব্যায়ামের অভ্যাস গড়ে তুলুন।
৩) ওজন নিয়ন্ত্রণ: ওজন কমান, সুস্থ থাকুন।
সঠিক খাদ্যাভ্যাস ও ব্যায়ামের মাধ্যমে ওজন, বডি মাস ইনডেক্স (বিএমআই) স্বাভাবিক রাখুন।
৪) ধূমপান, এলকোহল সম্পূর্ণরূপে ত্যাগ:
ধূমপান এবং তামাকজাত দ্রব্য ,এলকোহল সেবন চিরতরে বন্ধ করা সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।
৫) মানসিক চাপ নিয়ন্ত্রণ: পর্যাপ্ত ঘুম, মেডিটেশন বা নামাজ বা পছন্দের কাজ করে মানসিক চাপ কমান
আয়ের সঙ্গে ব্যয়ের সামঞ্জস্য বিধান করতে হবে
৬) যদি উচ্চ রক্তচাপ বা ডায়াবেটিস থাকে, তবে অবশ্যই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন ও জীবনযাত্রার পরিবর্তন করে তা নিয়ন্ত্রণে রাখুন।
৭) নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা: উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস এবং কোলেস্টেরলের মাত্রা (লিপিড প্রোফাইল) নিয়মিত পরীক্ষা করুন।
৮) ওষুধ সেবন: হৃদরোগের ঝুঁকি কমাতে বা আক্রান্ত হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নিয়মিত ওষুধ (যেমন: অ্যাসপিরিন, স্ট্যাটিনস, রক্তচাপ নিয়ন্ত্রণের ওষুধ ইত্যাদি) সেবন করতে ভুলবেন না
৯) চিকিৎসকের পরামর্শ নিন।
খুব অল্প টাকায় সরকারি ও আধা সরকারি হাসপাতাল ও স্বায়ত্তশাসিত হাসপাতালে হৃদরোগের চিকিৎসা হয়। বাংলাদেশে এখন উন্নত মানের সকল হৃদরোগের চিকিৎসা হচ্ছে। হার্টের রিং পরানো থেকে শুরু করে সকল চিকিৎসা বাংলাদেশে হয়। আপনার তীব্র বুকে ব্যথা উঠলে অবশ্যই নিকটস্থ হাসপাতালে যোগাযোগ করবেন, অন্যথায় মৃত্যু কখনো কখনো অনিবার্য বিষয় হয়ে দাঁড়ায়।

লেখক: হৃদরোগ বিশেষজ্ঞ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA-ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services
Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# নিউ ফাইভ স্টার

## কাচ্চি বিরিয়ানি হাউস




নতুন স্বাদের, নতুন মানের দক্ষতার সাথে তৈরি হালাল ও প্রতিদিনের টাটকা খাবার

**পরিবার-পরিজন নিয়ে আপনাদের সবাইকে স্বাগত**

১৪৫৫-১৪৫৭ ইউনিয়নপোর্ট রোড

ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২

newfivestarkbh@gmail.com

**Phone: 718-409-6840**

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IN ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
## Bangladeshi Foot Specialist
## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations
- 01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
- 02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
- 03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
- 04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
- 05 7721 101th Ave, Ozone Park, NY 11416
- 06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
**Call for Appointment**



ESTD 2017
## Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent
# ARA REALTY SERVICES INC
*A full Service Real Estate Brokerage of Professional Company*
158-10 84th Drive Jamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

Authorized IRS e-file Provider
Individual and Business Tax Audit, Financial Statement Bookkeeping, Non-Profit Business Setup, Licensing & Payroll Specialized in IRS & NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting (Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# ইফতিখার ও ওমরজাইকে দলে ভেড়ালো বিপিএলের দুদল

৫২ পৃষ্ঠার পর

টাইটান্স। এর আগে রংপুর এবং ঢাকার হয়ে বিপিএল খেলেছিলেন ওমরজাই। তাকে নিয়ে মোটে ৬ বিদেশি যুক্ত করলো সিলেট। নিলামের আগে দুই পাকিস্তানি মোহাম্মদ আমির ও নাইম আইয়ুবের সঙ্গে সরাসরি চুক্তি করেছিল ফ্র্যাঞ্চাইজিটি। আর নিলাম থেকে তারা দলে টেনেছিল লঙ্কান অলরাউন্ডার অ্যাঞ্জেলো ম্যাথিউস এবং যুক্তরাষ্ট্রের ব্যাটার অ্যারন জোনসকে।

নিলামের বাইরে চমক দেখিয়েছে নবাগত ফ্র্যাঞ্চাইজি নোয়াখালী এক্সপ্রেসও। গতকাল তারা আফগান তারকা অলরাউন্ডার মোহাম্মদ নবিকে দলে টানার খবর জানিয়েছে।

# প্রবাসী সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটির থ্যাংক্স গিভিং উদযাপন

৬৪ পৃষ্ঠার পর

সভাপতিত্ব করেন এ্যাডভোকেট মাহফুজার রহমান বকুল এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মোঃ রাকিবুজ্জামান খান তন্নু। অনুষ্ঠানের আহবায়ক ছিলেন কমিউনিটি এক্টিভিস্ট মোঃ আব্দুস সালাম এবং সদস্য সচিব মোঃ শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসাবে ছিলেন, ডেমোক্রেটিক পার্টি কুইন্স কাউন্টি ডিস্ট্রিক্ট লিডার, এ্যাটোর্নী মঈন চৌধুরী।

# ব্রংকস ও কুইন্সে ৩টি ক্যাসিনো হচ্ছে

৬৪ পৃষ্ঠার পর

হলো। গেমিং, আতিথেয়তা এবং রিয়েল এস্টেটের শীর্ষস্থানীয় ব্যবসায়ীরা সীমিত তিনটি লাইসেন্স পেতে প্রতিযোগিতা করছিলেন। এই প্রকল্পগুলোতে বিনিয়োগকারী শক্তিশালী ডেভেলপাররা বার্ষিক কোটি কোটি ডলার আয় করতে পারবেন। পাশাপাশি রাজ্যও এর কর থেকে রাজস্ব পাবে, বিশেষত এমটিএর জন্য। তবে স্থানীয় বাসিন্দাদের মধ্যে বিভিন্ন ক্যাসিনো প্রস্তাবের বিরুদ্ধে কঠোর প্রতিক্রিয়া দেখা গেছে। পরিবেশ, অবকাঠামো, স্বাস্থ্য ও জননিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন তারা। বোর্ডের চেয়ারওম্যান ভিকি বিন বলেছেন, এই তিনটি প্রকল্প নির্বাচন রাজ্যের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক, আর্থিক এবং কমিউনিটি লক্ষ্যগুলোকে সর্বোত্তমভাবে এগিয়ে নিয়ে যাবে।

রিসর্টস ওয়ার্ল্ড ক্যাসিনোকে শুরু থেকেই সম্ভাবনাময় মনে করা হয়েছিল। মালয়েশিয়ার জেন্টিং গ্রুপ মালিকানাধীন বিদ্যমান রেসিনোটি ৫ বিলিয়ন ডলারের উন্নয়ন প্রকল্পের আওতায় থাকবে, যেখানে নতুন কর্মী আবাসন, ১ হাজার হোটেল রুম, পার্ক স্পেস এবং পারফরম্যান্স ভেন্যু থাকবে। লাইসেন্স পাওয়ার ফলে তারা ব্ল্যাকজ্যাক ও রুলেটের মতো বড় টাকা টেবিল গেম চালু করতে পারবে।

মেট্রোপলিটান পার্ক প্রকল্পটিও প্রিয় মনে করা হয়েছিল। এটি সিটি ফিল্ডের নিকটে ৮ বিলিয়ন ডলারের একটি বিশাল গেমিং, বিনোদন এবং পার্কল্যান্ড কমপ্লেক্স নির্মাণ করবে। প্রায় ২৩ হাজার ইউনিয়ন কর্মী এবং ১ বিলিয়ন ডলারের কমিউনিটি সুবিধা প্রদান করবে। ব্যালি'স ব্রঙ্কস প্রকল্পে চার বিলিয়ন ডলারের বিনিয়োগে ফেরি পয়েন্ট পার্কের শহর মালিকানাধীন গলফ কোর্সে ৫ লাখ বর্গফুট গেমিং ও হোটেল নির্মাণ করা হবে।

এই তিনটি প্রকল্প শহরের আটটি সরকারি আবেদন থেকে বাছাই করা হয়েছে, যার মধ্যে কিছু আবেদন স্থানীয় কমিটির ভোটে বাতিল হয়েছিল। এমজিএমের এম্পায়ার সিটি রেসিনো অক্টোবর মাসে হঠাৎ আবেদন প্রত্যাহার করলে সেটি মূল্যায়নার থেকে বাদ পড়ে। গভর্নর ক্যাথি হোচুল সংবাদে আশাবাদী মন্তব্য করেছেন, এই তিনটি প্রকল্প এমটিএর জন্য কোটি কোটি ডলার রাজস্ব উন্মোচন করবে এবং লাখ লাখ মানুষের জন্য চাকরির সুযোগ তৈরি করবে। তাদের প্রতিশ্রুতি পূরণ করা গুরুত্বপূর্ণ। এই প্রকল্পগুলো কুইন্স ও ব্রঙ্কসের অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান এবং সম্প্রদায়ের সুবিধার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

# আমেরিকান দ্বৈত-নাগরিকদের জন্য দুঃসংবাদ

৬৪ পৃষ্ঠার পর

না। তবে বিল পাশ হলে, দ্বৈত নাগরিকদের এক বছরের মধ্যে মার্কিন পররাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন করে অন্য দেশের নাগরিকত্ব পরিত্যাগ করার তথ্য জানাতে হবে। না হলে তাদের নাগরিকত্ব বাতিল ঘোষণা করা হবে।

# যুক্তরাজ্যে বাংলাদেশ ও পাকিস্তানি শিক্ষার্থীদের ভর্তি বন্ধ

৬৪ পৃষ্ঠার পর

বিধিনিষেধ আরোপ করেছে। বিশ্ববিদ্যালয়গুলো যেন প্রকৃত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করে, সে জন্য তাদের ওপর চাপ বাড়ছে। যুক্তরাজ্যে আন্তর্জাতিক শিক্ষার্থীদের কাছ থেকে আশ্রয় প্রার্থনার আবেদন ব্যাপকভাবে বাড়ার পরিপ্রেক্ষিতে সম্প্রতি দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী শাবানা মাহমুদ ... ভিসাব্যবস্থাকে ব্রিটেনে 'স্থায়ী হওয়ার পেছন দরজা' হিসেবে ব্যবহার করা যাবে না।

যেসব উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ভর্তিতে এই পরিবর্তন এনেছে, সেগুলোর মধ্যে ইউনিভার্সিটি অব চেস্টার আগামী বছরের শরৎকাল (অটাম) পর্যন্ত পাকিস্তান থেকে সব ধরনের শিক্ষার্থী ভর্তি স্থগিত করেছে। কারণ হিসেবে সম্প্রতি অপ্রত্যাশিতভাবে ভিসা আবেদন নাকচের সংখ্যা বৃদ্ধির কথা উল্লেখ করেছে তারা। ইউনিভার্সিটি অব উলভারহ্যাম্পটন পাকিস্তান ও বাংলাদেশ থেকে স্নাতকের শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করছে না। ইউনিভার্সিটি অব ইস্ট লন্ডন পাকিস্তান থেকে শিক্ষার্থী ভর্তি স্থগিত করছে। এ ছাড়া লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি, সান্ডারল্যান্ড ইউনিভার্সিটি, অক্সফোর্ড ব্রুকস, বিপিপিসহ বেশ কয়েকটি প্রতিষ্ঠান বাংলাদেশ ও পাকিস্তানি শিক্ষার্থীদের ক্ষেত্রে এমন পদক্ষেপ নিচ্ছে। কোথাও সরাসরি নিষেধাজ্ঞার ভাষা ব্যবহার না করলেও বাস্তবে শিক্ষার্থীরা ভর্তি নিশ্চয়তাপত্র (সিএএস লেটার) পাচ্ছেন না বা আবেদন প্রক্রিয়া বন্ধ রাখা হয়েছে।

সান্ডারল্যান্ড ও কভেন্ট্রি বিশ্ববিদ্যালয় বাংলাদেশ ও পাকিস্তান থেকে ভর্তির আবেদন গ্রহণ স্থগিত করেছে। হার্টফোর্ডশায়ার বিশ্ববিদ্যালয় আগামী বছরের সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশ ও পাকিস্তান থেকে শিক্ষার্থী ভর্তি স্থগিত করেছে। লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি বাংলাদেশ থেকে শিক্ষার্থী ভর্তি বন্ধের বিষয়টি নিশ্চিত করে বলেছে, তাদের যেসব শিক্ষার্থীর ভিসা আবেদন নাকচ হয়েছে, তার ৬০ শতাংশ এ দেশের।

বিশ্ববিদ্যালয়গুলোর এই পরিবর্তনের কেন্দ্রে রয়েছে গত সেপ্টেম্বরে কার্যকর হওয়া যুক্তরাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নতুন ভিসা কমপ্লায়েন্স নীতি। আন্তর্জাতিক শিক্ষার্থী ভিসা স্পনসর করতে হলে প্রতিটি বিশ্ববিদ্যালয়কে প্রতিবছর 'বেসিক কমপ্লায়েন্স অ্যাসেসমেন্ট' (বিসিএ) নামের একটি মূল্যায়নে উত্তীর্ণ হতে হয়। এই মূল্যায়নে তিনটি সূচক দেখা হয়। আবেদনকারী শিক্ষার্থীদের ভিসা প্রত্যাখ্যানের হার, যুক্তরাজ্যে এসে কোর্সে উপস্থিত না হওয়া এবং মাঝপথে কোর্স ত্যাগের হার। হোম অফিসের নতুন নীতিতে বলা হয়েছে, কোনো প্রতিষ্ঠানের ছাত্র ভিসা আবেদনের ৫ শতাংশের বেশি বাতিল হলে তাদের স্পনসর লাইসেন্সের মান অবনমন, ভর্তি স্থগিত কিংবা লাইসেন্স বাতিল পর্যন্ত হতে পারে। আগে এসব ব্যবস্থার জন্য ভিসা আবেদন নাকচের হার ছিল ১০ শতাংশ। ফলে বিশ্ববিদ্যালয়গুলো এখন ছাত্র বাছাইয়ে আগের যেকোনো সময়ের চেয়ে বেশি সতর্ক। 'ফাইন্যান্সিয়াল টাইমস'এর প্রতিবেদনে বলা হয়, এ বছর গত সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশ ও পাকিস্তান থেকে শিক্ষার্থী ভিসা আবেদন বাতিলের হার যথাক্রমে ২২ ও ১৮ শতাংশ, যা নতুন সীমার চেয়ে অনেক বেশি। এ সময় হোম অফিস যে ২৩ হাজার ৩৬টি আবেদন নাকচ করেছে, তার অর্ধেকই বাংলাদেশ ও পাকিস্তানের শিক্ষার্থীদের। এ ছাড়া বাংলাদেশ ও পাকিস্তানের নাগরিকদের আশ্রয় প্রার্থনার আবেদনও বেড়েছে। এই আবেদনকারীদের অধিকাংশই কোনো একটি কাজ বা শিক্ষার্থী ভিসায় ব্রিটেনে এসেছিলেন।

পাকিস্তানি শিক্ষার্থীদের বিদেশে পড়াশোনায় সহায়তা দেওয়া লাহোরভিত্তিক প্রতিষ্ঠান অ্যাডভান্স অ্যাডভাইজর্সের প্রতিষ্ঠাতা মরিয়ম আব্বাস বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোর এই সিদ্ধান্ত চূড়ান্ত ধাপে গিয়ে আটকে যাওয়া প্রকৃত শিক্ষার্থীদের জন্য হৃদয়বিদারক। আর যুক্তরাজ্যে আন্তর্জাতিক শিক্ষার্থীদের সেবাদাতা প্রতিষ্ঠান গ্লোবাল অ্যাডমিশনের জ্যেষ্ঠ কনসালট্যান্ট মো. মুস্তাফিজুর রহমান প্রথম আলোকে বলেন, যুক্তরাজ্যের শতাধিক বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক শিক্ষার্থীদের আবেদনের সুযোগ থাকলেও সম্প্রতি ৫-৭টি বিশ্ববিদ্যালয় বাংলাদেশি শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করছে না। এর অন্যতম কারণ বাংলাদেশি শিক্ষার্থীরা ছাত্র ভিসায় এসে তাদের নির্দিষ্ট কোর্স শেষ না করে আশ্রয় প্রার্থনা করে আবেদন করা এবং ভিন্ন ক্যাটাগরিতে ভিসা পরিবর্তন করা অথবা ইউরোপে চলে যাওয়া। বাংলাদেশের শিক্ষার্থীদের উচিত যুক্তরাজ্যকে ছাত্র ভিসার ট্রানজিট রুট না বানিয়ে সঠিক ব্যবহার করা।

# তারেকের দেশপ্রেম, মাতৃভক্তি ও বিদেশি নাগরিকত্ব!

১ পৃষ্ঠার পর

হচ্ছে। এ অবস্থায় তাঁর একমাত্র জীবিত সন্তান তাঁর শয্যাপাশে থাকবেন এটাই বাঞ্ছনীয় এবং সন্তানেরও তা কাম্য হওয়া উচিত। তিনি দেশে আসছেন কিনা জানতে চাইলে বিএনপি স্থায়ী কমিটির এক সদস্য বলেছেন, ' তিনি যুক্তরাজ্যে রাজনৈতিক আশ্রয় বা যে স্ট্যাটাসে রয়েছেন, ওই দেশের আইনি প্রক্রিয়া সম্পন্ন করে দেশে ফিরতে চান।'

বিএনপি এবং অঙ্গ সংগঠনগুলোর নেতাকর্মীরা তারেক রহমানকে বাংলাদেশের 'ভবিষ্যৎ প্রধানমন্ত্রী'র তকমা দিয়ে আসছেন বহুবছর ধরে। প্রধানমন্ত্রী হওয়ার জন্য তাকে নির্বাচনে অংশ নিয়ে জাতীয় সংসদের সদস্যপদে বিজয়ী হতে হবে এবং তার দলকে সরকার গঠনের মতো সংখ্যাগরিষ্ঠ আসন পেতে হবে। বিএনপির প্রধান নির্বাচনী প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামী বিজয়ী হয়ে গেলে আর তারেক রহমানকে প্রধানমন্ত্রীর পদে আসীন হবার না। কোনো দেশপ্রেমিক রাজনৈতিক নেতার জীবনে দেশপ্রেম এবং মাতৃভক্তির চেয়ে যদি যুক্তরাজ্যের অভিবাসন আইনের প্রক্রিয়া সম্পন্ন করা বড় হয়ে উঠে, তাহলে যে দেশের জন্য তিনি রাজনীতি করেন, যে দেশের তিনি প্রধানমন্ত্রী হতে চান, সেই জন্মভূমির প্রতি তার কমিটমেন্ট প্রশ্নবিদ্ধ হবে। সামনের নির্বাচনে এর নেতিবাচক প্রভাব পড়বে। দুঃসময় পরিবার পরিত্যক্ত হতে পারে বিএনপির নেতাকর্মীরা সরকার গঠনের আশা।

তারেক রহমান যদি সত্যিই যুক্তরাজ্যের নাগরিকত্ব গ্রহণ করে থাকেন, তাহলে বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে হলে তাকে বিদেশি নাগরিকত্ব ত্যাগ করতে হবে। এ সম্পর্কে বাংলাদেশের সংবিধান কী বলে?

সংবিধানের পঞ্চম ভাগের 'আইনসভা' শিরোনামের প্রথম পরিচ্ছেদের 'সংসদ' উপ-শিরোনামে ৬৬ অনুচ্ছেদের দফা (২) এর (গ) উপ-দফায় 'সংসদে নির্বাচিত হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা' সম্পর্কে বলা হয়েছে:

(গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;

একই অনুচ্ছেদের দফা (৩ ক) এ বলা হয়েছে:

"এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি-

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে-

এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।"

আমার যৎকিঞ্চিত বুদ্ধি-বিবেচনায় যা ছিল তা উপস্থাপন করার চেষ্টা করলাম। রাজনৈতিক পন্ডিতরা যা বোঝার বুঝে নিতে পারেন।

আপডেট: বেগম খালেদা জিয়াকে আজ শুক্রবার (১২/৫/২০২৫) উন্নত চিকিৎসার লন্ডনে নেয়া হচ্ছে। তারেক রহমান লন্ডনেই বসবাস করেন। এমতাবস্থায় মাকে দেখার জন্য হয়তো আর আসতে হচ্ছে না। দেশে জাতীয় সংসদ নির্বাচনের তফশীল ঘোষণা হলে তিনি দেশে আসছেন কিনা তা দেখার অপেক্ষায় জাতি।

# নিউইয়র্কে ইনহেলার হবে বিনামূল্যে



আজকাল রিপোর্ট

নিউইয়র্কের অ্যাজমা রোগীরা শিগগিরই স্বস্তির নিঃশ্বাস নিতে পারবেন। গভর্নর ক্যাথি হোচুল গত ২৪ নভেম্বর সোমবার যে নতুন আইনে স্বাক্ষর করেছেন। তার ফলে ২০২৭ সাল থেকে ইনহেলারের জন্য কোনো অর্থ দিতে হবে না, তারা ফ্রি ইনহেলার পাবেন। নতুন আইন অনুযায়ী, স্টেট নিয়ন্ত্রিত স্বাস্থ্যবিমা পরিকল্পনাগুলো, যার মধ্যে নিউইয়র্কের অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট মার্কেটপ্লেসের প্ল্যানগুলোও রয়েছে তারা অ্যাজমা ইনহেলারের সম্পূর্ণ খরচ কভার করবে।

অ্যাসেম্বলিমেম্বার জেসিকা গঞ্জালেজ-রোহাস, যিনি অ্যাসেম্বলিতে বিলটি উত্থাপন করেন। তিনি এক বিবৃতিতে বলেন, অ্যাজমা ইনহেলারের মতো জীবনরক্ষাকারী যন্ত্র কোনোভাবেই নাগালের বাইরে থাকা উচিত নয়। নিউইয়র্কে শত শত হাজার মানুষ এই ওষুধের ওপর নির্ভরশীল। এটি তাদের জন্য অপরিহার্য চিকিৎসা। স্টেট সিনেটর গুস্তাভো রিভেরা, যিনি ব্রঙ্কসকে প্রতিনিধিত্ব করেন, সিনেটে বিলটির পৃষ্ঠপোষক ছিলেন। ব্রঙ্কসে নিউইয়র্ক সিটির মধ্যে অ্যাজমার হার সবচেয়ে বেশি এবং জরুরি বিভাগে অ্যাজমা-সম্পর্কিত ভর্তির হারও সর্বোচ্চ, যা দীর্ঘদিন ধরে জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের উদ্বিগ্ন করে আসছে। স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের তথ্য অনুযায়ী, ২০২১ সাল নাগাদ নিউইয়র্কে আনুমানিক ১৪ লাখ প্রাপ্তবয়স্ক এবং ৩ লাখ ১৫ হাজার শিশু অ্যাজমায় আক্রান্ত ছিল। এই বিশাল জনগোষ্ঠীর জন্য ইনহেলারের উচ্চমূল্য দীর্ঘদিনের সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে কিছু ইনহেলার নির্মাতা মাসিক মূল্য ৩৫ ডলারে সীমিত করলেও রোগীদের প্রকৃত খরচ ভিন্ন হতে পারে, কারণ ইনহেলারের ওষুধের ধরন ও ব্যক্তিগত স্বাস্থ্যবিমার কভারেজ অনুযায়ী পেমেন্ট পরিবর্তিত হয়। নতুন আইনটি এমন সময়ে কার্যকর হচ্ছে, যখন আগামী বছর স্বাস্থ্যবিমার প্রিমিয়াম বাড়ার সম্ভাবনা রয়েছে-কারণ ফেডারেল সরকারের অতিরিক্ত ভর্তুকি মেয়াদোত্তীর্ণ হতে চলেছে। এর আগে নিউইয়র্কে ডায়াবেটিস রোগীদের জন্য ইনসুলিন কোপে সম্পূর্ণ বাতিল করার আইন কার্যকর হয়েছে, যা বড় ধরনের আর্থিক স্বস্তি দিয়েছে।

# ডা. জুবাইদা রহমান আজ ঢাকায় আসছেন



আজকাল রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জুবাইদা রহমান লন্ডন থেকে বাংলাদেশের উদ্দেশ্যে রওনা হয়েছেন। আজ শুক্রবার তিনি ঢাকায় পৌঁছবেন।

তিনি লন্ডনে বিমানবন্দরে চেক ইন করে লন্ডনের স্থানীয় সময় সন্ধ্যা ৬ টার পরে তার ফ্লাইট ছেড়েছে। বৃহস্পতিবার রাতে বিএনপির মিডিয়া সেলের সদস্য আতিকুর রহমান রুমন এসব তথ্য নিশ্চিত করেছেন।

ডা. জুবাইদা রহমান বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সরাসরি লন্ডন-ঢাকা ফ্লাইটে দেশে ফিরছেন। ৫ ডিসেম্বর শুক্রবার সকাল ৯টা ৪৫ মিনিটে তার ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে।

# খালেদা জিয়ার গন্তব্য লন্ডনে

১ পৃষ্ঠার পর

কর্মময় রাজনৈতিক ক্যারিয়ারে কোনও অশালীনতা, অসৌজন্যতাকে ঠাঁই দেননি। ৮০ বছর বয়েসী এই নেত্রী বর্তমানে দেশে অভিভাবকের ভূমিকায় অবতীর্ণ হন। তবে তার জীবনে অনেক প্রাপ্তি ও ত্যাগ রয়েছে। তিনি তিনবার বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদ অলংকিত করেন। আবার জীবনে অনেক বছর কারাগারে কেটেছে। এসবের পরও তিনি ধৈর্য ধারণ করেছেন। বাংলাদেশে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের আগে খালেদা জিয়ার অসুস্থতা দারুনভাবে প্রভাব বিস্তার করতে পারে। তিনি নানাবিধ রোগে আক্রান্ত। আর্থ্রাইটিস, লিভার সিরোসিস, কিডনি জটিলতা, হার্টে সমস্যাসহ নানা সমস্যায় ভুগছেন। তবে তিনি ফুসফুসে আক্রান্তের কারণে হাসপাতালে ভর্তি হয়েছেন। মেডিকেল টিম খালেদা জিয়াকে বিদেশে পাঠানোর অনুমতি দিলে কিছুটা স্বস্তি ফিরে আসে। তারেক রহমান কেন বাংলাদেশে আসছেন না এই নিয়ে আলোচনা যখন তুঙ্গে তখন একটি ফেসবুক পোষ্ট দেখে সবাই চমকে উঠেন। ফেসবুকে তারেক রহমান অসহায়ত্ব প্রকাশ করেন। তিনি লেখেন, তার দেশে ফেরাটা তার একক ইচ্ছার ওপর নির্ভর করে না। তারেক রহমান না এলেও তার স্ত্রী জোবায়দা রহমান লন্ডন থেকে গতকাল বৃহস্পতিবার রাতে ঢাকার উদ্দেশ্যে বিমানে ওঠেন। খালেদা জিয়াকে নিয়ে তবে ফিরবেন।

তারেক রহমানের দেশে আসতে না পারায় রহস্যের জন্ম দিয়েছে। সংকটাপন্ন মায়ের সঙ্গে প্রায় ৭ মাস পর ছেলের দেখা হচ্ছে। এদিকে খালেদা জিয়ার আশু রোগমুক্তি কামনা করে আজ শুক্রবার দেশের সব মসজিদে বাদ জুমা বিশেষ দোয়া এবং সব মন্দির, প্যাগোডা ও গির্জায় প্রার্থনার আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে অন্তর্বর্তী সরকার।

এদিকে বৃহস্পতিবার দুপুরে এভারকেয়ার হাসপাতালের বাইরে এক সংবাদ ব্রিফিংয়ে মেডিকেল বোর্ডের সদস্য এবং খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক এজেডএম জাহিদ হোসেন বলেছেন, দেশি-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে মেডিকেল বোর্ড খালেদা জিয়ার শারীরিক অবস্থার আলোকে লন্ডন নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। যদি সবকিছু ঠিক থাকে কাতার রয়্যাল এয়ার অ্যাম্বুলেন্সের মাধ্যমে তাকে বৃহস্পতিবার মধ্যরাতের পরে অথবা আজ শুক্রবার সকালের ভেতরে লন্ডনে একটি নির্ধারিত হাসপিটালে নিয়ে যাবার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে জানা যায়।

তিনি বলেন, যাওয়ার সময় বিশেষজ্ঞ চিকিৎসক হিসাবে বেশ কয়েকজন চিকিৎসক এবং বাইরের দুজন চিকিৎসক খালেদা জিয়ার সঙ্গে থাকবেন। যাতে যাত্রাপথে কোনো ধরনের প্রতিকূলতার মধ্যে সুষ্ঠুভাবে বিমানে চিকিৎসা দেওয়া যায়। সেই লক্ষ্যে সব প্রস্তুতি সম্পন্ন করে মেডিকেল বোর্ডের পরামর্শে দেশের বাইরে নিয়ে যাব। এদিন বেলা তিনটার পরে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানান, বৃহস্পতিবার রাতের মধ্যেই কাতারের আমিরের পাঠানো এয়ার অ্যাম্বুলেন্স ঢাকায় পৌঁছানোর কথা। শুক্রবার ভোরের মধ্যে খালেদা জিয়াকে নিয়ে এয়ার অ্যাম্বুলেন্স লন্ডন যাত্রা করবে বলে জানানো হয়। ১৩ দিন ধরে খালেদা জিয়া এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। সর্বশেষ তাঁর শারীরিক অবস্থা অপরিবর্তিত রয়েছে। নানা উদ্বেগ উৎকণ্ঠার মধ্যে দেশের সর্বস্তরের মানুষ দিন কাটাচ্ছেন।

এভারকেয়ার হাসপাতালে অধ্যাপক শাহাবুদ্দিন তালুকদারের নেতৃত্বে দেশি-বিদেশি বিশেষজ্ঞদের সমন্বয়ে মেডিকেল বোর্ডের অধীন খালেদা জিয়ার চিকিৎসা চলছে। সূত্র জানায়, খালেদা জিয়ার ফুসফুসে সংক্রমণের কারণে যে জটিলতা তৈরি হয়েছিল, সেটা কিছুটা উন্নতির দিকে। তবে হৃদযন্ত্রে জটিলতা রয়েছে। বাকি সমস্যাগুলো অনেকটাই অপরিবর্তিত। বুধবার রাতে চারজন চীনা বিশেষজ্ঞ চিকিৎসক ঢাকায় আসেন। রাতেই তারা খালেদা জিয়ার মেডিকেল বোর্ডে যোগ দেন। এর আগে দুপুরে যুক্তরাজ্য থেকে ঢাকায় আসেন বিশেষজ্ঞ চিকিৎসক রিচার্ড বেলে। তিনি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নেমে সরাসরি এভারকেয়ার হাসপাতালে যান। চিকিৎসকরা বুধবারই খালেদা জিয়ার সর্বশেষ পরীক্ষা-নিরীক্ষার প্রতিবেদনগুলো দেখেন।

এর আগে উন্নত চিকিৎসার জন্য গত জানুয়ারি মাসে লন্ডনে গিয়েছিলেন খালেদা জিয়া। সেখানে প্রথমে লন্ডন ক্লিনিকে, পরে ছেলে তারেক রহমানের বাসায় থেকে তিনি চিকিৎসা নেন। প্রায় চার মাস পর গত ৬ মে তিনি দেশে ফেরেন।

গত ২৩ নভেম্বর রাতে শ্বাসকষ্ট দেখা দিলে খালেদা জিয়াকে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়। পরীক্ষায় ফুসফুসে সংক্রমণ ধরা পড়ায় তাকে ভর্তি করা হয়। গত রোববার ভোরের দিকে তার শারীরিক অবস্থার অবনতি হলে তাকে এসডিইউ থেকে সিসিইউতে নেওয়া হয়।

এদিকে বিএনপির দায়িত্বশীল একটি সূত্র জানিয়েছে, খালেদা জিয়ার সঙ্গে যাবেন ১৫ জন। তারা হলেন-খালেদা জিয়ার দুই পুত্রবধূ ডা. জোবাইদা রহমান ও সৈয়দা শর্মিলা রহমান, চিকিৎসক এজেডএম জাহিদ হোসেন, বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোহাম্মদ এনামুল হক চৌধুরী, ডা. ফখরুদ্দিন মোহাম্মদ সিদ্দিকি, ডা. মো. শাহাবুদ্দিন তালুকদার, ডা. নুরউদ্দিন আহমেদ, ডা. মো. জাফর ইকবাল, চিকিৎসক মোহাম্মদ আল মামুন, স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) হাসান শাহরিয়ার ইকবাল, স্পেশাল সিকিউরিটি ফোর্সের সৈয়দ সামিন মাহফুজ, ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সহকারী মো. আবদুল হাই মলিক, সহকারী ব্যক্তিগত সচিব মো. মাসুদুর রহমান, গৃহকর্মী ফাতেমা বেগম ও গৃহকর্মী রূপা শিকদার।

এদিকে চিকিৎসা শেষে খালেদা জিয়া কবে দেশে ফিরতে পারবেন-এ বিষয়ে চিকিৎসকরা কোনো তথ্য জানাতে পারেননি। এ কারণে দলীয় নেতাকর্মীদের মাঝে এক ধরনের দুশ্চিন্তা ভর করছে। দলীয়ভাবে তার রোগমুক্তি কামনায় সারা দেশে দোয়া করছেন নেতাকর্মী ও সমর্থকরা। ৮০ বছর বয়সি খালেদা জিয়া লিভার সিরোসিস, হৃদরোগ, কিডনি সমস্যাসহ নানা স্বাস্থ্য জটিলতায় ভুগছেন।

বিএনপির চেয়ারপারসন ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি কারাবন্দি হন। দুই বছরের বেশি সময় কারাবন্দি ছিলেন তিনি। সাবেক এই প্রধানমন্ত্রীর সাজা ২০২০ সালের ২৫ মার্চ সরকারের নির্বাহী আদেশে স্থগিত করে শর্তসাপেক্ষে মুক্তি দেওয়া হয়। তখন থেকে ছয় মাস পরপর তার সাজা স্থগিত করে মুক্তির মেয়াদ বাড়াচ্ছিল তৎকালীন আওয়ামী লীগ (কার্যক্রম স্থগিত) সরকার। গুলশানে বাসায় থাকলেও বেশির ভাগ সময়ই তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে কাটাতে হয়েছে। উন্নত চিকিৎসায় তাকে বিদেশে নেওয়ার জন্য অন্তত সাতবার পরিবারের পক্ষ থেকে আবেদন করা হলেও তাতে সাড়া দেয়নি আওয়ামী লীগ সরকার। এর মধ্যে এভারকেয়ার হাসপাতালে তার হৃদযন্ত্রে পেসমেকার বসানো হয়।

এছাড়া সাবেক এই প্রধানমন্ত্রীর হার্টে তিনটি ব্লক ছিল। একটিতে রিং পরানো হয়। যুক্তরাষ্ট্র থেকে তিনজন বিশেষজ্ঞ চিকিৎসক এনে খালেদা জিয়ার রক্তনালিতে অস্ত্রোপচার করা হয়েছিল। খালেদা জিয়ার শারীরিক অবস্থার উন্নতি হয়েছে কিনা জানতে চাইলে খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ডা. জাহিদ হোসেন বলেন, আমরা মেডিকেল বোর্ডের পরামর্শের বাইরে কোনো কিছু চিন্তা করছি না। মেডিকেল বোর্ড বুধবার তিনবার ভার্চুয়ালি বৈঠক করেছে। ফিজিক্যালি দেখেছেন যুক্তরাজ্য ও চীনের চিকিৎসকরা। দেশনেত্রী খালেদা জিয়া আল্লাহর অশেষ রহমতে ঘুরে দাঁড়িয়েছেন। এবারও ইনশাআল্লাহ তিনি আবারও আমাদের মাঝে ফেরত আসবেন।

রোগমুক্তি কামনায় আজ সারা দেশে দোয়া ও প্রার্থনা : সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আজ শুক্রবার সারা দেশে দোয়া ও প্রার্থনা আয়োজনের অনুরোধ জানিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। বৃহস্পতিবার এ বিষয়ে মন্ত্রণালয়ের সংস্থা-১ শাখা থেকে পত্র জারি করা হয়। মন্ত্রণালয় থেকে জারিকৃত পত্রে বলা হয়, খালেদা জিয়া গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। সরকার তার আশু রোগমুক্তি কামনা করে শুক্রবার দেশের সব মসজিদে বাদ জুমা বিশেষ দোয়া এবং সব মন্দির, প্যাগোডা ও গির্জায় প্রার্থনা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

# আগুনে আহত আরিফিন শুভ

আজকাল বিনোদন



শুটিং সেটে এভাবেই আগুন লাগে শুভর পায়ে (ডানে)

ঢাকার বাইরে অনেকটা সবার আড়ালে 'মালিক' সিনেমার শুটিং চলছে। পুরো ইউনিটই বিষয়টি গোপন রেখে কাজ করতে চাইলেও তা আর পুরোপুরি সম্ভব হয়নি। ইতোমধ্যে অন্তর্জালে ফাঁস হয়েছে সিনেমাটির কয়েকটি শুটিং দৃশ্য।

এর মধ্যেই এলো খারাপ খবর, শুটিং সেটে আহত হয়েছেন নায়ক আরিফিন শুভ। অ্যাকশন দৃশ্যের শুট করতে গিয়ে শরীরে আগুন লেগে যায় ঢাকাই সিনেমার এই আলোচিত নায়কের।

যদিও সিনেমার মতোই, দুর্ঘটনা নিয়েও যথারীতি চুপ শুভসহ সংশ্লিষ্টরা।

তবে শুটিং ইউনিটের একাধিক সূত্র জানিয়েছে, অ্যাকশন দৃশ্যে আরিফিন শুভর শরীরের নিচের অংশে নিয়ন্ত্রিত আগুন জ্বলার কথা ছিল। সবকিছু ঠিকভাবেই প্রস্তুত ছিল। কিন্তু ক্যামেরা ঘুরতেই পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে যায়ড়আগুন হঠাৎ ধরে উঠে শুভর পায়ে। কয়েক সেকেন্ডের ব্যবধানে শিখা আরও তীব্র হয়ে ওঠে শরীর বেয়ে।

ইউনিট সূত্রে আরও জানা যায়, আগুন লাগার পর শুভ প্রথমে নিজেই শিখা নেভানোর চেষ্টা করেন। কিন্তু আগুন থ ামছিল না। তীব্র তাপে ভারসাম্য হারিয়ে একসময় মাটিতে লুটিয়ে পড়েন তিনি। তখনই ইউনিট সদস্যরা এগিয়ে এসে আগুন নেভান। আগুন নিভে গেলেও শুভর পায়ে ক্ষত রয়ে যায়।

দুর্ঘটনার পর পরিচালক সাইফ চন্দন শুট বন্ধের সিদ্ধান্ত নিলেও শুভ পিছু হটেননি। প্রাথমিক চিকিৎসা নিয়েই ক্যামেরার সামনে দাঁড়িয়ে সেদিনের সব শুট শেষ করেন তিনি। সূত্র বলছে, পায়ে ক্ষত নিয়েই এখনও নিয়মিত শুটিং চালিয়ে যাচ্ছেন এই নায়ক।

এই দুর্ঘটনা নিয়ে পরিচালকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি আনুষ্ঠানিক মন্তব্য করতে চাননি।

আসন্ন ঈদুল ফিতরে মুক্তির প্রস্তুতি চলছে এরপর ৫৩ পৃষ্ঠায়



## আবারো আদালতে শিল্পা

আজকাল বিনোদন

কঠিন দুঃসময় পাড়ি দিতে হচ্ছে বলিউড অভিনেত্রী শিল্পা শেঠিকে। তার ব্যবসায়ী স্বামী রাজ কুন্দ্রা মুম্বাই হাইকোর্টে আবেদন জানিয়েছেন, তাদের বিরুদ্ধে জারি হওয়া লুক আউট সার্কুলার স্থগিত করা হোক। যাতে তারা লন্ডনে রাজের অসুস্থ বাবার কাছে যেতে পারেন। এই লুক আউট নোটিস জারি এরপর ৫৩ পৃষ্ঠায়



## অক্ষয়-প্রিয়াঙ্কার প্রেম নিয়ে বিস্ফোরক তথ্য!

আজকাল বিনোদন

বলিউডে গোপন সম্পর্ক আর নেপথ্যের টানাপড়েনের গল্পের শেষ নেই। তার মধ্যে অন্যতম আলোচিত জুটি ছিলেন অভিনেতা অক্ষয় কুমার ও অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। পর্দায় দু'জনের অসাধারণ রসায়ন দেখে অনেকেরই ধারণা ছিল, বাস্তব জীবনেও তাদের মধ্যে বিশেষ কিছু ছিল। এবার সেই সম্পর্ক নিয়ে বিস্ফোরক মন্তব্য করলেন প্রযোজক সুনীল দর্শন। তিনি জানালেন, এই ব্যক্তিগত টানাপড়েনের কারণেই একসময় তাকে নিজের ছবি থেকে অক্ষয় কুমারকে বাদ দিতে হয়েছিল।

এক সাক্ষাৎকারে সুনীল দর্শন বলেন, "প্রিয়াঙ্কা ও অক্ষয়ের মধ্যে একসময় কাজের কোনও অস্বস্তি ছিল না। তারা একসঙ্গে একের পর এক সফল ছবি করেছেন। ওরা দু'জনই খুব স্বচ্ছন্দ ছিল একে অপরের সঙ্গে। এমনকি 'অ্যাইত্রাজ' ছবিতেও একসঙ্গে কাজ করেছেন। প্রিয়াঙ্কা প্রথমে এই ছবিটি করতে চাইছিল না, কারণ সেখানে তাকে 'ভ্যাম্প'-এর চরিত্রে প্রস্তাব দেওয়া হয়েছিল। পরে আমি স্ক্রিপ্ট দেখে বুঝি, ছবির সবচেয়ে গুরুত্বপূর্ণ চরিত্রটিই আসলে তার। সঙ্গে সঙ্গে তাকে অফিসে ডেকে এনে ছবিটি সই করাই।"

তবে সমস্যা শুরু হয় ২০০৫ সালের 'বারসাত' ছবির শুটিং চলাকালে। এই ছবিতে অক্ষয় কুমারের সঙ্গে প্রিয়াঙ্কা চোপড়া ও ক্যাটরিনা কাইফ অভিনয় করার কথা ছিল। প্রযোজক জানান, 'আমরা টাইটেল ট্র্যাক পর্যন্ত শুট করে ফেলেছিলাম অক্ষয় ও প্রিয়াঙ্কাকে নিয়ে। কিন্তু তারপর পর্দার আড়ালে কিছু অপ্রত্যাশিত ঘটনা ঘটে। পরিস্থিতি এমন জায়গায় পৌঁছে যায়, যখন আমি বুঝে যাইড়একসঙ্গে দু'জনকে নিয়ে এই ছবি আর এগোনো সম্ভব নয়। আমাকে কারও একজনকে বেছে নিতে হবে।' এরপর ৫৩ পৃষ্ঠায়



## বচ্চন পরিবারকে বয়কটের ডাক পাপারাজ্জিদের

আজকাল বিনোদন

বলিউড অভিনেত্রী ও প্রবীণ রাজনীতিক জয়া বচ্চনের আপত্তিকর মন্তব্যে ক্ষুব্ধ হয়ে উঠেছে মুম্বাইয়ের প্রথম সারির পাপারাজ্জিরা। সম্প্রতি এক অনুষ্ঠানে পাপারাজ্জি ও সাংবাদিকদের উদ্দেশে 'নোংরা জামাকাপড়' ও 'শিক্ষাগত যোগ্যতা' নিয়ে প্রশ্ন তোলায় তারা সম্মিলিতভাবে বচ্চন পরিবারকে বয়কটের ডাক দিয়েছেন।

জয়া বচ্চন বরাবরই ছবিশিকারিদের প্রতি তার বিরক্তি প্রকাশ করে থাকেন। সম্প্রতি 'উই দ্য ওম্যান' শীর্ষক এক অনুষ্ঠানে তিনি পাপারাজ্জিদের পেশাদারিত্ব নিয়ে প্রশ্ন তুলে বলেন, 'নোংরা জামাকাপড় পরে চলে আসে, হাতে চারটে মোবাইল, ক্যামেরা। এরা কারা? এদের কি কোনো শিক্ষাগত যোগ্যতা রয়েছে?' তিনি আরও মন্তব্য করেছিলেন, 'সাংবাদিকতা মানে তারকাদের জমায়েতে ফোন হাতে পৌঁছে যাওয়া নয়। হাতে ক্যামেরা থাকলেই নিজেদের সাংবাদিক বলা যায় না। এর জন্য পড়াশোনার প্রয়োজন।'

প্রবীণ অভিনেত্রীর এহেন শব্দচয়ন নিয়ে আপত্তি তুলেছেন প্রথম সারির পাপারাজ্জিরা। ভারতীয় গণমাধ্যমকে তারা বলেন, অমিতাভ বচ্চন প্রতি রবিবার জলসার বাইরে অনুরাগীদের সঙ্গে দেখা করলে মূলধারার সংবাদমাধ্যম সে খবর না দেখালেও তারা ঠিকই পৌঁছে যান। পাপারাজ্জিদের অভিযোগ, জয়া বচ্চন 'প্যাপস' বলে যাদের আক্রমণ করেছেন, সেই তালিকায় ইউটিউবার, ভ্লগার ও অনুরাগীরাও রয়েছেন। তাদের কথায়, কাউকে এতটাও খারাপভাবে বলা এরপর ৫৩ পৃষ্ঠায়

# হাতে মেহেদি-আংটি, কনার নতুন ছবি ঘিরে বিয়ের গুঞ্জন

আজকাল বিনোদন





দেশের নন্দিত কণ্ঠশিল্পী দিলশাদ নাহার কনা। দেশ-বিদেশের মঞ্চে কিংবা প্রজেক্টে ব্যস্ত থাকেন নিজের গান নিয়েই। কিন্তু গানের বাইরে তার ব্যক্তিগত জীবন চলে এলো ফের আলোচনায়।

গত বুধবার 'দুষ্টু কোকিল' খ্যাত এই গায়িকা তার অফিসিয়াল ফেসবুক পেজে একটি ছবি পোস্ট করেছেন, যা নতুন করে এক জল্পনা উসকে দিয়েছে। ছবিতে দেখা যাচ্ছে, সবুজ শাড়ি পরা কনার দুই হাতে সুন্দর করে মেহেদি লাগানো এবং খোঁপায় ফুল।

এর পরদিন আরও একটি ছবি প্রকাশ করেন কনা। তাতে দেখা যায়, মেহেদি রাঙা হাত, অনামিকা আঙুলে আংটি। সে হাতটি ধরে রেখেছে অন্য কেউ! আর এরপরই তুঙ্গে ওঠে এই গায়িকার বিয়ের জল্পনা।

ভক্ত-নেটিজেনদের অনুমান, কাউকে না জানিয়েই ফের বিয়ের পিঁড়িতে বসছেন কনা। যদিও এসব বিষয়ে বরাবরই নীরবতা বজায় রেখে চলেন কনা। মন্তব্যের ঘরে কারও মন্তব্যের উত্তর দেননি। তবে তার পেজে প্রকাশিত একটি ভিডিওতে দেখা যায়, কেউ একজন কনাকে জিজ্ঞাসা করছেন, 'আপু হাতে কী?' এ সময় গায়িকার ফোনে থাকা তার সেই সবুজ শাড়ি পরা ছবিটি দেখিয়ে হাসিমুখে বললেন- 'মেহেদি।' এরপর ৫৩ পৃষ্ঠায়



## বিয়ে নিয়ে প্রথম মুখ খুললেন রাশমিকা

আজকাল বিনোদন

দক্ষিণী নায়িকা রাশমিকা মন্দানার বিয়ে নিয়ে মাস কয়েক ধরেই চলছে নানা গুঞ্জন। তার হাতে একটি আংটি পরা ছবিও বাড়িয়ে দেয় জল্পনা: অনুরাগীরা মনে করেন, সেটিই বাগদানের আংটি। যদিও এতদিন বিষয়টি নিয়ে চুপ ছিলেন রাশমিকা ও তার প্রেমিক অভিনেতা বিজয় দেবরকোন্ডাও। তবে প্রথমবার এ নিয়ে মুখ খুললেন রাশমিকা।

সম্প্রতি এক সাক্ষাৎকারে রাশমিকার কাছে বাগদান ও বিয়ের বিষয়ে সরাসরি প্রশ্ন রাখা হয়। রাশমিকা বলেন, "বিয়ের গুঞ্জনে আমি 'হ্যাঁ' বা 'না' কোনটাই বলতে চাই না। যখন সময় হবে, সবাইকে জানানোর মতোই জানাব।" অর্থাৎ ব্যক্তিগত জীবন নিয়ে এখনই প্রকাশ্যে কিছু বলতে চাইছেন না তিনি।

এর আগে ভারতীয় কয়েকটি এরপর ৫৩ পৃষ্ঠায়

# সিটি বাসে থাকবে টিকেট চেকার



৬৪ পৃষ্ঠার পর

নিশ্চিত করা হবে যে সমস্ত বাস যাত্রীরা ওঠার পরে তাদের ভাড়া পরিশোধ করেছেন কিনা। এমটিএ চেয়ারম্যান লিবার বলেন, এজেন্টরা গ্রাহকদের কাছে যাবে এবং বলবে, 'হ্যাঁ, আপনি কি আমাকে আপনার ফোন বা আপনার 'ওমনি' কার্ড দেখাতে পারেন? এতে নিশ্চিত হতে পারি যে আপনি ভাড়া প্রদান করেছেন। উল্লেখ্য গত বছর এমটিএ ৫৬৮ মিলিয়ন ডলার বাস ভাড়া হারিয়েছে।

লিবার ঘোষণা করেছেন যে সংস্থাটি ইউরোপীয়-অনুপ্রাণিত প্রয়োগের একটি মডেল গ্রহণ করছে যাতে পুলিশ নয়, ভাড়া এজেন্টদের জড়িত করা হবে। নিশ্চিত করা হবে যে সমস্ত বাস যাত্রীরা ওঠার পরে তাদের ভাড়া পরিশোধ করেছেন। এমটিএ বস বলেন, বাসে ভাড়া পরিশোধ কার্যকর করার জন্য পর্যাপ্ত পুলিশ অফিসার দেয়া হয় না। এমতাবস্থায় আমরা নিজেরাই পুরো সাবওয়ে সিস্টেম জুড়ে অফিসার নিয়োগ করছি। যারা এ কাজটি করবেন।

বাস ভাড়া ফাঁকির সবচেয়ে বড় সমস্যাটি আসে বাসের পিছন দিক থেকে, যেখানে ভাড়া আদায়কারীরা বাস থামানোর সময় এবং সামনের এবং পিছনের দরজা খোলা থাকা অবস্থায় আরোহণ করে।

এমটিএ দাবি করেছে যে সাবওয়েতে ভাড়া ফাঁকি দেওয়ার বিষয়টি আরও বেশি মনোযোগ পাচ্ছে, তবে বাস যাত্রীরা টাকা দিতে অস্বীকৃতি জানানোর কারণে এটি কয়েকশ মিলিয়ন ডলার হারিয়েছে। সিটিজেন বাজেট কমিশনের ওয়াচডগ গ্রুপের সেপ্টেম্বরের এক প্রতিবেদন অনুসারে, গত বছর এটি ৫৬৮ মিলিয়ন ডলার বাস ভাড়া হারিয়েছে। (সূত্র-এএমএনওয়াই)

# রিয়েল আইডি না থাকলে ৪৫ ডলার যাচাই ফি




৬৪ পৃষ্ঠার পর

হওয়ার জন্য। আগামী ১ ফেব্রুয়ারি থেকে এটি কার্যকর হবে।

যুক্তরাষ্ট্রের ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (টিএসএ) ঘোষণা করেছে, ২০২৬ সালের ১ ফেব্রুয়ারি থেকে বৈধ ও গ্রহণযোগ্য পরিচয়পত্র না দেখিয়ে বিমান ভ্রমণ করতে ইচ্ছুক সব যাত্রীকে ৪৫ ডলার ফি দিয়ে 'টিএসএ কনফার্মেশন আইডি' সংগ্রহ করতে হবে। এই সিস্টেম ব্যবহার করে বিমানবন্দরের নিরাপত্তা চেকপয়েন্টে যাত্রীর পরিচয় নিশ্চিত করা হবে। যাত্রীরা ১০ দিনের ভ্রমণ সময়ের জন্য 'টিএসএ কনফার্মেশন আইডি' ব্যবহার করতে পারবেন।

যাদের রিয়েল আইডি নেই, তাদের দ্রুত মটর ভেহিক্যাল (ডিএমভি) অফিসে গিয়ে পরিচয়পত্র আপডেট করার পরামর্শ দিয়েছে টিএসএ। বিমানবন্দরে টিএসএ যেসব পরিচয়পত্র বা আইডি গ্রহণ করবে, সেগুলো হচ্ছে- রিয়েল আইডি-সম্মত ড্রাইভিং লাইসেন্স বা স্টেট আইডি, এনহ্যান্সড ড্রাইভার্স লাইসেন্স (ইডিএল) বা এনহ্যান্সড আইডি (ইআইডি), যুক্তরাষ্ট্রের পাসপোর্ট ও পাসপোর্ট কার্ড, গ্রিনকার্ড, ওয়ার্ক পারমিট, ট্রাস্টেড ট্রাভেলার কার্ড, মার্কিন প্রতিরক্ষা বিভাগের আইডি, বর্ডার ক্রসিং কার্ড, স্বীকৃত ট্রাইবাল নেশনের ইস্যুকৃত গ্রহণযোগ্য ফটো আইডি, বিদেশি পাসপোর্ট, কানাডিয়ান প্রাদেশিক ড্রাইভিং লাইসেন্স, যুক্তরাষ্ট্রের মেরিনার ক্রেডেনশিয়াল, ভেটেরান হেলথ আইডেন্টিফিকেশন কার্ড। অস্থায়ী ড্রাইভিং লাইসেন্স গ্রহণযোগ্য নয়। গ্রহণযোগ্য পরিচয়পত্র ছাড়া সকল যাত্রী, এমনকি নন-রিয়েল আইডি স্টেট আইডি/লাইসেন্সধারীরাও বিমানবন্দরে টিএসএ চেক-ইনের সময় পরিচয় যাচাই প্রক্রিয়ায় পাঠানো হবে। এই প্রক্রিয়া বিমানবন্দরভেদে ভিন্ন হতে পারে, এবং দ্রুততার সঙ্গে অনলাইনে ফি প্রদানের ব্যবস্থা করতে বেসরকারি অংশীদারদের সঙ্গে কাজ করছে টিএসএ।

রিয়েল আইডি আইনটি ২০ বছর আগে পাশ হয়। তবে আগের প্রশাসনগুলো সঠিকভাবে তা বাস্তবায়ন করেনি। প্রেসিডেন্ট ট্রাম্পের নেতৃত্বে এবং সেক্রেটারি ক্রিস্টি নোয়েমের তত্ত্বাবধানে ২০২৫ সালের ৭ মে এই আইন পুরোপুরি কার্যকর হয়।

বর্তমানে ৯৪ শতাংশেরও বেশি যাত্রী ইতোমধ্যেই রিয়েল আইডি বা অন্য গ্রহণযোগ্য পরিচয় ব্যবহার করেন। তবে বৈধ পরিচয় না দেখালে যাত্রীদের অতিরিক্ত অপেক্ষার মুখোমুখি হতে হবে বলে সতর্ক করেছে টিএসএ।

টিএসএ-এর উপ-প্রশাসকের দায়িত্ব পালনকারী সিনিয়র কর্মকর্তা অ্যাডাম স্টালস বলেন, "পরিচয় যাচাই ভ্রমণ নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি আমাদের আকাশপথ ও রেলসহ অন্যান্য অভ্যন্তরীণ পরিবহন ব্যবস্থাকে সন্ত্রাসী, অপরাধী ও বেআইনি অভিবাসীদের হাত থেকে সুরক্ষিত রাখে। অধিকাংশ যাত্রীই রিয়েল আইডি বা পাসপোর্টের মতো গ্রহণযোগ্য পরিচয়পত্র দেখান। তবে পরিচয় নিশ্চিত করা সকল যাত্রীর ক্ষেত্রেই অপরিহার্য। ১ ফেব্রুয়ারি থেকে যারা গ্রহণযোগ্য আইডি ছাড়া বিমানভ্রমণ করতে চাইবেন, তারা ৪৫ ডলার পরিশোধ করে পরিচয় যাচাই প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। এই ফি নিশ্চিত করবে যাতে করদাতাদের নয় বরং যাত্রী নিজেই তার অপর্যাপ্ত পরিচয় যাচাইয়ের ব্যয় বহন করেন। আমরা সকল যাত্রীকে রিয়েল আইডি বা অন্য গ্রহণযোগ্য আইডি সংগ্রহের অনুরোধ করছি যাতে দেরি বা ফ্লাইট মিসের ঝুঁকি এড়ানো যায়।" টিএসএ যাত্রীদের ভ্রমণের আগে অনলাইনে ফি পরিশোধ করার আহ্বান জানায়। বিমানবন্দরে পৌঁছানোর পর যারা ফি পরিশোধ করেননি, তাদের জন্য চেকপয়েন্টের কাছে নির্দিষ্ট স্থানে অর্থপ্রদানের নির্দেশনা পাওয়া যাবে। বিমানবন্দরে পরিচয় যাচাই প্রক্রিয়ায় অংশ নিলে দেরি হওয়ার সম্ভাবনা রয়েছে।

# মামদানির প্রশাসনে কাজে আগ্রহী ৭০ হাজার আবেদন





১ পৃষ্ঠার পর

সম্ভাব্য চাকুরিচ্যুতদের জানিয়ে দেয়া হয়েছে। মেয়র ইলেক্ট জোহরান মামদানির এই সিদ্ধান্তে সিটি হলের কর্মচারীদের মধ্যে নেমে এসেছে হতাশা ও উদ্বেগ। অনেকের চোখে পানি।

উদ্বোধনের আগে অ্যাডামসের সিটি হল কর্মীদের পদত্যাগের জন্য মামদানির অনুরোধে অশ্রু এবং হতাশা

নিউ ইয়র্ক সিটি মেয়র পদে পরিবর্তনের প্রস্তুতি নেওয়ার সময়, বিদায়ী মেয়র এরিক অ্যাডামসের প্রশাসনের সদস্যরা মেয়র-নির্বাচিত জোহরান মামদানির দল প্রায় ১৮০ জন সিটি হল কর্মীর আসন্ন প্রস্থান কীভাবে পরিচালনা করছে তা নিয়ে হতাশা প্রকাশ করেছেন। গত মঙ্গলবার, মামদানির ট্রানজিশন টিম ডেপুটি মেয়রদের জানিয়ে বলেছে, তারা ১৭৬ জন কর্মচারীর তালিকা পাঠাবে যাদের নতুন প্রশাসনে চাকরি থাকবে না। ইতোমধ্যেই ডেপুটি মেয়র ১৭৬ কর্মীদের ১ জানুয়ারি থেকে সিটি হলে কাজের জন্য যেতে বারন করেছেন। চাকুরিচ্যুত কর্মীদের মধ্যে যোগাযোগ, আন্তঃসরকারি বিষয় এবং ডেপুটি মেয়রদের অফিস সহ সিটি হল অফিসের তরুণ সহকারী এবং ক্যারিয়ার সিভিল সার্ভেন্ট রয়েছে। বিদায়ী প্রশাসনের পক্ষ থেকে যোগাযোগ বিভাগের ডেপুটি মেয়র ক্যামিলেন লেভি এক বিবৃতিতে বলেছেন যে, প্রতিটি নবনির্বাচিত মেয়রের একটি নতুন দল গঠনের অধিকার রয়েছে তবে তিনি দীর্ঘদিন ধরে কোভিড-১৯, আশ্রয়প্রার্থী সংকট এবং অন্যান্য জরুরি অবস্থা পরিচালনায় সহায়তাকারী সরকারি কর্মচারীদের অপসারণের সিদ্ধান্তের সমালোচনা করেছেন। তিনি এই বরখাস্তকে "নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিশাল ক্ষতি বলে অভিহিত করেছেন এবং বলেছেন যে কর্মীদের অব্যাহতি দেওয়া হচ্ছে "রাজনৈতিক খেলাধুলার শিকার হওয়া উচিত নয়।

মামদানির ট্রানজিশন টিম নিউ ইয়র্ক টাইমসকে বলেছে যে মেয়র পদে পরিবর্তনের জন্য এই পদক্ষেপটি "স্ট্যান্ডার্ড প্র্যাকটিস কারণ তারা তাদের সিটি হল পরিকল্পনা তৈরির জন্য কাজ করে। "যাতে নতুন কর্মীদের মূল ভূমিকায় অন্তর্ভুক্ত করা হয় যাতে তারা তাদের এজেন্ডা কার্যকরভাবে সম্পন্ন করতে পারে।" নির্বাচিত মেয়রও সাংবাদিকদের সাথে এই পদক্ষেপের পক্ষেও কথা বলেছেন। তিনি বলেছেন, ট্রানজিশন টিম "একটি নগর সরকার গঠন করতে চাইছে যা সাশ্রয়ী মূল্যের এজেন্ডা পূরণ করতে পারে।

বিদায়ী ডেপুটি মেয়র লেভি বলেছেন, "আমাদের দলে এমন কিছু লোক আছে যারা তিনটি প্রশাসনের পর থেকে এখানে আছেন... দীর্ঘদিনের সরকারি কর্মচারী, সরকারি কর্মচারী। তাদের বাদ দেওয়ায় সিটি হলে এক আবেগময় পরিবেশ তৈরি হয়েছে। অনেকে কান্নায় ভেঙে পড়ছেন।

বিদায়ী প্রশাসনের ডেপুটি মেয়র ক্যামিলেন লেভি এক বিবৃতিতে বলেছেন যে, প্রতিটি নবনির্বাচিত মেয়রের একটি নতুন দল গঠনের অধিকার রয়েছে তবে তিনি দীর্ঘদিন ধরে কোভিড-১৯, আশ্রয়প্রার্থী সংকট এবং অন্যান্য জরুরি অবস্থা পরিচালনায় সহায়তাকারী সরকারি কর্মচারীদের অপসারণের সিদ্ধান্তের সমালোচনা করেছেন। তিনি এই বরখাস্তকে "নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিশাল ক্ষতি বলে অভিহিত করেছেন এবং বলেছেন যে কর্মীদের অব্যাহতি দেওয়া হচ্ছে "রাজনৈতিক খেলাধুলার শিকার হওয়া উচিত নয়।"

এদিকে মামদানির টিমে কাজ করতে ইতোমধ্যে ৭০ হাজার লোক আবেদন করেছে। এসব আবেদনের ব্যাপারে এখন সিদ্ধান্ত হয় নি। তবে মামদানির ট্রানজিশনাল টিম ১৭টি কমিটিতে ৪০০ জনেরও বেশি লোককে নিয়োগ করেছে। যাতে বিভিন্ন এথনিক কমিউনিটি, প্রফেশনাল ও একটিভিস্টরা স্থান পেয়েছেন।

# ওয়ার্ক পারমিট মেয়াদ ৫ বছরের স্থলে ১৮ মাস

১ পৃষ্ঠার পর

শরণার্থী, আশ্রয়প্রাপ্ত ব্যক্তি, যাদের নির্বাসন বা অপসারণ স্থগিত করা হয়েছে এবং যাদের অবস্থা সামঞ্জস্যের জন্য মুলতুবি আবেদন রয়েছে তাদের চাকরির সুযোগকে প্রভাবিত করবে। ইউএসসিআইএসের পরিচালক জোসেফ এডলো এক বিবৃতিতে বলেন, কর্মসংস্থান অনুমোদনের জন্য সর্বোচ্চ বৈধতা সময়কাল হ্রাস করা নিশ্চিত করবে যে, 'যারা যুক্তরাষ্ট্রে কাজ করতে চান তারা জননিরাপত্তাকে হুমকির মুখে ফেলবেন না বা ক্ষতিকারক আমেরিকান বিরোধী মতাদর্শ প্রচার করবেন না।'

তিনি আরও বলেন, 'আমাদের দেশের রাজধানীতে ন্যাশনাল গার্ড সার্ভিসের সদস্যদের ওপর হামলার পর একজন বিদেশি, যাকে পূর্ববর্তী প্রশাসন এই দেশে থাকার সুযোগ দিয়েছিল, এটা আরও স্পষ্ট যে ইউএসসিআইএসকে অবশ্যই বহিরাগতদের ঘন ঘন পরীক্ষা করতে হবে।

ইউএসসিআইএস এবং ট্রাম্প প্রশাসন ওয়াশিংটন, ডি. সি.-তে একটি মেট্রো স্টেশনের বাইরে দুই সেনা সদস্যকে গুলি করার পর একজন নিহত হয়েছেন। তারপরই অভিবাসন বিধিনিষেধ এবং প্রয়োগ জোরদার করেছে, কথিত শুটার রহমানুল্লাহ লাকানওয়াল, একজন আফগান নাগরিক যিনি বাইডেন প্রশাসনের অপারেশন অ্যালাইস ওয়েলকাম প্রোগ্রামের অধীনে ২০২১ সালে প্রথম দেশে প্রবেশ করেছিলেন। চলতি বছরের শুরুতে ট্রাম্প প্রশাসনের অধীনে লাকানওয়ালকে আশ্রয় দেওয়া হয়েছিল। গুলিবর্ষণের পর থেকে ইউএসসিআইএস ট্রাম্প প্রশাসনের দ্বারা উচ্চ ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত ১৯টি দেশের বিদেশী নাগরিকদের সমস্ত সুবিধার অনুরোধে বিরতি জারি করেছে। বেনিফিট অনুরোধের বিরতি নিম্নলিখিত ১৯ টি দেশের ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য। দেশগুলো হলো আফগানিস্তান, বার্মা, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, নিরক্ষীয় গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান, ইয়েমেন, বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান এবং ভেনিজুয়েলা।

শেষ পাতার পর

বিশেষ অতিথী হিসাবে ছিলেন ওয়ার্ল্ড হিউম্যান রাইটস্ সভাপতি ড. রফিকুল ইসলাম এবং কমিউনিটি এক্টিভিস্ট মূলধারার রাজনীতিবিদ মোর্শেদ আলম বিশাল কেক এবং টার্কি কাটার মধ্য দিয়ে থ্যাংস গিভিং ডে অনুষ্ঠান শুরু হয়। আলোচনার শুরুতে এ্যাডভোকেট জাহেদুর রহমান মোল্লা থ্যাংস গিভিং ডে পালনের ঐতিহাসিক ঘটনা বিষয়ে আলোচনা করেন। এরপর উপস্থিত ব্যক্তিবর্গ সবায় একে অপরের প্রতি ধন্যবাদ আদান প্রদান সহ ক...তজ্ঞতা প্রকাশ করতে থাকেন। থ্যাংস গিভিং ডে উপলক্ষ্যে সভাপতি এ্যাডভোকেট মাহাবুবার রহমান বকুল ও আবদুস সালাম শুভে"ছা বক্তব্য রেখে সবার প্রতি ধন্যবাদ ও ক...তজ্ঞতা প্রকাশ করেন। প্রধান অতিথি এ্যাটোর্নী মঈন চৌধুরী, সংগঠনের মুল বিষয় বস্' সহ থ্যাংস গিভিং ডে বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, আমরা সবাই একে অন্যের প্রতি ক...তজ্ঞতা প্রকাশ করবো। সংগঠনের উপদেষ্ঠা জনাব এ্যাডভোকেট সাইদ মইন উদ্দিন জুনেল সবার প্রতি শুভে"ছা ও ক...তজ্ঞতা প্রকাশ করতঃ, দেশে প্রবাসীদের কল্যানে বিশেষ ট্রাইবুনাল গঠনের জোড়ালো দাবী জানান। সহসভাপতি এ্যাডভোকেট মোহাম্মাদ আলী বাংলাদেশ সরকারের নিকট দাবী রেখে বলেন, প্রবাসীদের ভোটাধিকারের সহ আমরা দেশে অবদান রাখতে চাই, রাষ্ট্র এবং সরকার ব্যাবস্থা পরিচালনার ক্ষেত্রে আমরা প্রবাসীরা অংশীদারিত্ব চাই। সাধারন সম্পাদক মোঃ রাকিবুজ্জামান খান তনু বলেন, দেশে প্রবাসীরা যাতে পূর্ন নিরাপত্তা পান, সে লক্ষ্যে "প্রবাসী সুরক্ষা মূলক বিশেষ আইন চাই, প্রবাসী বিশেষ ট্রাইবুনাল চাই, ঢাকা বিমান বন্দরের অনিয়ম দুর করার জন্য " মোবাইল কোর্ট ব্যাবস্থা" চাই। সহসভাপতি মোহাব্বত আলী আকন্দ তনু খানের দাবী সংগে একমত পোষন করে বলেন, দেশে সরকারের পালা বদল হয়, গত কুড়ি বছরে প্রবাসীদের কোন দাবী পুরন হয় নাই। সহসভাপতি এ্যাডভোকেট কামাল উদ্দিন সিদ্দিক দেশের সরকারের নিকট দাবী রেখে বলেন, ঢাকা বিমান বন্দরে প্রবাসী হয়রানী বন্দ করা হোক এবং অতি সত্বর মোবাইল কোর্ট ব্যাবস্থা চালু করা হোক। যুগ্ম সাধারন সম্পাদক এ্যাডঃ নজরুল ইসলাম, থ্যাংস গিভিং ডে উপলক্ষ্যে সবার প্রতি শুভে"ছা ও ক...তজ্ঞতা জ্ঞাপন করেন। সভায় উপস্থিত অন্যান্যদের মধ্য বক্তব্য রাখেন এ্যাডঃ আবুল বাশার, এ্যাডঃ হুমায়ুন কবীর চৌ, এ্যাডঃ সাহাব উদ্দিন, এ্যাডঃ রেশমা ইয়াসমিন, এ্যাডঃ রোকশানা আক্তার, এ্যাডঃ শ্রী জয়দিত আচার্য, এ্যাডঃ কাওসার পারভিন চৌ, এ্যাডঃ নাসিমুল আক্তার, এ্যাডঃ শাহেদা আক্তার, এ্যাডঃ সাথু পাটোয়ারী, এ্যাডঃ জেসমিনা খানম, মোঃ হাসান, এ্যাডঃ মশিউর রহমান, এ্যাডঃ কামরুজ্জামান বাবু, এ্যাডঃ সেলিম, এ্যাডঃ তাজুল, এ্যাডঃ মাহাবুব আলম (বড়ড)দিলীপ কুমার সাহা, আমিনুল ইসলাম মুহা, এ্যাডঃ তাহমিনা আক্তার সুইটি, এ্যাডঃ কোবরাতুন নেছা, এ্যাডঃ শাহ জালাল টগর, শহিদুল ইসলাম, খন্দকার মিজানুর রহমান, রেজাউল কবীর। অনুষ্ঠানে গান পরিবেশন করেন, এ্যাডঃ টগর। ডিনার শেষে সভাপতি সাহেব উপস্থিত সবার প্রতি ক...তজ্ঞতা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।













First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers

The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান




যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR
- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection
Certified Training Institute by: BPSS
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!





Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician





আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**





রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর

Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.





Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেষ্ট রেট কম
- ফাষ্ট ক্লোজিং
- ইনভেষ্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত





139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain








# বাংলা ট্রাভেলসের প্রেসিডেন্ট এন্ড সিইও মোহাম্মদ বি হোসাইন বেলালের আমন্ত্রণে এমিরেটস এয়ারলাইন্সের কর্মকর্তাসহ আটাবের কর্মকর্তাদের নৈশভোজের খণ্ডচিত্র





































Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to
PCA & HHA
Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com




ঈদ উপলক্ষে
10%
DISCOUNT
DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# বাংলাদেশের দলে যুক্ত হচ্ছেন জীবন

## এশিয়া কাপ

আজকাল স্পোর্টস

চলতি মাসের দ্বিতীয় সপ্তাহে আরব আমিরাতের মাটিতে গড়াতে যাচ্ছে অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ। যেখানে অংশগ্রহণ করবে বাংলাদেশ দলও। আর সেই টুর্নামেন্টের জন্য আনুষ্ঠানিক সূচিও ঘোষণা করেছে এসিসি। যেখানে অংশ নিতে আগামী ১০ ডিসেম্বর আরব আমিরাতে যাবে বাংলাদেশ দল।

তবে বাংলাদেশ দলের স্কোয়াড শক্তিশালি করতে যুক্ত হচ্ছেন শেখ পারভেজ জীবন। ২০২৪ সালের যুব দলের সদস্য ছিলেন তিনি। এরপর আর যুবা দলের হয়ে খেলেননি জীবন, ছিলেন এইচপিতে।

তবে ১৯ বছর বয়স পূর্ণ হতে এখনো কয়েকমাস বাকি রয়েছে জীবনের। যে কারণে তারকা এই স্পিনারকে এশিয়া কাপের দলে যুক্ত করতে যাচ্ছে বাংলাদেশ দল।



ঢাকা পোস্টকে বিসিবির একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

যুব দলের ওয়ানডে ফরম্যাটের এই মহাদেশীয় প্রতিযোগিতা শুরু হবে ১২ ডিসেম্বর থেকে। যেখানে সরাসরি অংশ নেবে ৫টি দল- বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও আফগানিস্তান। এর বাইরে বাছাইপর্ব খেলে উঠছে নেপাল, মালয়েশিয়া, সংযুক্ত আরব আমিরাত।

১৩ ডিসেম্বর নিজেদের প্রথম ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। এরপর ১৫ ডিসেম্বর কোয়ালিফায়ার ২ থেকে আসা নেপাল দলের বিপক্ষে নামবে আজিজুল হাকিম তামিমের দল। এ ছাড়া গ্রুপ পর্বের শেষ ম্যাচে ১৭ ডিসেম্বর শ্রীলঙ্কার বিপক্ষে লড়বে যুবা টাইগাররা। এশিয়া কাপ সামনে রেখে গেল (মঙ্গলবার) থেকেই ক্যাম্প শুরু করেছে বাংলাদেশের যুবারা।




## নতুন নির্বাচকের খোঁজে বিসিবি

আজকাল স্পোর্টস

চলতি বছরের ফেব্রুয়ারিতে জাতীয় দলের নির্বাচকের পদ থেকে সরে দাঁড়ান হান্নান সরকার। হান্নানের পদত্যাগের পরের সাত মাস গাজী আশরাফ হোসেন লিপু এবং আব্দুর রাজ্জাক দায়িত্ব চালিয়ে নেন। পরে গেল সেপ্টেম্বর মাসে নতুন করে বিসিবি হান্নানের জায়গায় হাসিবুল হোসেন শান্তকে নির্বাচকের দায়িত্ব দেয়।

নতুন করে শান্ত যুক্ত হওয়ায় নির্বাচক প্যানেলের সদস্য দাঁড়ায় ৩ এরপর ২৪ পৃষ্ঠায়





## চুক্তি বহাল থাকছে সালাউদ্দিনের বিশ্বকাপে যাচ্ছেন আশরাফুলও

আজকাল স্পোর্টস

ওয়েস্ট ইন্ডিজ সিরিজ শেষের পরপরই জাতীয় দলের সিনিয়র সহকারী কোচের দায়িত্ব ছাড়তে চেয়েছিলেন মোহাম্মদ সালাউদ্দিন। তখন বিসিবিতে একটি পদত্যাগপত্রও জমা দিয়েছিলেন তিনি। তবে সেই পদত্যাগপত্র গ্রহণ করা হয়নি বলে এবার জানালেন বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান নাজমুল আবেদীন ফাহিম। অর্থাৎ চুক্তি চলমান থাকছে ঘরোয়া ক্রিকেটের অন্যতম সফল এই কোচের সঙ্গে।

আগামী দুই মাস কোনো আন্তর্জাতিক সিরিজ নেই বাংলাদেশের। ফেব্রুয়ারিতে শুরু হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। চুক্তি বহাল থাকায় সে বিশ্বকাপে দলের সঙ্গেই থাকছেন সালাউদ্দিন। ২০২৭ ওয়ানডে বিশ্বকাপ পর্যন্ত সালাউদ্দিনের সঙ্গে চুক্তি আছে বিসিবির।

এদিকে, আয়ারল্যান্ডের বিপক্ষে কেবল এক সিরিজের জন্য জাতীয় দলের ব্যাটিং কোচের দায়িত্ব দেয়া হয়েছিল মোহাম্মদ আশরাফুলকে। তবে এবার সেই চুক্তি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে বিসিবি। টি-টোয়েন্টি বিশ্বকাপে দলের সঙ্গেই থাকছেন তিনি।

এরপর ২৪ পৃষ্ঠায়



## টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে যে পরিকল্পনা লিটনের

আজকাল স্পোর্টস

আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে ভারত ও শ্রীলঙ্কায় বসবে টি-টোয়েন্টি বিশ্বকাপের আসর। সেখানে খেলবে বাংলাদেশ দলও। বিশ্বকাপের আগে সবশেষ আয়ারল্যান্ড সিরিজ জিতে নিয়েছে টাইগাররা। প্রথম টি-টোয়েন্টি ম্যাচে হারের পর দারুণভাবে ফিরেছিল বাংলাদেশ দল।

পরের দুই টি-টোয়েন্টি ম্যাচ জিতে আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজ নিজেদের করে নেয় টাইগাররা। আজ বৃহস্পতিবার রাজধানী উত্তরার একটি স্কুলের স্পোর্টস ডেতে উপস্থিত হয়ে লিটন জানালেন বিশ্বকাপ নিয়ে ভাবনার কথা।

তিনি বলেন, 'যেখানেই খেলতে যাই না কেন, লক্ষ্য সবসময় বড় থাকে। আমাদের ম্যাচ বাই ম্যাচ এগোতে হবে। চেষ্টা থাকবে প্রতিটি ম্যাচ জিততে। কতটা সফল হব জানি না, তবে চেষ্টায় কোনো কমতি থাকবে না।'

চলতি মাসের ২৬ ডিসেম্বর শুরু হচ্ছে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল)। বিপিএলের পারফরম্যান্স বিশ্বকাপের প্রস্তুতিতে বড় ভূমিকা রাখবে বলে মনে করেন লিটন, 'বিপিএলও টি-টোয়েন্টি ফরম্যাটের। বিপিএলে জাতীয় দলের ক্রিকেটাররা ভালো পারফর্ম করতে পারলে বিশ্বকাপের আগে আত্মবিশ্বাস অনেক বাড়বে।'

বর্তমান বাংলাদেশের টি-টোয়েন্টি দলই কি বিশ্বকাপে যাবে এমন প্রশ্নে লিটন বলেন, 'অভিজ্ঞতার গুরুত্ব বেশি হলেও দরজা সবার জন্যই খোলা। যারা অনেকদিন ধরে এই ফরম্যাটে খেলছে তাদের প্রাধান্যটাই বেশি। তবে যদি বিপিএলে কেউ অসাধারণ পারফর্ম করে এবং কোচ নির্বাচকরা মনে করেন তাকে প্রয়োজন, তাহলে অবশ্যই জায়গা খোলা আছে।'

## ইফতিখার ও ওমরজাইকে দলে ভেড়ালো বিপিএলের দুদল

আজকাল স্পোর্টস

নিলামের পরও একের পর এক বিদেশি খেলোয়াড়কে দলে ভিড়িয়ে যাচ্ছে বিপিএলের ফ্র্যাঞ্চা-ইজিগুলো। মোহাম্মদ নবি, সালমান ইরশাদ, ফাহিম আশরাফদের পর এবার যুক্ত হলো আরও দুই নাম।

পাকিস্তানি অলরাউন্ডার ইফতিখার আহমেদকে দলে ভেড়ালো রংপুর রাইডার্স। আর সিলেট টাইটান্স দলে টানলো আফগান পেস বোলিং অলরাউন্ডার আজমতউল্লাহ ওমর-জাইকে। দুই ফ্র্যাঞ্চাইজি-ই নতুন খেলোয়াড় যুক্ত করার বিষয়টি বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) সামাজিক মাধ্যমে নিশ্চিত করেছে।

বিপিএলের ১২তম আসরকে সামনে রেখে বেশ শক্তিশালী দলই গঠন করেছে রংপুর রাইডার্স। স্কোয়াডের শক্তি বাড়াতে এবার তারা যুক্ত করলো ইফতিখারকে। গত আসরে রংপুরের হয়ে ১২ ম্যাচ খেলেন ইফতিখার। প্রায় ৪৪ গড়ে ৩০৫ রান





আসে তার ব্যাটে। মিডল অর্ডারে ১২০ এর কাছাকাছি স্ট্রাইক রেটে ব্যাটিং করেন তিনি। এ ছাড়া বোলিংয়ে নেন ৫ উইকেট। তার আগে ২০২৩ সালের বিপিএলেও খেলেন এই পাকিস্তানি।

নিলামের বাইরে ইফতিখারের আগে পাকিস্তানি পেসার ফাহিম আশরাফকেও দলে ভিড়িয়েছে রংপুর। তাতে সব মিলিয়ে ফ্র্যাঞ্চাইজিটির বিদেশি খেলোয়াড়ের সংখ্যা গিয়ে দাঁড়ালো ৬। নিলামের আগে পাকিস্তানি ব্যাটার খাজা নাফে ও স্পিনার সুফিয়ান মুকিমের সঙ্গে সরাসরি চুক্তি করেছিল তারা। এরপর নিলামে ইংলিশ ব্যাটার এমেলিও গে ও পাকিস্তানি ব্যাটার মোহাম্মদ আখলাককে দলে নিয়েছিল তারা।

এদিকে দলের শক্তি বাড়াতে নিলামের পর পাকিস্তানি পেসার সালমান ইরশাদের পর আফগান তারকা অলরাউন্ডার ওমরজাইকে দলে ভেড়ালো সিলেট এরপর ৪৫ পৃষ্ঠায়



## এমবাপ্পে ম্যাজিকে খরা কাটলো রিয়ালের

আজকাল স্পোর্টস

লা লিগায় টানা তিন ম্যাচ জয়বঞ্চিত থেকেছে রিয়াল মাদ্রিদ। অবশেষে জয়ের দেখা পেয়েছে লস ব্লাঙ্কোস। কিলিয়ান এমবাপ্পের জোড়া গোলে অ্যাথলেটিক বিলবাওকে ৩-০ গোলে হারিয়েছে তারা। এই জয়ে ১৫ ম্যাচে ৩৬ পয়েন্ট নিয়ে টেবিলের দুই নম্বরে রয়েছে রিয়াল। শীর্ষে থাকা বার্সেলোনার চেয়ে এক পয়েন্ট পেছনে।

এরপর ২৪ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


# আবারো আদালতে শিল্পা

৪৬ পৃষ্ঠার পর

করা হয়েছে মুম্বাই পুলিশ কমিশনারেটের ইকোনমিক অফেন্সেস উইংয়ের দায়ের করা ৬০ কোটি টাকার প্রতারণা মামলার প্রেক্ষিতে। অভিযোগটি করেন লোটাস ক্যাপিটাল ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের ডিরেক্টর দীপক কোঠারি। তারকা-দম্পতির আবেদনে বলা হয়েছে, ১০ নভেম্বর রাজের বাবার ক্রনিক এবং অজানা উৎসের আয়রন-অ্যামোনিয়া ঘাটতি ধরা পড়ে, যার কারণে মারাত্মক জটিলতা ও রক্তক্ষরণ হয়েছে। চিকিৎসকেরা তাকে পুনরায় ক্যাপসুল এন্ডোস্কোপি বা ডাবল-বেলুন এন্টারোস্কোপির পরামর্শ দিয়েছেন। পিটিশনে আরও উল্লেখ করা হয়, তিনি বারবার শ্বাসকষ্টে ভুগছেন এবং তার শারীরিক অবস্থার দিন দিন অবনতি হচ্ছে। তাই যত দ্রুত সম্ভব লন্ডনে যাওয়ার অনুমতি চেয়ে তারা আগামী ২০ জানুয়ারি পর্যন্ত ভ্রমণের সময়সীমা চেয়েছেন।

শুনানির সময় দীপকের আইনজীবী সময় চান। তিনি জানান, শিল্পার বিরুদ্ধে তিনি মিথ্যা বিবৃতি দেওয়ার অভিযোগে একটি আবেদন করেছেন। তার দাবি, আগের একটি মামলায় শিল্পা যে হলফনামা জমা দিয়েছিলেন, তা যে নোটারি অ্যাটেস্ট করেছিলেন, তিনি নাকি স্বাক্ষরের সময় শিল্পাকে উপস্থিত দেখেননি। এমনকি দুটি নথিতে থাকা শিল্পার স্বাক্ষরও নাকি এক নয় বলে অভিযোগ উঠেছে। শিল্পার আইনজীবী জানান, তারা এখনও মিথ্যা বিবৃতি দেওয়ার অভিযোগে আবেদনটির কপি পাননি এবং জবাব দাখিলের জন্য সময় প্রয়োজন।

এই পরিস্থিতিতে বিচারপতি অজেয় গড়করি ও আর আর ভোঁসলে সমন জারি করে বিষয়টি দু'সপ্তাহ পরে শুনানির জন্য তালিকাভুক্ত করেছেন। দীপকের অভিযোগ, শিল্পা ও রাজের বর্তমানে বন্ধ হয়ে যাওয়া সংস্থা 'বেস্ট ডিল টিভি প্রাইভেট লিমিটেড' -এ তিনি ৬০ কোটি টাকা বিনিয়োগ করেছিলেন। কিন্তু ওই পুরো টাকাটাই ব্যক্তিগত স্বার্থে আত্মসাৎ করেছেন বলি-অভিনেত্রী ও তার স্বামী বলে অভিযোগ।

ইসলামী ছাত্রী সংস্থার নেতৃত্বে আবারও মুনজিয়া ও উম্মে আরওয়াইসলামী ছাত্রী সংস্থার নেতৃত্বে আবারও মুনজিয়া ও উম্মে আরওয়া

দীপকের দাবি, তাকে আশ্বাস দেওয়া হয়েছিল নির্দিষ্ট সময়ের মধ্যে ১২% বার্ষিক সুদ-সহ টাকা ফেরত দেওয়া হবে এবং ২০১৬ সালের এপ্রিলে শিল্পা ব্যক্তিগতভাবে লিখিত গ্যারান্টিও দিয়েছিলেন। কিন্তু কয়েক মাসের মধ্যেই সেই সংস্থার ডিরেক্টর পদ থেকে ইস্তফা দেন। এদিকে শিল্পা এবং রাজ দুজনেই পৃথক পিটিশন দায়ের করে এফআইআর খারিজ করার আবেদন জানিয়েছেন।


# BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY




- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370

realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245

# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন,
বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


# অক্ষয়-প্রিয়াঙ্কার প্রেম নিয়ে বিস্ফোরক তথ্য !

৪৬ পৃষ্ঠার পর

কঠিন সেই সিদ্ধান্ত প্রসঙ্গে সুনীল দর্শনের স্পষ্ট বক্তব্য, 'স্কুল যদি কেউ করে থাকে, তাহলে তার জন্য কেন একজন নারী শিল্পীকে ভুগতে হবে? আমার যুক্তি ছিল খুব পরিষ্কারভাবে প্রিয়াঙ্কার সঙ্গেই যাব। সিদ্ধান্তটা আমার জন্যও খুব কঠিন ছিল। অনেক শট ইতিমধ্যেই হয়ে গিয়েছিল, সবটাই বাতিল করতে হয়।' এরপর তার এক বন্ধুর পরামর্শে ছবিতে অক্ষয়ের জায়গায় নেওয়া হয় ববি দেওলকে।

পরবর্তীতে এই প্রকল্প থেকে সরে যান ক্যাটরিনা কাইফও। তার জায়গায় অভিনয়ের সুযোগ পান বিপাশা বসু।

এই ঘটনার পর আর কখনও একসঙ্গে কাজ করেননি অক্ষয় কুমার ও প্রিয়াঙ্কা চোপড়া। এর আগে তারা একসঙ্গে অভিনয় করেছিলেন 'মুঝসে শাদি করোগি', 'ওয়াক্ত', 'আন্দাজ', 'আইত্রাজ'-এর মতো জনপ্রিয় ছবিতে।

সুনীল দর্শনের এই মন্তব্য পুরনো সেই গুঞ্জন আবার নতুন করে আলোচনায় ফিরে এলো বলিউডে।

সূত্র: দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস

# আগুনে আহত আরিফিন শুভ

৪৬ পৃষ্ঠার পর

অ্যাকশনধর্মী 'মালিক' সিনেমার। যেখানে আরিফিন শুভর বিপরীতে আছেন বিদ্যা সিনহা মিম। চিত্রনাট্য লিখেছেন সিদ্দিক আহমেদ।

# বিয়ে নিয়ে প্রথম মুখ খুললেন রাশমিকা

৪৬ পৃষ্ঠার পর

সংবাদমাধ্যমের প্রতিবেদনে দাবি করা হয়েছিল, চলতি বছরের অক্টোবরে হায়দরাবাদে ঘনিষ্ঠ কিছু পরিবারের উপস্থিতিতে রাশমিকা-বিজয়ের বাগদান সম্পন্ন হয়েছে। বিজয়ের টিমের একজন সদস্যও নাকি বিষয়টির সত্যতা নিশ্চিত করেছিলেন।

এদিকে আরও এক সূত্র জানায়, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে তাদের বিয়ের আয়োজন হচ্ছে ভারতের রাজস্থানের উদয়পুরে। প্রস্তুতিও নাকি শুরু হয়েছে দুই পক্ষের পরিবার থেকে।

# বচ্চন পরিবারকে বয়কটের ডাক পাপারাজ্জিদের

৪৬ পৃষ্ঠার পর

উচিত নয়। তাই আত্মসম্মান বজায় রাখতে নিজেদের সহকর্মীদের প্রতি তারা বচ্চন পরিবারকে বয়কট করার আহ্বান জানিয়েছেন।

যদিও বলিউডের তারকা পরিবারগুলোর মধ্যে বচ্চনরা অন্যতম হওয়ায় পাপারাজ্জিরা শেষ পর্যন্ত সেই পথে হাঁটেন কি না, তা সময়ই বলবে।





# হাতে মেহেদি-আংটি, কনার নতুন ছবি ঘিরে বিয়ের গুঞ্জন

৪৬ পৃষ্ঠার পর

উল্লেখ্য, চলতি বছর স্বামী মো. ইফতেখার শহীদের সঙ্গে বিচ্ছেদ হয় কনার। ৭ বছর প্রেম করে ২০১৯ সালের ২১ এপ্রিল বিয়ে করেছিলেন তারা। ছয় বছর সংসারও করেন। গত ২৫ জুন এক পোস্টের মাধ্যমে নিজেদের বিচ্ছেদের খবর জানান দেন তারা। শোনা যায়, পরকীয়ায় নাকি জড়িয়েছিলেন কনা, মো. শাহরিয়ার সাঈদ (শুভ্র) নামের এক গিটারিস্টের সঙ্গে প্রেম করছিলেন। এখন তাকেই বিয়ে করছেন কি না, নাকি অন্যকিছু- তা সময়ই বলে দেবে।

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
# ক্রেডিট রিপেয়ার

POOR FAIR GOOD EXCELLENT

আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

929-386-6426
929-386-4705

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite#5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)
www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH
State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)
Citizenship Without Exam N-648 Waiver
Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন
* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



# ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

# Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
